প্রশিক্ষণ ডিজাইনে অসংখ্য সিস্টেম্স এ্যাপ্রোচ ব্যবহৃত হতে পারে। কালিক প্রেক্ষাপটে বৈশ্বিক নারী উন্নয়নের বিষয়টি ঐতিহাসিকভাবে ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণে বিবেচনায় নেয়া হয়েছে। এটা কখনো কল্যাণ (welfare), কখনো সক্ষমতা (efficiency) বৃদ্ধি, দারিদ্র্য প্রতিরোধ (anti-poverty), সমতা (equity) এবং কখনো বা আবার ক্ষমতায়ন (empowerment) ও মূলস্রোতধারায়ন (mainstreaming) ইত্যাদি দৃষ্টিকোণে দেখা হয়েছে ( UNDP-FEMNET,2000, pp. 5-6)। জেন্ডার প্রশিক্ষণ সাহিত্যে প্রশিক্ষণ ডিজাইনে মূলত পাঁচটি সিস্টেম্স এ্যাপ্রোচের প্রচলন দেখা যায়। এগুলো হচ্ছে ঃ (১) ধারণাগত এ্যাপ্রোচ (The Conceptual Approach), (২) নীতি-বিশ্লেষণ এ্যাপ্রোচ (The Policy Analysis Approach), (৩) প্রায়োগিক এ্যাপ্রোচ (The Empirical Approach), (৪) কর্ম-প্রতিফলন এ্যাপ্রোচ (The Action-Reflection Approach) এবং (৫) অভিজ্ঞতাপ্রসূত এ্যাপ্রোচ (The Experiential Approach)। জেন্ডার প্রশিক্ষণ বিশারদগণ বিদ্যমান সিস্টেম্স এ্যাপ্রোচকে মূলত উপর্যুক্ত পাঁচটি ভাগে (Royal Tropical Institute, 1998, pp. 38-43) বিভক্ত করলেও বাস্তবত প্রশিক্ষণ সাহিত্যে ভিন্ন ধারার আরো কতগুলো উল্লেখ্যযোগ্য সিস্টেম্স এ্যাপ্রোচের উপস্থিতি লক্ষণীয়। এগুলো হচ্ছে : (৬) নারী-কল্যাণ এ্যাপ্রোচ (The Women's Welfare Approach), (৭) প্রাতিষ্ঠানিক এ্যাপ্রোচ (The Institutional Approach), (৮) জেন্ডার-চাহিদা এ্যাপ্রোচ (The Gender-Needs Approach), (৯) সামাজিক উন্নয়ন এ্যাপ্রোচ (The Social Development Approach), এবং (১০) অংশগ্রহণমূলক কর্মশালা এ্যাপ্রোচ (The Participatory Workshop Approach) ইত্যাদি।

উপর্যুক্ত এ্যাপ্রোচগুলো বিশ্লেষণে দেখা যায় যে, এ্যাপ্রোচগুলোর মধ্যে কোন কোন ক্ষেত্রে পারস্পরিক প্রাবরণ (Overlapping) রয়েছে, বিভিন্ন দৃষ্টিকোণে রয়েছে এগুলোর প্রায়োগিক সীমাবদ্ধতা এবং সবচেয়ে বড় কথা হলো, এগুলোর মধ্যে কোন এ্যাপ্রোচই একক-অনুশীলনে জেন্ডার উন্নয়নের মূল লক্ষ্য অর্জনে কার্যকর ভূমিকা পালনে সক্ষম নয়। এ্যাপ্রোচগুলো অনেকাংশে বিক্ষিপ্ত এবং জেন্ডার উন্নয়নের লক্ষ্য অর্জনে বাস্তবত এগুলো আদৌ কোন প্রভাব সৃষ্টির ক্ষমতা রাখে কি-না সে সম্পর্কে বিশেষজ্ঞ মহলে সংশয় রয়েছে (Abu-Habib, Lina, 1998, p. 60)। কাসেন্টের মতে, জেন্ডার প্রশিক্ষণ মূলত উন্নয়ন সহযোগীদের অর্থায়নের ওপর নির্ভরশীল। এটি এখনো প্রাতিষ্ঠানিক রূপ পরিগ্রহ করেনি এবং বিদ্যমান পরিসরে এটি টেকসই হবারও কোন অবকাশ নেই। বিদ্যমান বিভিন্ন সিস্টেম্স এ্যাপ্রোচের আওতায় নক্শায়িত (Designed) জেন্ডার প্রশিক্ষণ প্রান্তিক জনগোষ্ঠীর আদৌ কোন উপকারে আসে কি-না বা এ প্রশিক্ষণ কথিত উদ্দেশ্যাবলী অর্জনে সমর্থ কি-না, এ ব্যাপারে বিশেষজ্ঞদের সংশয়-মিশ্রিত প্রশ্ন এখন খুবই জোরে-সোরে উচ্চারিত হচ্ছে (Kasente, H. Deborah, 1998, p. 65-67) । বিশেষজ্ঞদের বাস্তব অভিজ্ঞতা বিশ্লেষণে দেখা যাচ্ছে, মূলত জেন্ডার প্রশিক্ষণকে কেউই ধারণ (own) করেনা।

ফলপ্রসূ ও টেকসই জেন্ডার প্রশিক্ষণ প্রদানে সত্যিকার অর্থে কারো কোন প্রশিক্ষণ এজেন্ডা নেই। উন্নয়ন সহযোগীদের অর্থ পেলে এবং সময় থাকলে সংশ্লিষ্টরা এ জাতীয় প্রশিক্ষণের আয়োজন করেন (Abu-Habib, Lina, 1998, p. 61)। উন্নয়নশীল বিশ্বের বিভিন্ন অঞ্চলে এ পর্যন্ত পরিচালিত জেন্ডার প্রশিক্ষণ কার্যক্রম বিদ্যমান বাস্তবতায় উন্নয়ন সহযোগীদের নিছক দাতব্য কার্যক্রমে (Charity Functions) পরিণত হয়েছে। আমলাতান্ত্রিক স্বজন-প্রীতির বেড়াজালে তাদের স্থানীয় সহযোগী হিসেবে কিছু কিছু চমৎকার জন-সংযোগের অধিকারী লোক (!) রাতারাতি বিশেষজ্ঞ পরামর্শক হিসেবে আবির্ভূত হন এবং এই দাতব্য কার্যক্রমে তাঁদের অমূল্য অবদানের (!) সম্মানীস্বরূপ বিদ্যমান বাজার মূল্যের বহু-গুণীতক হারে পারিতোষিক লাভ করেন। আর প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নের নামে গৃহীত সমাজে ব্যাপক প্রভাব সৃষ্টিকারী প্রকল্পটির একদিন এভাবেই পরিসমাপ্তি ঘটে এবং তা পরবর্তী উন্নয়নে আর একটি নতুন প্রকল্প গ্রহণের দ্বার উন্মোচন করে।

জাতি সংঘের মোড়কে বৈশ্বিক জেন্ডার উন্নয়নে গলদ-ঘর্ম উন্নয়ন সহযোগীদের আপ্রাণ প্রয়াসের পরেও জেন্ডার প্রশিক্ষণ ডিজাইনে একটি কার্যকর ও ফলপ্রসূ সিস্টেম্‌স এ্যাপ্রোচ উদ্ভাবনের শূন্যতা রয়েছে। বিদ্যমান সমীক্ষায় এ শূন্যতা পূরণের প্রয়াস নেয়া হয়েছে। তবে একথা স্মর্তব্য যে, কোন জনগোষ্ঠীর জেন্ডার উন্নয়ন ধারণাটি তার আর্থ-সামাজিক-সাংস্কৃতিক, ধর্মীয় মূল্যবোধ, অনুশীলন ও সংশ্লিষ্ট ক্ষেত্রে গৃহীত কার্যক্রমের অগ্রগতির সাথে গভীরভাবে সম্পৃক্ত।

## ১.২ উৎপাদনশীলতা ও দারিদ্র্য বিমোচন পদ্ধতিসমূহের জেন্ডার সম্পর্ক

দারিদ্র্যের বিরুদ্ধে মানুষের যুদ্ধ সভ্যতার ইতিহাসের মতই প্রাচীন। সভ্যতার ক্রমবিকাশে এ যুদ্ধের প্রকৃতি পাল্টেছে, পাল্টেছে যুদ্ধের কর্ম-কৌশল। গৃহীত কর্ম-কৌশলের ধারা পরিবর্তিত ও বিবর্তিত হয়েছে দারিদ্র্য বিমোচন ও উৎপাদনশীলতার সাথে অন্যান্য সম্ভবণ পদ্ধতিসমূহের (input systems) নির্ণীত সম্পর্ক অনুধাবনের মাধ্যমে। দারিদ্র্যের সাথে উৎপাদনশীলতার সম্পর্ক বহু শতাব্দি আগে থেকেই প্রতিপাদিত। কিন্তু দারিদ্র্য ও উৎপাদনশীলতার জেন্ডার সম্পর্ক জনারণ্যে খুব একটা স্পষ্ট নয়। মূলত এগুলোর মধ্যে বিদ্যমান সম্পর্কটি অত্যন্ত গ্রন্থিল (knotty) এবং পারস্পরিকভাবে ক্রিয়াশীল। তবে মানব সম্পদ উন্নয়ন যে দারিদ্র্য বিমোচনের অন্যতম হাতিয়ার, স্থৈতিক শ্রম-শক্তির (potential workforce) অর্ধাংশকে বাইরে রেখে কাম্য উৎপাদন ও উন্নয়ন অর্জন করা সম্ভব নয় এবং সমাজের ক্রমবর্ধমান জটিলতা ও বর্ধিষ্ণু অর্থনৈতিক চাপ নিরসনে জেন্ডার নির্বিশেষে নারী-পুরুষের সম-অংশগ্রহণ যে ক্রমশই অনিবার্য হয়ে পড়ছে, এ বিষয়গুলো ধীরে ধীরে বিশেষজ্ঞদের অনুধাবনে আসছে। সমাজের বিদ্যমান জেন্ডার-দৃষ্টিভঙ্গি বিভিন্ন সম্ভরণ-উৎপাদ (input-output) পদ্ধতিসমূহে, বিশেষত উৎপাদনশীলতা ও দারিদ্র্য বিমোচনে প্রযুক্ত ফ্যাক্টরগুলোর ওপর কি প্রভাব সৃষ্টি করছে, প্রায়োগিক পরিসরে এগুলোর প্রতিক্রিয়াসমূহ কি ইত্যাদি বর্তমান সমীক্ষায় বিশ্লেষণের প্রয়াস নেয়া হয়েছে এবং বর্ণিত

প্রভাব ও প্রতিক্রিয়া নিরসনের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও উৎপাদনশীলতা বৃদ্ধির কর্ম-কৌশলসমূহকে অধিকতর ফলপ্রসূ করার জন্য কি ধরনের পদক্ষেপ নেয়া জরুরী সেগুলোও চিহ্নিত করার প্রয়াস নেয়া হয়েছে।

## ২.০ দারিদ্র্য বিমোচনে জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন

দারিদ্র্য একটি বহুমাত্রিক বিষয়। এ কারণে উন্নয়ন ব্যবস্থাপনায় দারিদ্র্য বিমোচনকে বিচ্ছিন্নভাবে দেখার অবকাশ নেই। দেশে উৎপাদনশীলতা বৃদ্ধি পেলে বা অর্থনৈতিক প্রবৃদ্ধি ঘটলেই দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত হবে এমনটিও ভাবার অবকাশ নেই। অভিজ্ঞতায় দেখা গেছে, "চুঁইয়ে পড়া"[৫] অর্থনীতি সমাজে অর্থনৈতিক মেরুকরণ (economic polarization) সৃষ্টি করে, উন্নয়নের উদ্দিষ্ট জনগোষ্ঠীর (রহঃবহফবফ নবহবভরপরধৎরবং) পরিবর্তে শুধুমাত্র সমাজের সুবিধাভোগী জনগোষ্ঠীর উপকারে আসে (Hirschman, 1967, p. 107) এবং ফলত তা সমাজের বিপন্ন মানুষের বঞ্চনার হার আরো বাড়িয়ে দেয় (ইমাম, ২০০৩, পৃ. ২৩১)। সুতরাং সামগ্রিক উন্নয়ন ব্যবস্থাপনায় দারিদ্র্য বিমোচন উদ্দিষ্ট জনগোষ্ঠী কেন্দ্রিক হওয়া অত্যাবশ্যক। পরিসংখ্যানে দেখা গেছে, সমাজের দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে নারী মানব দারিদ্র্য (Women Human Poverty) অত্যন্ত প্রকট। সামগ্রিকভাবে সমাজের বিভিন্ন সম্পদ, সেবা ও সুবিধাদিতে নারীর অধিকার (rights) ও প্রবেশাধিকার (access) অত্যন্ত সীমিত। সমাজের দরিদ্র জনগোষ্ঠীতে এ বৈষম্যাবস্থা বর্ণনাতীতভাবে তীব্র। এ কারণে অর্থনীতির দৃষ্টিকোণে তাদের উৎপাদনশীলতাও প্রায় শূন্যের কোটায়। সুতরাং দারিদ্র্য বিমোচন প্রক্রিয়াকে ত্বরান্বিত করতে হলে যেমন প্রত্যক্ষভাবে তাদের উৎপাদনশীতা বৃদ্ধি করা অত্যাবশ্যক, তেমনি বর্ধিত উৎপাদনশীলতায় তাদের ভোগাধিকার নিশ্চিত করা অপরিহার্য। তার অর্থ হচ্ছে, একদিকে যেমন তাদেরকে উন্নয়নে সম্পৃক্ত করতে হবে, অন্যদিকে উন্নয়নের সুফল যেন তারা ভোগ করতে পারে সেদিকেও দৃষ্টি দিতে হবে। অর্থাৎ উন্নয়নে তাদের সম্পৃক্ততা যেন সুবিধাভোগীদের শোষণের হাতিয়ার হিসেবে পরিণত না হয় সেদিকে বিশেষ দৃষ্টি দেয়া অত্যাবশ্যক।

পরিবার হচ্ছে সমাজ ব্যবস্থার ক্ষুদ্রতম একক। একটি দরিদ্র পরিবারে পুরুষের পাশাপাশি উৎপাদনহীন বা উৎপাদন-বিমুখ নারীকেও যদি উৎপাদন কার্যক্রমে[৬] সম্পৃক্ত করা যায়, তবে উৎপাদনশীলতা বৃদ্ধির সাথে সাথে ঐ পরিবারের আয় বৃদ্ধি পাবে। পরিবারের আয় বৃদ্ধি পেলে তাদের ক্রয় ক্ষমতা তথা অর্থনৈতিক শক্তি বৃদ্ধি পাবে। পরিবারের অর্থনৈতিক শক্তি বৃদ্ধি তাদেরকে সমাজের বিভিন্ন সেবা ও সুবিধাদিতে প্রবেশ লাভের সুযোগ করে দেবে

---

[৫] "চুঁইয়ে পড়া" অর্থনীতির ধারণায় সমাজে অর্থনৈতিক প্রবৃদ্ধি ঘটলে তার একটি অংশ স্বয়ংক্রিয়ভাবে দেশের আপামর জনসাধারণ পাবে। অর্থাৎ আপামর জনসাধারণের কাছেও অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পৌঁছে যাবে এবং সমাজে শনৈ-শনৈ উন্নতি আসবে। কিন্তু বাস্তবত তা পৃথিবীর কোথাও দেখা যায়নি।

[৬] উৎপাদন বলতে এখানে অর্থনীতির দৃষ্টিকোণে বিবেচ্য উৎপাদন কার্যক্রমকে নির্দেশ করা হয়েছে, যার অর্থনৈতিক প্রত্যর্পণ (economic return) সম্ভব।

এবং একই সাথে তাদের ভোগ-চাহিদায় পরিবর্তন আসবে। এভাবে উৎপাদন কার্যক্রমে নারীর সম্পৃক্তির মাধ্যমে সমাজের ব্যাপক অংশে সৃষ্ট ভোগ-চাহিদার পরিবর্তন সামগ্রিক উৎপাদন ব্যবস্থায় পরিবর্তন আনবে — পণ্য উৎপাদন ক্ষমতা সেবা উৎপাদনে এবং ক্রমান্বয়ে ব্যবস্থাপনা উন্নয়ন দক্ষতায় পরিণত হবে। তাদের উৎপাদন স্থৈতিকতা ও অর্থনৈতিক প্রত্যর্পণ হারের (economic rate of return) স্থৈতিকতা বৃদ্ধি পাবে। পেশায়, কর্মসংস্থানে ও শ্রম-বিভাজনে বহুমুখীতা আসবে এবং বাজার চাহিদার আলোকে সমাজে স্বয়ংক্রিয়ভাবে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আর এসবের মিলিত ফল সমাজ তথা রাষ্ট্রে একটি নতুন মাত্রার উৎপাদনশীলতার সক্রিয়তা বা গতিশীলতা (productivity dynamics) সৃষ্টি করবে, যা প্রকারান্তরে উদ্দিষ্ট জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন ঘটানোসহ দেশের সামগ্রিক দারিদ্র্য বিমোচন প্রক্রিয়াকে দ্রুত ত্বরান্বিত করবে।

এখন প্রশ্ন হচ্ছে, উৎপাদনহীন বা উৎপাদন-বিমুখ নারীকে কিভাবে উৎপাদন কার্যক্রমে সম্পৃক্ত করা যায়? তার এই উৎপাদনহীনতা বা উৎপাদন-বিমুখতার জন্য শুধু কর্মসংস্থানের অভাবই নয়, উপযুক্ত কর্মসংস্থানের অভাব এবং নানা আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় প্রতিবন্ধকতা *ফ্যাক্টর* হিসেবে কাজ করে। এগুলোর উত্তরণ ঘটিয়ে নারীকে উৎপাদনশীল কার্যক্রমে সম্পৃক্ত করতে হলে রাষ্ট্রীয়ভাবে তৃণমূল পর্যায় পর্যন্ত উপযুক্ত নীতি-সহায়তা (policy support) এবং উদ্দিষ্ট জনগোষ্ঠী কেন্দ্রিক পরিকল্পিত কর্মসূচি গ্রহণ ও তার সম্প্রসারণ অপরিহার্য। তবে আরো একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে, একজন প্রান্তিক চাষী বা একজন ভূমিহীন কৃষক অথবা একজন দিনমজুর সারাদিন হাড়ভাঙ্গা পরিশ্রমের পরও সে কেন দরিদ্র ? তার উৎপাদনহীন বা উৎপাদন-বিমুখ সহধর্মিনীকে যদি উৎপাদন কার্যক্রমে সম্পৃক্ত করা যায়, তাহলে তাদের পারিবারিক উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে, পরিবারে বাড়তি আয়ের সংস্থান হবে। তাতে তাদের দারিদ্র্যের তীব্রতাও হয়তো কিয়দাংশে বা বহুলাংশে কমবে। কিন্তু এতে কি সত্যিকার অর্থে তাদের টেকসই দারিদ্র্য বিমোচন ঘটবে[৭]? অথবা সামাজিক শোষণ-বঞ্চনায় তারা যে আবারো কোন ভিন্ন প্রকৃতির "দারিদ্র্যের দুষ্ট-গর্ভে" নিপতিত হবেনা তার নিশ্চয়তা কোথায়? স্বাধীনতাত্তোরকালে কয়েক দফায় ভূমি-মালিকানার সিলিং পদ্ধতির প্রবর্তন করা হলেও তাতে চতুর ভূস্বামীদের দারুন বিচক্ষণতায়[৮] ভূমিহীন কৃষক বা দিনমজুরের সম্পদাধিকারে কোন পরিবর্তন আসেনি। শুধু কর ব্যবস্থার পরিবর্তন নয়, ভূস্বামীদের সিলিং বহির্ভূত জমি বণ্টনের মাধ্যমে গ্রামীণ দারিদ্র্য

---

[৭] অভিজ্ঞতায় দেখা গেছে, আশির দশকের মধ্যভাগে গ্রামাঞ্চলে অকৃষি খাতে কর্মসংস্থানের উন্নতি হওয়ার কারণে বিবেচনাযোগ্য মাত্রায় দারিদ্র্য পরিস্থিতির উন্নতি ঘটে। কিন্তু সময়ানুক্রম উপাত্ত (time series data) বিশ্লেষণে দেখা গেছে, বর্ণিত সময়ের দারিদ্র্য পরিস্থিতির উন্নতি ছিল ক্ষণস্থায়ী বা অ-টেকসই। সিদ্দিক, আবু বকর (১৯৯৩). : "বাংলাদেশের পরিকল্পনায় দারিদ্র্য বিমোচন কৌশল". সম্পাদনায় : আহমেদ, নাসির উদ্দীন ও মোহাম্মদ তারেক. : *উন্নয়ন অর্থনীতি বাংলাদেশ পরিপ্রেক্ষিত*, বাংলা একাডেমী, ঢাকা, পৃ. ২০৩।

[৮] ৬০ বিঘা পর্যন্ত ভূমি-মালিকানার সিলিং প্রবর্তিত হওয়ার পর ভূস্বামীরা রাতারাতি অপ্রাপ্ত বয়স্ক বা প্রাপ্ত বয়স্ক সন্তানের নামে, বিভিন্ন নামে ও বেনামে তাদের জমির নাম-পত্তন করে। ফলে প্রকৃত বিচারে ভূমি-মালিকানার কোন পরিবর্তন ঘটে না।

বিমোচনের অন্যতম লক্ষ্য নিয়ে সত্তরের দশকে ভূমি-মালিকানার সিলিং পদ্ধতির প্রবর্তন করা হলেও নগর দারিদ্র্য বিমোচনে পুঁজিপতিদের ধনভান্ডারের দিকে ফিরেও তাকানো হয়নি। ‘‘গুচ্ছগ্রামের’’ বা ‘‘আশ্রয়ন’’ অথবা ‘‘আবাসনের’’ সাধু প্রয়াস[৯] উদ্দিষ্ট জনগোষ্ঠীকে দারিদ্র্যের অতল-গর্ভ থেকে তুলে আনার ক্ষেত্রে বিশেষ কোন সফলতা দেখাতে পারেনি। ‘‘সামাজিক বনায়ন’’ কর্মসূচি ভিন্ন আঙিকে সফলতা অর্জন করলেও[১০] এ প্রক্রিয়ায় স্থানীয় প্রভাবশালী মহলের দৌরাত্মে সরকারি খাস জমি ও বনাঞ্চল বেদখল হচ্ছে বলে অনেক অভিযোগ পাওয়া যায়। দারিদ্র্য বিমোচনের অনন্য কৌশল হিসেবে বিবেচিত ‘‘ছাগল উন্নয়ন’’ কর্মসূচিতে সরকারের ব্যাপক সহায়তা সম্প্রসারিত হলেও তা এখন পর্যন্ত আশানুরূপ ফলাফল বয়ে আনতে সক্ষম হয়নি। সরকার কর্তৃক গৃহীত বয়স্ক ভাতা, বিধবা বা স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা, VGD (Vulnerable Group Development) বা VGF (Vulnerable Group Feeding), GR (Gratuitous Relief) এবং TR (Test Relief) বা কাজের বিনিময়ে খাদ্য ইত্যাদি কর্মসূচি দৈত্যকুলের ‘‘জিওন কাঠির’’[১১] মত স্বপ্নপুরীর রাজকন্যাকে (দারিদ্র্যের অতল-গর্ভে নিমজ্জিত বঞ্চিত জনগোষ্ঠীকে) জাগিয়ে তুলতে পারেনি। তাহলে তাদের নিরাপত্তা-জাল/বেষ্টনী (safety net) এবং নিরাপত্তা-মই/সিঁড়ি (safety ladder) কি, যা তাদেরকে দারিদ্র্যের অতল-গর্ভে তলিয়ে যাওয়া থেকে রক্ষা করবে এবং দারিদ্র্যের উত্তরণে তাদের সামনে একটি স্বপ্নের সিঁড়ি হিসেবে আবির্ভূত হবে ? এগুলো সঠিকভাবে অনুধাবন করতে হলে বাংলাদেশে বিদ্যমান দারিদ্র্যের প্রকৃতি এবং দারিদ্র্য থেকে উত্তরণের নির্দেশকগুলো (indicators) কি সে সম্পর্কে সম্যক ধারণা থাকা অত্যাবশ্যক।

তবে, তার আগে আরো একটি বিষয় পরিস্কার হওয়া দরকার। উৎপাদনহীন বা উৎপাদন-বিমুখ নারী কিন্তু কর্ম-বিমুখ বা কর্মহীন নয়। নারী যদি উৎপাদনশীল কার্যক্রমে সম্পৃক্ত হয় এবং একই সাথে প্রজনন দায়িত্বের[১২] সবটুকুই তাকে পালন করতে হয়, তবে

---

[৯] ‘‘গুচ্ছগ্রাম’’ প্রকল্পের মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলের ভূমিহীন কৃষক ও চরম দারিদ্র্যে নিপতিত জনগোষ্ঠীকে একটি নির্দিষ্ট এলাকায় সরকারের খাস জমিতে বাসস্থানের সংস্থান করা হয় এবং ক্ষেত্র বিশেষে আর্থিক সহায়তা বা আবাদযোগ্য খাসজমি বরাদ্দ প্রদানের মাধ্যমে পুনর্বাসন করার ব্যবস্থা নেয়া হয়। প্রকল্পটি কখনো আবার আশ্রায়ন এবং আবাসন নামে বাস্তবায়ন করা হয়।

[১০] দেশের ব্যাপক বনোজাড় রোধে এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় আশির দশকের মধ্যভাগে গৃহীত সামাজিক বনায়ন কর্মসূচিতে স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে এ কর্মসূচিতে তাদের অংশীদারিত্ব নিশ্চিত করা হয়। ফলে একদিকে এ কর্মসূচি যেমন ‘‘গাছ লাগাও, পরিবেশ বাঁচাও’’ শ্লোগানের সফলতা এনে দেয়, অন্যদিকে তা স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীর আয়-সংস্থানের সুযোগ করে দেয়। কিন্তু বর্তমানে সুযোগ সন্ধানী প্রভাবশালী মহল এ প্রক্রিয়াকে ব্যাহত করছে এবং সংশ্লিষ্ট দরিদ্র জনগোষ্ঠীকে শুধু শ্রমজীবী হিসেবে পরিণত করে সামাজিক বনায়নের অংশীদারিত্বের সুফল তারাই ভোগ করছে।

[১১] ‘‘জিওন কাঠি’’ হচ্ছে পৌরাণিক গাঁথায় বর্ণিত যাদুর কাঠি, যা দিয়ে দৈত্যকুলে অপহৃত রাজকুমারীকে অতল ঘুমে আচ্ছন্ন করে রাখা হয় এবং কাঠির অবস্থানের পরিবর্তনের মাধ্যমে অতল ঘুমে নিমজ্জিত রাজকুমারীকে জাগিয়ে তোলা সম্ভব হয়। এখানে জাগিয়ে তোলার বিষয়টি রূপক অর্থে ব্যবহৃত হয়েছে।

[১২] প্রজনন দায়িত্ব বলতে সন্তান জন্মদান ছাড়াও সন্তানের লালন-পালন ও গৃহ পরিচর্যা (রান্না-বান্না, ধোয়া-মোছা, ঘর-দোর পরিস্কার করা, পানি ও জ্বালানী সংগ্রহ এবং অসুস্থের সেবা-যত্নসহ গৃহস্থালির যাবতীয় কাজ) ইত্যাদিকে অন্তর্ভুক্ত করে।

তা তাকে মানবীয়ভাবে অসম্ভব বোঝায় ভারাক্রান্ত করবে। সেক্ষেত্রে জীবনসঙ্গী পুরুষ কি তার সামাজিক কুসংস্কার ঝেড়ে ফেলে তথাকথিত পৌরুষের অবাঞ্ছিত অহংবোধকে জলাঞ্জলি দিয়ে প্রযোজ্য ক্ষেত্রে নারীর স্কন্ধে নিপতিত প্রজনন দায়িত্বে সহযোগিতার বা অংশদারিত্বের হাত সম্প্রসারিত করবে ?

## ২.১ দারিদ্র্যের প্রকৃতি ও স্বরূপ বিশ্লেষণ এবং উত্তরণের নির্দেশকসমূহ

দারিদ্র্যের প্রকৃতি ও নিবিড়তার আঙ্গিকে দারিদ্র্যকে "অনপেক্ষ দারিদ্র্য" (absolute poverty) ও "আপেক্ষিক দারিদ্র্য" (relative poverty) হিসেবে সংজ্ঞায়িত করা হয়। দারিদ্র্যকে আবার "আয়-দারিদ্র্য" (income poverty) এবং "ক্যালোরি গ্রহণ দারিদ্র্য" (calorie-intake poverty) এ দু'ভাবে বিবেচনা করা হয়ে থাকে। ন্যূনতম মৌলিক চাহিদা[১৩] পূরণের প্রয়োজনীয় পণ্য ও সেবা সংস্থানের অভাবই হচ্ছে অনপেক্ষ দারিদ্র্য। সমাজে অনপেক্ষ দারিদ্র্যের প্রতিক্রিয়া হচ্ছে দুর্ভিক্ষ/মঙ্গা, বঞ্চনা, ভূমিহীনতা, বেকারত্ব, শিশুশ্রম, নিরক্ষরতা, ভগ্ন-স্বাস্থ্য এবং মৌলিক চাহিদা সেবায় প্রবেশাধিকারের অভাব ইত্যাদি। অন্যদিকে পূর্ণ স্থৈতিকতায় বিকাশ লাভ এবং পরিবার, সম্প্রদায় ও সমাজে অবদান রাখার প্রয়োজনীয় সুযোগ-সুবিধাদিতে প্রবেশাধিকারের অভাবই হচ্ছে আপেক্ষিক দারিদ্র্য। আপেক্ষিক দারিদ্র্যের কারণে মানুষের মর্যাদা, আত্ম-সম্মানবোধ, সমতা, প্রাধিকার, অংশগ্রহণ এবং লাভজনক কর্মসংস্থানের সুযোগ (gainful employment opportunity) ইত্যাদির অভাব দেখা দেয় (Neaz, 2005, pp. 172-173)। কোন দেশের দারিদ্র্যাবস্থা পরিমাপে আন্তর্জাতিক পরিমণ্ডলে গিনি সূচক, "মানব দারিদ্র্য সূচি" বা Human Poverty Index, মাথাপিছু আয়, ব্যয় ও ক্যালোরি গ্রহণ ইত্যাদি বিভিন্ন ধরনের পরিমাপ পদ্ধতি অনুসৃত হয়ে থাকে। বাংলাদেশে ১৯৯১-৯২ পর্যন্ত পরিচালিত খানা ব্যয় জরিপে দারিদ্র্য পরিমাপের জন্য খাদ্য-শক্তি গ্রহণ (Food Energy Intake বা FEI) এবং প্রত্যক্ষ ক্যালোরি গ্রহণ (Direct Calorie Intake বা DCI) পদ্ধতি অনুসরণ করা হ'ত। দারিদ্র্য পরিমাপে জনপ্রতি প্রতিদিন ২১২২ কিলো-ক্যালোরির নিচে খাদ্য গ্রহণকে অনপেক্ষ দারিদ্র্যসীমা এবং ১৮০৫ কিলো-ক্যালোরির নিচে খাদ্য গ্রহণকে চরম দারিদ্র্যসীমা (Hard-core Poverty or Extreme Poverty) হিসেবে গণ্য করা হয়। ১৯৯৫-৯৬ সালে পরিচালিত খানা ব্যয় জরিপে "মৌলিক চাহিদা ব্যয়" (Cost of Basic Needs বা CBN) পদ্ধতি ব্যবহার করা হয়, যা ২০০০ সালে পরিচালিত জরিপেও অনুসৃত হয়েছে। এ পদ্ধতিতে দারিদ্র্যসীমা পরিমাপে খাদ্য-বহির্ভূত (non-food) ভোগ্য-পণ্য অন্তর্ভুক্ত করা হয়। আবার প্রতিবছর দারিদ্র্যাবস্থা পরিবীক্ষণের জন্য ১৯৯৪ সাল থেকে দেশে দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ (Poverty Monitoring Survey বা PMS) পদ্ধতি চালু করা হয়[১৪]। খাদ্য-শক্তি গ্রহণ ও প্রত্যক্ষ ক্যালোরি গ্রহণ পদ্ধতিদ্বয়

---

[১৩] মৌলিক চাহিদা বলতে সাধারণভাবে মানুষের জীবন যাপনের জন্য প্রয়োজনীয় ন্যূনতম অন্ন, বস্ত্র, শিক্ষা, স্বাস্থ্য ও বাসস্থানের সংস্থানকে বোঝায়।

[১৪] PMS পদ্ধতিটি তুলনামূলক অনেক কম সংখ্যক নমুনা অন্তর্ভুক্ত করে বিধায় দেশের দারিদ্র্যাবস্থা বিশ্লেষণে এর গ্রহণযোগ্যতা/নির্ভরযোগ্যতা অপেক্ষাকৃত কম।

পরস্পর তুলনাযোগ্য না হলেও এখানে এ দু'টি পদ্ধতিই ব্যবহৃত হয়। খাদ্য ও খাদ্য-বহির্ভূত ভোগ্য পণ্যের চাহিদার ভিত্তিতে বাংলাদেশে শহরাঞ্চলের জন্য জনপ্রতি মাসিক মোট ব্যয় ৯০৫.৯০ টাকা এবং গ্রামাঞ্চলের জন্য ৫৯৪.৬০ টাকা ধরে দারিদ্র্যসীমা নির্ধারণ করা হয় (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ২০০৫, পৃ. ১৬৪)।

পরিসংখ্যান বিশ্লেষণে দেখা গেছে, নব্বুইয়ের দশকের প্রথমার্ধে বাংলাদেশে বিশেষত শহরাঞ্চলে আয়-বৈষম্যের ব্যাপক বিস্তৃতি ঘটে [সারণি-১]। মৌলিক-চাহিদা ব্যয় পরিমাপের আলোকে সময়ানুক্রম উপাত্ত বিশ্লেষণে দেখা গেছে, নব্বুইয়ের দশকের প্রারম্ভ থেকে উর্ধ্ব ও নিম্ন দারিদ্র্যরেখা উভয় ক্ষেত্রেই বাংলাদেশে দারিদ্র্যাবস্থার ক্রমশ উন্নতি ঘটেছে। এ সময়ে শহরাঞ্চলে মাথাপিছু আয় খুব দ্রুত বৃদ্ধি ঘটলেও খুব সম্ভবত দরিদ্র জনগোষ্ঠী কেন্দ্রিক (pro-poor) প্রবৃদ্ধির কারণে গভীরতা ও নিবিড়তার আলোকে শহরাঞ্চল অপেক্ষা গ্রামাঞ্চলে বৃহত্তর দারিদ্র্য হ্রাস ঘটেছে [সারণি-২] (The World Bank and Asian Development Bank, 2003, pp. 4-5)। কর্মসংস্থানের সীমিত পরিসর ও কাম্য বৈচিত্রের অভাবে শহরাঞ্চল অপেক্ষা গ্রামাঞ্চলে দারিদ্র্যের হার বেশি। দেশের প্রশাসনিক অঞ্চলভেদেও দারিদ্র্যের প্রকৃতি ও নিবিড়তা ভিন্ন। তুলনামূলক বিচারে দেশের উত্তরাঞ্চলে (রাজশাহী বিভাগে) দারিদ্র্যের প্রকোপ সবচেয়ে বেশি এবং চট্টগ্রাম বিভাগে চরম দারিদ্র্যের প্রকোপ সবচেয়ে কম [সারণি-৩]। সঙ্গত কারণেই দেশের উত্তরাঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর মাথাপিছু মাসিক আয়ের পরিমাণ সবচেয়ে কম। উর্ধ্ব দারিদ্র্যরেখার আঙ্গিকে চট্টগ্রাম বিভাগের দরিদ্র জনগোষ্ঠীর মাথাপিছু মাসিক আয়ের পরিমাণ সবচেয়ে বেশি হলেও চরম দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে বরিশাল বিভাগের দরিদ্র জনগোষ্ঠীর মাথাপিছু মাসিক আয় সবচেয়ে বেশি [সারণি-৪]। চরম দরিদ্র ও দরিদ্র উভয় জনগোষ্ঠীর ক্ষেত্রেই রাজশাহী বিভাগের মাথাপিছু মাসিক ব্যয়ের পরিমাণ সবচেয়ে কম এবং চট্টগ্রাম বিভাগে তা সবচেয়ে বেশি [সারণি-৫]। দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ পরিসংখ্যানেও দেখা গেছে, জাতীয়, শহর ও গ্রামাঞ্চল সকল পর্যায়েই মাথাপিছু মাসিক আয় ক্রমবর্ধমান। তবে শহরাঞ্চলে এ বৃদ্ধির পরিমাণ গ্রামাঞ্চল অপেক্ষা অনেক বেশি [সারণি-৬]। খাদ্য শক্তি গ্রহণ পদ্ধতি অনুসারে সকল পর্যায়েই দারিদ্র্যের প্রবণতা হ্রাস পেয়েছে। তবে প্রত্যক্ষ ক্যালোরি গ্রহণ পদ্ধতিতে দারিদ্র্যের হার অপেক্ষাকৃত দ্রুত হ্রাসের প্রবণতা লক্ষ্য করা যায় [সারণি-৭]। এ পদ্ধতিতে সকল পর্যায়েই চরম দারিদ্র্য পরিস্থিতিরও হ্রাসমান প্রবণতা বিশেষভাবে লক্ষণীয় [সারণি-৮]। বিগত প্রায় দু'দশক ধরে মানব দারিদ্র্য সূচি অনুযায়ী বাংলাদেশের দারিদ্র্য ২.৫৪% হারে হ্রাস পেলেও এ সময়ে আয়-দারিদ্র্য হ্রাস পেয়েছে মাত্র ১.৪৫% হারে (The Government of the People's Republic of Bangladesh, 2005, p. 12)।

## সারণি-১ : বাংলাদেশে বৈষম্যের প্রবণতা (Gini Coefficients)

| অঞ্চল | উর্ধ্ব দারিদ্র্য রেখা ব্যবহার করে | | | নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে | | |
|---|---|---|---|---|---|---|
| | ১৯৯১-৯২ | ১৯৯৫-৯৬ | ২০০০ | ১৯৯১-৯২ | ১৯৯৫-৯৬ | ২০০০ |
| জাতীয় | ৫৮.৮ | ৫১.০ | ৪৯.৮ | ৪২.৭ | ৩৪.৪ | ৩৩.৭ |
| শহরাঞ্চল | ৪৪.৯ | ২৯.৪ | ৩৬.৬ | ২৩.৩ | ১৩.৭ | ১৯.১ |
| গ্রামাঞ্চল | ৬১.২ | ৫৫.২ | ৫৩.০ | ৪৬.০ | ৩৮.৫ | ৩৭.৪ |

উৎস : The World Bank and Asian Development Bank (2003) : *Poverty in Bangladesh : Building on Progress. Dhaka, p. 7.*

নোট : The Gini Coefficients are defined for the distributions of real per capita expenditures. The upper and lower poverty line estimates refer to the use of corresponding poverty line as the regional price index for deflating nominal per capita expenditures.

## সারণি-২ : বাংলাদেশে দারিদ্র্যের প্রবণতা (CBN Poverty Measures)

| অঞ্চল ও গণনার প্রকৃতি | উর্ধ্ব দারিদ্র্য রেখা ব্যবহার করে | | | নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে | | |
|---|---|---|---|---|---|---|
| | ১৯৯১-৯২ | ১৯৯৫-৯৬ | ২০০০ | ১৯৯১-৯২ | ১৯৯৫-৯৬ | ২০০০ |
| মাথা গণনার হার | | | | | | |
| জাতীয় | ৫৮.৮ | ৫১.০ | ৪৯.৮ | ৪২.৭ | ৩৪.৪ | ৩৩.৭ |
| শহরাঞ্চল | ৪৪.৯ | ২৯.৪ | ৩৬.৬ | ২৩.৩ | ১৩.৭ | ১৯.১ |
| গ্রামাঞ্চল | ৬১.২ | ৫৫.২ | ৫৩.০ | ৪৬.০ | ৩৮.৫ | ৩৭.৪ |
| দারিদ্র্যের ব্যবধান ($ক_১$) | | | | | | |
| জাতীয় | ১৭.২ | ১৩.৩ | ১২.৯ | ১০.৭ | ৭.৬ | ৭.৩ |
| শহরাঞ্চল | ১২.০ | ৭.২ | ৯.৫ | ৪.৯ | ২.৬ | ৩.৮ |
| গ্রামাঞ্চল | ১৮.১ | ১৪.৫ | ১৩.৮ | ১১.৭ | ৮.৬ | ৭.৩ |
| বর্গকৃত দারিদ্র্যের ব্যবধান ($ক_২$) | | | | | | |
| জাতীয় | ৬.৮ | ৪.৮ | ৪.৬ | ৩.৯ | ২.৫ | ২.৩ |
| শহরাঞ্চল | ৪.৪ | ২.৫ | ৩.৪ | ১.৫ | ০.৭ | ১.২ |
| গ্রামাঞ্চল | ৭.২ | ৫.৩ | ৪.৯ | ৪.৩ | ২.৮ | ২.৬ |

উৎস : The World Bank and Asian Development Bank (2003) : *Poverty in Bangladesh : Building on Progress. Dhaka, p. 4.*

নোট : The poverty gap ($ক_১$) estimates how far below the poverty line the poor are on average as a proportion of that line. The squared poverty gap ($ক_২$) takes into account not only the distance separating the poor from the poverty line, but also inequality among the poor.

**সারণি-৩ : বাংলাদেশের বিভাগ-ওয়ারী দারিদ্র্যের প্রবণতা - ২০০০ (CBN Poverty Measures)**

| অঞ্চল | নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে | | | উর্ধ্ব দারিদ্র্য রেখা ব্যবহার করে | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট | গ্রামাঞ্চল | শহরাঞ্চল | মোট | গ্রামাঞ্চল | শহরাঞ্চল |
| জাতীয় | ৩৩.৭ | ৩৭.৪ | ১৯.১ | ৪৯.৮ | ৫৩.১ | ৩৬.৬ |
| বরিশাল | ২৮.৮ | ২৯.৬ | ১৯.৫ | ৩৯.৮ | ৪০.০ | ৩৭.৯ |
| চট্টগ্রাম | ২৫.০ | ২৫.৩ | ২৩.৩ | ৪৭.৭ | ৪৮.৪ | ৪৪.০ |
| ঢাকা | ৩২.০ | ৪১.৭ | ১২.০ | ৪৪.৮ | ৫২.৯ | ২৮.২ |
| খুলনা | ৩৫.৪ | ৩৬.৮ | ২৭.৫ | ৫১.৪ | ৫২.২ | ৪৭.১ |
| রাজশাহী | ৪৬.৭ | ৪৮.৮ | ৩২.৩ | ৬১.০ | ৬২.৮ | ৪৮.১ |

উৎস : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, খানা আয়-ব্যয় জরিপ-২০০০ ।

**সারণি-৪ : বাংলাদেশের বিভাগ-ওয়ারী মাথাপিছু মাসিক আয় পরিস্থিতি- ২০০০**

| অঞ্চল | নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে | | | উর্ধ্ব দারিদ্র্য রেখা ব্যবহার করে | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট | গ্রামাঞ্চল | শহরাঞ্চল | মোট | গ্রামাঞ্চল | শহরাঞ্চল |
| জাতীয় | ৪৯৫.১৯ | ৪৮৪.৬৪ | ৫৭৭.৭৪ | ৫৭৩.৭২ | ৫৫০.৮২ | ৭০৫.৯৫ |
| বরিশাল | ৫৪৫.৩২ | ৫৩৯.৪২ | ৬৩৮.৭২ | ৫৮৩.০৭ | ৫৬৩.৬৫ | ৭৯৫.৯৫ |
| চট্টগ্রাম | ৫২২.৫৬ | ৪৯৭.৪৯ | ৬৫৭.৫৭ | ৬১৯.৩৯ | ৫৯৩.১৫ | ৭৬২.৩৭ |
| ঢাকা | ৪৭৫.৭৩ | ৪৬৭.৬৩ | ৫৩৩.৭৯ | ৫৪৯.৯৫ | ৫১৫.০৩ | ৬৪৮.৪২ |
| খুলনা | ৫৪৩.৪৬ | ৫৩২.৩৩ | ৬২৫.৯৪ | ৬৪১.০৭ | ৬২৫.৮৫ | ৭৩৪.৫০ |
| রাজশাহী | ৪৬৮.৮৯ | ৪৬৪.৫৫ | ৫১৪.৬০ | ৫২৬.৪৪ | ৫১৩.৯৫ | ৬৩৯.৯৪ |

উৎস : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, খানা আয়-ব্যয় জরিপ-২০০০ ।

**সারণি-৫ : বাংলাদেশের বিভাগ-ওয়ারী মাথাপিছু মাসিক ব্যয় পরিস্থিতি- ২০০০**

| অঞ্চল | নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে | | | উর্ধ্ব দারিদ্র্য রেখা ব্যবহার করে | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট | গ্রামাঞ্চল | শহরাঞ্চল | মোট | গ্রামাঞ্চল | শহরাঞ্চল |
| জাতীয় | ৪৬০.৯১ | ৪৫৫.৪৩ | ৫০৩.৭৭ | ৫৩২.০৪ | ৫১৫.৩৭ | ৬২৮.২৯ |
| বরিশাল | ৪৫৮.৭৮ | ৪৫৭.৫৪ | ৪৭৮.৩৮ | ৫০৩.৭১ | ৪৯৫.৩৫ | ৫৯৫.৩৬ |
| চট্টগ্রাম | ৪৯৯.৮৬ | ৪৮৯.২৩ | ৫৫৭.০৭ | ৫৯৯.৪৫ | ৫৮৩.৪২ | ৬৮৬.৭৯ |
| ঢাকা | ৪৫৪.২৫ | ৪৪৫.৭৩ | ৫১৫.২৫ | ৫১৮.৯৫ | ৪৮৪.৩৭ | ৬৫২.১৪ |
| খুলনা | ৪৭৫.৬৫ | ৪৭৩.৭৬ | ৪৮৯.৭০ | ৫৩৩.০২ | ৫২২.৪৭ | ৫৯৭.৭৬ |
| রাজশাহী | ৪৩৮.২৫ | ৪৩৭.৯৭ | ৪৪১.১৮ | ৪৯০.৪১ | ৪৮৬.৯৪ | ৫২২.০২ |

উৎস :বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, খানা আয়-ব্যয় জরিপ-২০০০ ।

**সারণি-৬ : বাংলাদেশে খাদ্য শক্তি গ্রহণ (FEI) এবং প্রত্যক্ষ ক্যালোরি গ্রহণ (DCI) পদ্ধতিতে তুলনামূলক দারিদ্র্য প্রবণতা-২০০৪**

| অঞ্চল | খাদ্য শক্তি গ্রহণ পদ্ধতি মাথা গণনার হার (%) | | প্রত্যক্ষ ক্যালোরি গ্রহণ পদ্ধতি মাথা গণনার হার (%) | |
|---|---|---|---|---|
| | ১৯৯৯ | ২০০৪ | ১৯৯৯ | ২০০৪ |
| জাতীয় | ৪৪.৭ | ৪২.১ | ৪৬.২ | ৪০.৯ |
| শহরাঞ্চল | ৪৩.৩ | ৩৭.৯ | ৪৯.৯ | ৪৩.৬ |
| গ্রামাঞ্চল | ৪৪.৯ | ৪৩.৩ | ৪৫.৬ | ৪০.১ |

উৎস : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ-২০০৪ ।

**সারণি-৭ : প্রত্যক্ষ ক্যালোরি গ্রহণ (DCI) পদ্ধতিতে বাংলাদেশে চরম দারিদ্র্যের প্রবণতা-২০০৪**

| | অঞ্চল | ১৯৯৯ | ২০০৪ |
|---|---|---|---|
| চরম দারিদ্র (≤১৮০৫ কিলো ক্যালোরি, %) | জাতীয় | ২৪.৯ | ১৮.৭ |
| | শহরাঞ্চল | ২৭.৩ | ২০.৮ |
| | গ্রামাঞ্চল | ২৬.৫ | ১৮.২ |

উৎস : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ-২০০৪।

**সারণি-৮ : মাথাপিছু মাসিক আয় ও ব্যয়-১৯৯৯ ও ২০০৪**

| অঞ্চল | মাথাপিছু মাসিক আয় | | | | | | মাথাপিছু মাসিক ব্যয় | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৯৯৯ | | | ২০০৪ | | | ১৯৯৯ | | | ২০০৪ | | |
| | সকল | দরিদ্র | দরিদ্র-নয় | সকল | দরিদ্র | দরিদ্র-নয় | সকল | দরিদ্র | দরিদ্র-নয় | সকল | দরিদ্র | দরিদ্র-নয় |
| জাতীয় | ৯৪৮ | ৬০২ | ১২২৮ | ১১১৪ | ৬৩১ | ১৪৬৬ | ৮২৪ | ৪৪৬ | ১১২৮ | ৯৭৯ | ৪৮২ | ১৩৪১ |
| শহর | ১৬৭৮ | ৯০২ | ২২৭০ | ১৯২৩ | ৯২২ | ২৫৩২ | ১২৮৫ | ৬১৩ | ১৭৯৮ | ১৬২৭ | ৬৪১ | ২২২৮ |
| গ্রাম | ৮৩৯ | ৫৫৯ | ১০৬৭ | ৮৯৭ | ৫৬২ | ১১৫২ | ৭৫৫ | ৪২২ | ১০২৬ | ৮০৫ | ৪৪৫ | ১০৮০ |

উৎস : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ-২০০৪ ।

বাংলাদেশের দারিদ্র্যের প্রকৃতি ও স্বরূপ নিরূপণে খানা আয় ও ব্যয় জরিপের উপাত্ত নির্ভর এক প্রত্যাবৃত্তি বিশ্লেষণে[১৫] (regression analysis) দেখা গেছে : (১) বিদ্যুৎ ব্যবহারকারী পরিবার দারিদ্র্য প্রতিরোধে সক্ষম; (২) ছাত্রী-বৃত্তি কর্মসূচি দারিদ্র্য বিমোচনে সহায়ক; (৩) পরিবার প্রধানের শিক্ষা ও অর্জিত দক্ষতার কারণে সংশ্লিষ্ট পরিবার দারিদ্র্য থেকে মুক্তি পেতে পারে; (৪) কৃষি ভূমির মালিকানা সম্পন্ন পরিবার অপেক্ষাকৃত কম দরিদ্র; (৫) সম্পদ-আয় (asset income) সম্পন্ন পরিবার দরিদ্র নয়; এবং বৃহদাকৃতির পরিবারে দারিদ্র্যের সম্ভাবনা বেশি (The Government of the People's Republic of Bangladesh, 2005, p. 16)।

---

[১৫] প্রত্যাবৃত্তি বিশ্লেষণে এক্ষেত্রে ৩টি শ্রেণীর ১০টি চলককে অন্তর্ভুক্ত করা হয়েছে। (ক) প্রথমত খানার গুণগত মান ও জনবিজ্ঞানীয় চলকসমূহ ঃ যেমন পরিবার প্রধানের (১) জেন্ডার, (২) শিক্ষার স্তর, (৩) দক্ষতার স্তর ও (৪) ধর্ম এবং পরিবারের (৫) আকার ও (৬) অবস্থান (গ্রামাঞ্চল বা শহরাঞ্চল) ; (খ) দ্বিতীয়ত নীতি পদক্ষেপ সম্পর্কিত চলকসমূহ যেমন, (৭) খানাটিতে বিদ্যুৎ সংযোগ আছে কি নেই, ও (৮) খানাটি নারী শিক্ষাবৃত্তি প্রাপ্ত কি-না ; এবং (গ) তৃতীয়ত মালিকানা স্বত্ব যেমন, খানার (৯) ভূমি-মালিকানা ও সম্পদ এবং (১০) সম্পদ থেকে প্রাপ্ত আয়।

দারিদ্র্যের বহুমাত্রিকতার দৃষ্টিকোণে দেশের আর্থ-সামাজিক পরিসরে কতিপয় উন্নয়ন সফলতার আলোকে বাংলাদেশকে দারিদ্র্য বিমোচনের স্থৈতিক ভিত্তি-ভূমি হিসেবে বিবেচনা করা যেতে পারে। এগুলোর মধ্যে অন্যতম হচ্ছে : (১) জনসংখ্যা নিয়ন্ত্রণ, (২) শিশুমৃত্যুর হার হ্রাস, (৩) সম্প্রসারিত টিকাদান কর্মসূচির ব্যাপ্তি [Expanded Programme for Immunization (EPI) Coverage], (৪) বর্ধিত গড় আয়ু (life expectancy), (৫) প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির/তালিকাভুক্তির বর্ধিষ্ণু হার এবং জেন্ডার সমতায়ন ও নারী শিক্ষার প্রসার, (৬) কৃষি উৎপাদন বৃদ্ধি, (৭) পোল্ট্রি, ফিসারিজ, নার্সারী এবং সামাজিক বনায়নের সম্প্রসারণ, (৮) ভৌত অবকাঠামোগত উন্নয়ন, বিদ্যুতায়ন ও রপ্তানি উন্নয়ন, (৯) স্যানিটেশনের ক্ষেত্রে অর্জিত অগ্রগতি, স্বাস্থ্য সুবিধার সম্প্রসারণ, মাতৃজনিত মৃত্যু হারের হ্রাস এবং নিরাপদ পানির সংস্থান, (১০) উন্নয়নে নারীর বর্ধিষ্ণু অংশগ্রহণ, (১১) নারীর কর্ম-সংস্থানের ক্ষেত্রে পরিসর বৃদ্ধি, (১২) ক্ষুদ্র-ঋণ কর্মসূচি, (১৩) বিধবা ও বয়স্ক ভাতার অন্তর্ভুক্তির মাধ্যমে নিরাপত্তা বেষ্টনীর পরিধি বৃদ্ধি এবং সর্বোপরি, (১৪) উন্নয়নের সমস্যা ও অপরিহার্য বিষয়াবলী সম্পর্কে জনারণ্যে বর্ধিষ্ণু সচেতনতা ইত্যাদি। অর্জিত এ সফলতার ওপর ভিত্তি করে সমাজের প্রতিটি স্তরে যথার্থভাবে জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন সম্ভব হলে দেশে একটি নতুন মাত্রার সামাজিক ও অর্থনৈতিক গতিশীলতা সৃষ্টি হবে এবং ফলত দ্রুত বর্ধিত উৎপাদনশীলতা অর্জন ও দারিদ্র্য বিমোচন সম্ভব হবে।

### ২.২ বর্ধিত উৎপাদনশীলতা অর্জন ও দারিদ্র্য বিমোচনের বিকল্প পরিবেশনা পদ্ধতি

দারিদ্র্যের বহুমাত্রিকতা বিবেচনায় বর্তমান সমীক্ষায় অবতারিত জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন তত্ত্ব একটি বহুমাত্রিক মোড়ক প্রস্তাবনা (package proposal)। এ মোড়ক প্রস্তাবনাটি ৪টি মৌলিক পদ্ধতির রৈখিক ও যৌগিক কার্যক্রম সম্পর্ককে চিত্রায়িত করে। এগুলো হচ্ছে ঃ (১) উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতিসমূহ, (২) সামাজিক পুনঃপ্রকৌশলায়ন পদ্ধতিসমূহ, (৩) উৎপাদ/কর্মদক্ষতা পদ্ধতিসমূহ এবং (৪) দারিদ্র্য বিমোচন পদ্ধতিসমূহ [চিত্র-১]। উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতিসমূহ এবং সামাজিক পুনঃপ্রকৌশলায়ন পদ্ধতিসমূহ পারস্পরিক মিথস্ক্রিয় প্রকৃতির। সামগ্রিক উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতিসমূহ শারীরবৃত্তীয়, সামাজিক এবং নিয়ন্ত্রক/পরিচালন সম্ভরণ উপ-পদ্ধতিসমূহের একটি মিথস্ক্রিয়া পদ্ধতি পরিবেশে কাজ করে। মানুষের দৃষ্টিভঙ্গি এখানে বিভিন্ন সম্ভরণ উপ-পদ্ধতিসমূহের মধ্যে বিরাজমান প্রতিটি একক উৎপাদনশীলতা কার্যক্রম এবং সামগ্রিকভাবে উৎপাদনশীলতা পদ্ধতির নিয়ন্ত্রক/ পরিচালন বা চালিকা শক্তি হিসেবে কাজ করে [চিত্র-১]। প্রতিটি একক উৎপাদনশীলতা কার্যক্রমের আবার সমকক্ষ জেন্ডার প্রেক্ষিত (matched gender perspectives) বিদ্যমান। সুতরাং মানুষের জেন্ডার দৃষ্টিভঙ্গির সামাজিক পুনঃপ্রকৌশলায়ন প্রকারান্তরে উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতিসমূহ, এর সম্ভরণ উপ-পদ্ধতিসমূহ ও প্রতিটি একক উৎপাদনশীলতা কার্যক্রমের ওপর অকার্যকর প্রভাব সৃষ্টিকারী বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ দূরীভূত করবে এবং অধিকতর দক্ষতা অর্জন, সেবা, সম্পদ ও সুবিধাদিতে সৃষ্ট নারীর অবৈষম্যমূলক ও উন্মুক্ত প্রবেশাধিকার তাদের স্থৈতিকতার উন্নয়ন ঘটিয়ে তাদের উৎপাদ/কর্মদক্ষতা বৃদ্ধি করবে। ফলে সামগ্রিক উন্নয়ন

ব্যবস্থায় তাদের বিদ্যমান ভূমিকার আমূল পরিবর্তন আসবে এবং ফলশ্রুতিতে বর্ধিত উৎপাদনশীলতা অর্জিত হবে ও দারিদ্র্য বিমোচন ঘটবে। সামগ্রিকভাবে এ প্রস্তাবনাটি কিভাবে কাজ করবে নিম্নে তা বিস্তারিত পরিসরে আলোচনা করা হলো :

### ২.২.১ উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতিসমূহ

একজন মানুষের বিদ্যমান উৎপাদনশীলতা ও কাম্য উৎপাদনশীলতা এক নয়। বিদ্যমান উৎপাদনশীলতা হচ্ছে, বিদ্যমান প্রেক্ষাপটে উৎপাদনশীলতার প্রযুক্ত সম্ভরণ-ফ্যাক্টরগুলো যে অবয়বে একজন মানুষের ওপর ক্রিয়াশীল তার ভিত্তিতে নিরূপিত তার অর্জিত উৎপাদন ক্ষমতা। অন্যদিকে কাম্য উৎপাদনশীলতা হচ্ছে, উৎপাদনশীলতার প্রযুক্ত সকল সম্ভরণ-ফ্যাক্টর তার ওপর সর্বোচ্চ মাত্রায় ইতিবাচকভাবে ক্রিয়াশীল হলে তার দ্বারা যে উৎপাদনশীলতা অর্জন করা সম্ভব হ'ত তার পরিমাণ। আবার বিদ্যমান প্রেক্ষাপটে কোন মানুষের পক্ষে সর্বোচ্চ যতটুকু উৎপাদনশীলতা অর্জন করা সম্ভব তা হচ্ছে তার বিদ্যমান উৎপাদনশীলতা-স্থৈতিকতা (productivity potential)। উৎপাদনশীলতার নিয়ামক বা পরিচালন ফ্যাক্টরগুলোর ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে তার উৎপাদনশীলতা- স্থৈতিকতার উন্নয়ন ঘটানো সম্ভব এবং এ উন্নীত উৎপাদনশীলতা- স্থৈতিকতার অবমুক্তির মাধ্যমে তার প্রকৃত বর্ধিত উৎপাদনশীলতা অর্জন করা সম্ভব।

বৈশিষ্ট্যগত দিক বিবেচনায় বর্তমান সমীক্ষায় উৎপাদনশীলতার নিয়ামক বা পরিচালন ফ্যাক্টরগুলোকে শারীরবৃত্তীয়, সামাজিক ও নিয়ন্ত্রক/পরিচালন এ তিনটি পৃথক সম্ভরণ উপ-পদ্ধতি হিসেবে শ্রেণীভুক্ত করা হয়েছে। উপ-পদ্ধতিসমূহের আওতাধীন সম্ভরণ ফ্যাক্টরগুলো একদিকে যেমন একই উপ-পদ্ধতির আওতাধীন অন্যান্য সম্ভরণ ফ্যাক্টরের সাথে পারস্পরিক ক্রিয়াশীল, অন্যদিকে তা অন্যান্য উপ-পদ্ধতির পৃথক পৃথক সম্ভরণ ফ্যাক্টরগুলোর সাথেও পারস্পরিক ক্রিয়াশীল। আবার একটি সামগ্রিক উপ-পদ্ধতির গুণগত পরিবর্তন একদিকে যেমন অন্যান্য উপ-পদ্ধতির আওতাধীন পৃথক পৃথক সম্ভরণ ফ্যাক্টরের গুণগত মান বা অবস্থার পরিবর্তন ঘটাতে সক্ষম, অন্যদিকে তা অন্যান্য নির্দিষ্ট উপ-পদ্ধতির সামগ্রিক গুণগত মান বা অবস্থার পরিবর্তন ঘটাতে সক্ষম।

অর্থনীতিবিদগণের বিবেচনায় উৎপাদনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বা কেন্দ্রীয় নিয়ামক হচ্ছে মানব সম্পদ। বর্ণিত সম্ভরণ উপ-পদ্ধতিসমূহ ও সম্ভরণ ফ্যাক্টরগুলো এবং এগুলো সংশ্লিষ্ট নীতি, বিধি-বিধান ছাড়াও মিথস্ক্রিয়া পদ্ধতি পরিবেশে আরো কতগুলো বিষয় রয়েছে যা মানব সম্পদ উন্নয়ন, বিশেষত নারী মানব সম্পদ উন্নয়ন তথা মানুষের প্রকৃত উৎপাদনশীলতাকে নিয়ন্ত্রণ করতে পারে। এগুলোর অন্যতম হচ্ছে ধর্মীয় বিধি-বিধান, সংস্কার, সাংস্কৃতিক ও সামাজিক প্রচলন এবং জাতীয় পর্যায় থেকে তৃণমূল পর্যায় পর্যন্ত প্রযোজ্য উৎপাদনশীলতার নীতি সমর্থন বা নীতি সহায়তা (policy support)। এগুলো যথার্থভাবে নিশ্চিত হলে মানব সম্পদ উন্নয়ন ঘটবে এবং প্রকৃত পক্ষে বর্ধিত উৎপাদনশীলতা অর্জনের পরিবেশ সৃষ্টি হবে।

মানব সম্পদের যথার্থ উন্নয়নে তথা কাম্য উৎপাদনশীলতা অর্জনে মানুষের শারীরবৃত্তীয় পূর্ণতা প্রাপ্তি অপরিহার্য। প্রয়োজনীয় পুষ্টি ও স্বাস্থ্য সেবা মানুষের শারীরিক, মানসিক ও বুদ্ধিবৃত্তিক শক্তির যথাযথ বিকাশ ঘটিয়ে তাদের উৎপাদন ক্ষমতা বা সামর্থ্যকে উন্নীত করে। তথ্য বিশ্লেষণে দেখা গেছে, পুরুষের শারীরবৃত্তীয় পূর্ণতা প্রাপ্তির অভাব তার ব্যক্তিক উৎপাদন সামর্থ্যকে ব্যাহত করে। কিন্তু নারীর শারীরবৃত্তীয় পূর্ণতা প্রাপ্তির অভাব জাতিগত সমস্যা হিসেবে পুরুষানুক্রমে সঞ্চালিত হয় এবং তা শুধু নারীরই নয়, সামগ্রিকভাবে তা জাতীয় উৎপাদনশীলতাকে ব্যাহত করে (মজুমদার, ২০০৩)। তথ্য বিশ্লেষণে আরো দেখা গেছে, স্বাস্থ্য ও পুষ্টির ক্ষেত্রে নারী মারাত্মক ঝুঁকির সম্মুখীন ও করুনভাবে বঞ্চনার শিকার (মজুমদার, ২০০৩)। আর এই বঞ্চনার কারণ যতটা না অর্থনৈতিক, তার থেকে অনেক অনেক বেশি নিবিড় হচ্ছে সমাজের জেন্ডার দৃষ্টিভঙ্গিগত। সুতরাং সমাজের জেন্ডার দৃষ্টিভঙ্গির পুনঃপ্রকৌশলায়ন শারীরবৃত্তীয় সম্ভরণ উপ-পদ্ধতিসমূহের ওপর দারুণভাবে ইতিবাচক প্রভাব সৃষ্টি করবে এবং ফলত তা জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধিতে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে।

সামাজিক সম্ভরণ ফ্যাক্টরগুলোর উন্নয়ন একদিকে যেমন মানুষের দক্ষতার উন্নয়ন ঘটায়, অন্যদিকে তা সামাজিক সম্ভরণ সুবিধাদিতে মানুষের প্রবেশাধিকার ঘটিয়ে মানব সম্পদ উন্নয়নের দ্বার উন্মোচন করে, দৃষ্টিভঙ্গির প্রসার ঘটায়, বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক শক্তি-ভিত্তিতে প্রবেশের সুযোগ সৃষ্টি করে, যা তাদের কর্মক্ষমতা তথা উৎপাদনশীলতা বৃদ্ধি করে। উদাহরণত উপযুক্ত শিক্ষা শুধু একজন মানুষের জ্ঞানের প্রসারই ঘটায় না, বরং স্বভাবজাত অন্তর্মুখীতার বেড়াজাল ভেঙ্গে মানুষকে বহির্মুখী হতে শেখায়, কর্মস্থানের[১৬] দ্বার উন্মোচন করে ও পরিসর বৃদ্ধি করে, কর্মদক্ষতা বাড়ায় এবং অন্যান্য সামাজিক সুবিধাদিতে প্রবেশের সুযোগ সৃষ্টি করে। ফলে বিভিন্ন আর্থ-সামাজিক শক্তি-ভিত্তিতে তার প্রবেশাধিকার নিশ্চিত হয়, আর্থ-সামাজিক শক্তি বৃদ্ধি হয় এবং সামগ্রিকভাবে তার উৎপাদনশীলতা বাড়ে। একইভাবে কর্মসংস্থানে প্রবেশাধিকার বা উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণ তার জীবন যাপন পদ্ধতির পরিবর্তনসহ উৎপাদনশীলতায় অভাবনীয় গতিশীলতা সৃষ্টি করে। তথ্য বিশ্লেষণে দেখা গেছে, বাংলাদেশের নারী সমাজ মারাত্মকভাবে সামাজিক সম্ভরণ-সুবিধা বঞ্চিত (ইমাম, ২০০৬, পৃ. ঃ ৫৬-১১৭)। সামাজিক সংস্কারের কারণে দেশের অর্থনীতি মূলত পুরুষতান্ত্রিকতায় অথবা জেন্ডার অন্ধত্বে ভোগে। আর এর কারণ মূলত সমাজে বিদ্যমান জেন্ডার দৃষ্টিভঙ্গি। জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন সম্ভব হলে সামাজিক সম্ভরণ সুবিধায় নারীর অবাধ প্রবেশাধিকার ঘটবে। ফলে বর্ধিষ্ণু হারে নারী বিদ্যমান অর্থনীতির বিচারে বিবেচিত উৎপাদন কার্যক্রমে সম্পৃক্ত হবে। এতে একদিকে তারা যেমন স্বনির্ভর ও আত্ম-প্রত্যয়ী হয়ে উঠবে এবং তাদের নিজস্ব উৎপাদনশীলতা বাড়বে, যার সুবিধা তারা নিজেরাই ভোগ করতে পারবে। অন্যদিকে সামগ্রিকভাবে তা শ্রমবাজারে বর্ধিত শ্রমশক্তির সমাবেশ ঘটিয়ে জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধি করবে।

---

[১৬] কর্মসংস্থানের বিষয়টি বর্তমান সমীক্ষায় অনেক ক্ষেত্রে চাকুরি সুবিধা হিসেবে প্রতিপাদিত হয়েছে, যা প্রযোজ্য ক্ষেত্রে কর্মসংস্থান ও চাকুরি দু'টি অর্থেই বিবেচ্য।

চিত্র-১ ঃ দারিদ্র্য বিমোচন ও উৎপাদনশীলতার বিকল্প পরিবেশনা পদ্ধতি কাঠামো



উৎপাদনশীলতার শারীরবৃত্তীয় ও সামাজিক সম্ভরণসমূহের কার্যকারিতার ওপর নিয়ন্ত্রক বা পরিচালন সম্ভরণ ফ্যাক্টরগুলোর প্রভাব অপরিসীম। তথ্য বিশ্লেষণে দেখা গেছে, নারীর অধিকার সংরক্ষণ, প্রাধিকার উন্নয়ন ও নারীর ক্ষমতায়নে সরকার কর্তৃক বেশ কিছু ইতিবাচক পদক্ষেপ গৃহীত হয়েছে এবং শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ পানির সংস্থান, মাতৃজনিত মৃত্যু হার হ্রাস, উন্নয়নে নারীর বর্ধিষ্ণু অংশগ্রহণ, নারী কেন্দ্রিক ক্ষুদ্র-ঋণ কর্মসূচি ইত্যাদি ক্ষেত্রে তুলনামূলকভাবে অভাবনীয় সাফল্য এসেছে। আবার অনেক ক্ষেত্রে বেশকিছু ইতিবাচক নীতি সমর্থন বা নতুন নতুন আইন প্রবর্তিত হলেও বাস্তবে তা আশানুরূপ ফলদায়ক হচ্ছে না। এর মূল কারণ হচ্ছে, ধর্মীয় সংস্কার ও বিধি-নিষেধের আলোকে প্রণীত বাংলাদেশে বিদ্যমান এ সম্পর্কিত বিধিবদ্ধ আইনসমূহ নারী অধিকার, জেন্ডার সমতায়ন বা নারীর ক্ষমতায়নের অনুকূল নয়। বরং অনেক ক্ষেত্রে তা এ সকল নীতি সমর্থন/সহযোগিতা বা আইনের সাথে দারুণভাবে দ্বান্দ্বিক। এছাড়া ধর্মীয় মূল্যবোধ, সংস্কার, সামাজিকভাবে প্রচলিত বিধানাবলী সমাজের রন্ধ্রে রন্ধ্রে গভীরভাবে গ্রোথিত। এক্ষেত্রে জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন হলে বিদ্যমান সামাজিক প্রতিবন্ধকতাসমূহ দূর হবে এবং শারীরবৃত্তীয়, সামাজিক ও নিয়ন্ত্রক বা পরিচালন সম্ভরণসমূহ নারীর উৎপাদনশীলতা বৃদ্ধির ক্ষেত্রে অভূতপূর্ব ইতিবাচক প্রভাব রাখবে।

### ২.২.২ সামাজিক পুনঃপ্রকৌশলায়ন পদ্ধতিসমূহ

আগেই বলা হয়েছে, "জেন্ডার উন্নয়ন" নারী-পুরুষ নির্বিশেষে সমাজের পশ্চাৎপদ জনগোষ্ঠীর উন্নয়নের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে। সামাজিক পুনঃপ্রকৌশলায়ন একটি চলমান প্রক্রিয়া। উদ্দিষ্ট জনগোষ্ঠীর ইস্যুভিত্তিক অবস্থানের ওপর ভিত্তি করে পুনঃপ্রকৌশলায়নের প্রকৃতি ও ধরন নির্ধারিত হওয়া বাঞ্ছনীয়। বর্তমান সমীক্ষার মূল লক্ষ্য হচ্ছে, জীবনের সর্ব পরিসরে জেন্ডার সমতায়ন, জেন্ডার মূলস্রোতধারায়ন, জেন্ডার উন্নয়ন এবং ক্ষমতায়নের মাধ্যমে কাম্য উৎপাদনশীলতা অর্জন ও দারিদ্র্য বিমোচন। সমীক্ষাটির মৌলিক ধারণা (Basic Concept) হচ্ছে, সমাজে বিদ্যমান উৎপাদনহীন বা উৎপাদন-বিমুখ ব্যাপক জনগোষ্ঠী (বিশেষত নারী সমাজ) প্রণোদিত হলে দেশের উৎপাদনশীলতায় একটি অভূতপূর্ব গতিশীলতা সৃষ্টি হবে, তাদের মধ্যে আত্ম-উন্নয়ন, অপেক্ষাকৃত উন্নত জীবন ব্যবস্থা ও জীবন-যুদ্ধে স্বাধিকার প্রতিষ্ঠার দৃঢ় প্রত্যয়ের জন্ম নেবে, বর্ধিষ্ণু হারে শ্রমবাজারে শ্রমশক্তির সমাবেশ ঘটবে, সমাজে বর্ধিষ্ণু মাত্রায় কর্মসংস্থানের বৈচিত্র আসবে, তাদের আর্থ-সামাজিক শক্তি বৃদ্ধি পাবে, এবং ফলে বর্ধিষ্ণু হারে দারিদ্র্য বিমোচন ঘটবে।

সামাজিক পুনঃপ্রকৌশলায়নের প্রস্তাবিত সিস্টেম্‌স এ্যাপ্রোচটি কোন অনমনীয় (rigid) পদ্ধতি নয়, বরং তা প্রয়োজনীয় মাত্রায় স্থিতিস্থাপক (flexible)। সমাজে বিদ্যমান বিভিন্ন সম্প্রদায় বা গোষ্ঠী এবং তাদের স্তরিক অবস্থাভেদে তাদের বিদ্যমান জেন্ডার দৃষ্টিভঙ্গি ভিন্ন ভিন্ন। সম্প্রদায় বা গোষ্ঠীগত দৃষ্টিকোণে উদ্দিষ্ট জনগোষ্ঠীকে ধর্মীয় সম্প্রদায় যেমন, হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রীষ্টান ইত্যাদি, গ্রামীণ-শহুরে এবং জাতি-শ্রেণী হিসেবে সংখ্যা গরিষ্ঠ জাতি (cultural majority), উপ-জাতি (cultural minority) ও সমাজের নির্বান্ধব

জনগোষ্ঠী (outcast) যেমন মুচি, মেথর, নাপিত, জেলে, তাঁতী, কুমার ইত্যাদি সম্প্রদায়ে শ্রেণীভুক্ত করা যায়। আর্থ-সামাজিক দৃষ্টিকোণে তাদেরকে শিক্ষিত-অশিক্ষিত, ধনী-দরিদ্র বা অন্যান্য বিভিন্ন পেশাজীবী এবং নারী-পুরুষ ইত্যাদি শ্রেণীতে বিভক্ত করা যায়। শিক্ষার পর্যায় বা ধনী-দরিদ্রের পর্যায়ের আলোকে তাদেরকে শ্রেণী-দলে স্তরায়ন করা যায়। আবার সামাজিক অবস্থানের আঙ্গিকে তাদেরকে নীতি প্রণেতা বা পরিকল্পনাকারী, নীতি-পরিকল্পনা বা সিদ্ধান্ত বাস্তবায়নকারী এবং আম-জনতা বা উপকারভোগী এ তিনটি স্তরে বিভক্ত করা যায়। এ সকল স্তরিক ভিন্নতার কারণে তাদের বিদ্যমান জেন্ডার দৃষ্টিভঙ্গিতেও ভিন্নতা দেখা যায়। একারণে জেন্ডার মূল্যবোধের সামাজিক প্রকৌশলায়নে প্রথমে উদ্দিষ্ট জনগোষ্ঠী নির্ধারণ করে তাদের বিদ্যমান জেন্ডার দৃষ্টিভঙ্গি নিরূপণ করা হবে এবং সে আঙ্গিকে দ্বিতীয় পর্যায়ে সামাজিক পুনঃপ্রকৌশলায়নের নিমিত্তে তাদের প্রশিক্ষণ চাহিদা নিরূপিত হবে।

তৃতীয় পর্যায়ের কাজ হলো নিরূপিত প্রশিক্ষণ চাহিদার আলোকে স্তরভিত্তিক প্রশিক্ষণ ডিজাইন বা নক্শায়ন এবং জেন্ডার প্রশিক্ষণ প্রদানে সক্ষম উপযুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠান চিহ্নিতকরণ। তবে একথা স্মর্তব্য যে, উদ্দিষ্ট জনগোষ্ঠীর স্তর বিভাজন, স্তরভিত্তিক জেন্ডার দৃষ্টিভঙ্গি ও জেন্ডার প্রশিক্ষণ চাহিদা নিরূপণ, প্রশিক্ষণ ডিজাইন বা নক্শায়ন এবং জেন্ডার প্রশিক্ষণ প্রদানে উপযুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠান চিহ্নিতকরণ ইত্যাদি সকল কাজই সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ও বিশেষায়িত জ্ঞানের অধিকারী ব্যক্তিবর্গ কর্তৃক সম্পাদিত হতে হবে। স্তরভিত্তিক প্রশিক্ষণ নক্শায়নে "কৌষ্ঠিক পদ্ধতি" (modular approach) অনুসৃত হবে এবং তা "পূর্ণ-মোড়ক" (full-package) আকারে নক্শায়িত হবে। তবে তা বাস্তবায়নে প্রযোজ্য ক্ষেত্রে "পূর্ণ-মোড়ক" বা পর্যায়ক্রমিক (step by step) পদ্ধতি অনুসৃত হতে পারে। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণ ব্যবস্থাপক ও প্রশিক্ষক এ দু'ধরনের জনবলের প্রয়োজন হয়। চিহ্নিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে দু'ধরনের জনবলই থাকা অত্যাবশ্যক নয়, তবে প্রথমোক্ত শ্রেণীর জনবল এবং প্রতিষ্ঠানে প্রয়োজনীয় সহায়ক সরঞ্জামের বিদ্যমানতার আবশ্যকতা রয়েছে। আর দ্বিতীয় শ্রেণীর জনবলের ক্ষেত্রে কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষায়িত জ্ঞানের অধিকারী ও অভিজ্ঞ প্রশিক্ষকদের একটি পুল থাকতে হবে, যাতে চিহ্নিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলো প্রয়োজনে সহজে পুলভুক্ত এ জনবলকে ব্যবহারের মাধ্যমে সুষ্ঠুভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে পারে। জেন্ডার প্রশিক্ষণ পরিচালনায় চিহ্নিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে উপযুক্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, বেসরকারি, মাঠ-পর্যায়ে কর্মরত এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠান ইত্যাদি অন্তর্ভুক্ত হতে পারে। তবে সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ কর্তৃক নক্শায়িত প্রশিক্ষণ পাঠক্রম, কারিকুলাম ইত্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা এবং অবস্থা ভেদে সময়ে-সময়ে এগুলোর পরিবর্তন-পরিবর্ধন, সংশোধন ও সময়োপযোগীকরণ ইত্যাদি ক্ষেত্রে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানে একটি কেন্দ্রীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান চিহ্নিত করতে হবে। সামগ্রিক দিক বিবেচনায় বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বা অনুরূপ কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ওপর এ দায়িত্ব অর্পিত হতে পারে। চিহ্নিত কেন্দ্রীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান মাঠ-পর্যায়ের ফলাবর্তন-তথ্যের ওপর ভিত্তি করে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ও বাস্তবায়নকারী সংস্থার সাথে পর্যালোচনা করে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান করবে।

চতুর্থ পর্যায়ের কাজ হলো জেন্ডার প্রশিক্ষণের প্রাতিষ্ঠানিকীকরণ। এক্ষেত্রে স্মর্তব্য যে, আমাদের দেশের প্রশিক্ষণ প্রতিষ্ঠান, উদ্দিষ্ট উপকারভোগী সংস্থা ও সামাজিক সংগঠনগুলো মূলত পিতৃতান্ত্রিক আদর্শে লালিত এবং এখানে অনুসৃত কার্যক্রম পদ্ধতিসমূহে উপর্যুক্ত আদর্শই অনুশীলিত হয়ে থাকে। সুতরাং জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নে "নারীর অগ্রসরায়নে জাতীয় নীতিমালা" (National Policy for Advancement of Women), "জাতীয় কার্যক্রম পরিকল্পনা" (National Action Plan) ও জীবনের সর্ব পরিসরে জেন্ডার সমতায়ন, জেন্ডার মূলস্রোতধারায়ন, জেন্ডার উন্নয়ন এবং ক্ষমতায়ন সম্পর্কিত সরকারের নীতি সিদ্ধান্তসমূহের আলোকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, সংস্থা ও সংগঠনগুলোর আদর্শ ও অনুশীলনে প্রয়োজনীয় সংস্কার আনতে হবে। এজন্য এ সকল প্রতিষ্ঠান, সংস্থা ও সংগঠনগুলোর ওপর প্রভাব সৃষ্টিকারী কেন্দ্রীয় কর্তৃত্বাধিকারী মন্ত্রণালয় বা সংস্থা কর্তৃক অবশ্য পালনীয় সুনির্দিষ্ট দিক্-নির্দেশনা থাকা অত্যাবশ্যক। জেন্ডার প্রশিক্ষণের প্রাতিষ্ঠানিকীকরণের নিমিত্তে সরকার কর্তৃক প্রণীত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালায় বর্ণিত প্রশিক্ষণ বাজেট সংশ্লিষ্ট বিধানাবলীর আলোকে নির্ধারিত বরাদ্দ থেকে এ জাতীয় প্রশিক্ষণের ব্যয়-নির্বাহে প্রয়োজনীয় অর্থের যোগান নিশ্চিত করতে হবে।

প্রক্রিয়াগত দিক থেকে জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নে "উপদেশনা ও প্রণোদনামূলক অনুশীলন প্রশিক্ষণ" পদ্ধতি অনুসৃত হবে। জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নের বর্ণিত মূল লক্ষ্যকে সামনে রেখে পরিচালিত প্রশিক্ষণটি হবে উৎপাদ (output) ও অর্জিত উৎপাদের কাঙ্ক্ষিত পরিণতি (outcome) কেন্দ্রিক। তবে জেন্ডার মূল্যবোধের কাম্য সামাজিক পুনঃপ্রকৌশলায়নে নিম্নে বর্ণিত কার্যক্রম পদ্ধতি অনুসরণ করতে হবে :

- বিভিন্ন আর্থ-সামাজিক স্তরে বিদ্যমান জেন্ডার দৃষ্টিভঙ্গির ভিন্নতা কমিয়ে আনার জন্য প্রাথমিক পর্যায়ে এ এ্যাপ্রোচটিতে উদ্দিষ্ট জনগোষ্ঠীর জেন্ডার দৃষ্টিভঙ্গি ও প্রেক্ষাপট (attitudes and background) বিবেচনায় নিয়ে মোটামুটি সমসত্ত্ব (homogeneous) দলভিত্তিকভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে।
- এ এ্যাপ্রোচটিতে নিরূপিত স্তরভিত্তিক জেন্ডার প্রশিক্ষণ চাহিদা ও ব্যক্তিগত অভিজ্ঞতা ও দ্বন্দ্বের আলোকে অংশগ্রহণমূলক অনুশীলন পদ্ধতি অনুসরণের মাধ্যমে জেন্ডার ধারণা, বিদ্যমান জেন্ডার মূল্যবোধ ও তার আর্থ-সামাজিক পরিণতি এবং সামাজিক সংগঠনসমূহে বিদ্যমান আদর্শ, অনুশীলন, কাঠামো ও সম্পদের বন্টন এবং তার আর্থ-সামাজিক পরিণতি ইত্যাদি সম্পর্কে পদ্ধতিগত বিশ্লেষণ করতে হবে এবং একই সাথে জেন্ডার মূলস্রোতধারায়ন ও "উন্নয়নে নারী" নীতিমালার আলোকে জেন্ডার বিষয়ক নীতিমালা ও সামাজিক বিষয়াবলী পরীক্ষণের মাধ্যেমে প্রয়োজনীয় পরিবর্তন আনায়নের কৌশল খোঁজা হবে। এভাবে অংশগ্রহণকারীদের মধ্যে জেন্ডার-সংবেদনশীলতা সৃষ্টি করে তার মাধ্যমে তারা যাতে দ্বান্দ্বিক সামাজিক প্রচলনকে চ্যালেঞ্জ করার শক্তি অর্জন করতে পারে সেদিকে বিশেষ দৃষ্টি দিতে হবে।

- প্রদেয় প্রশিক্ষণে নীতি প্রণেতা বা পরিকল্পনাকারী, নীতি-পরিকল্পনা বা সিদ্ধান্ত বাস্তবায়নকারী এবং আম-জনতা বা উপকারভোগী এ সকল স্তরের জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। তবে, প্রাথমিক পর্যায়ে স্তরভিত্তিক পৃথক পৃথক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে। বিভিন্ন স্তরের মধ্যে বিদ্যমান জেন্ডার দৃষ্টিভঙ্গিগত শূন্যতা বা বৈষম্য কমে এলে এবং বিভিন্ন স্তরের মধ্যে শিক্ষাগত যোগ্যতার মোটামুটি একটা সমস্বত্ত্বতা বিরাজ করলে পরবর্তী পর্যায়ে তাদের জন্য একত্রে সমন্বিত প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা যেতে পারে।

- প্রশিক্ষণার্থীদের স্তর ও প্রেক্ষাপটের নিরিখে তাদের ধারণ ক্ষমতার উপযুক্ত প্রশিক্ষণ পদ্ধতি নির্বাচন ও মিডিয়ার ব্যবহার নিশ্চিত করতে হবে।

- অংশগ্রহণকারীদের ব্যক্তিগত ও কর্ম-অভিজ্ঞতার আলোকে সমাজে নারীর অধস্তন অবস্থানের বিষয়টি অনুধাবন করতে হবে এবং পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থার কারণে সেটি কিভাবে সংঘটিত হচ্ছে তা বিশ্লেষণ করতে হবে। এখানে শ্রেণী, বর্ণ ও ধর্ম জেন্ডার বৈষম্য সৃষ্টিতে কিভাবে প্রভাব বিস্তার করে তাও বিশ্লেষণ করে দেখতে হবে। এরপর বিশ্লেষণের ফলাফলের আলোকে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণের মাধ্যমে গৃহীতব্য কার্যক্রমসমূহ চিহ্নিত করতে হবে এবং এগুলো বাস্তব জীবনে তারা কিভাবে অনুসরণ করবে তার পদ্ধতি ও প্রক্রিয়াগত দিক্-নির্দেশনা প্রণয়ন করতে হবে।

- এ্যাপ্রোচটিতে জীবনের সর্ব পরিসরে নারীর বাস্তবমুখী ও কৌশলগত জেন্ডার চাহিদা এবং নারীর বঞ্চনা ও পশ্চাৎপদতা বিবেচনায় তার প্রজনন ও উৎপাদনশীল উভয় ভূমিকা পালনের ক্ষেত্রে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা সম্প্রসারণের ওপর গুরুত্ব আরোপ করা হবে এবং বিদ্যমান জেন্ডার বৈষম্য দূরীকরণসহ তাদের কৌশলগত জেন্ডার চাহিদা পূরণের প্রয়াস নেয়া হবে, যাতে সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মাধ্যমে অর্জিত দৃষ্টিভঙ্গিগত ও প্রত্যাশিত বাস্তব পরিবর্তন যেন তাদের মধ্যে চেতনাগত শক্তির উন্মেষ ঘটাতে সক্ষম হয়।

- নারীর বাস্তবমুখী ও কৌশলগত চাহিদা পূরণের সীমাবদ্ধতাকে চিহ্নিত করে সেগুলো উত্তরণের উপায় খুঁজে বের করার ক্ষেত্রে স্থান-কাল ও পরিস্থিতির ভিন্নতাকে বিবেচনায় নেয়া হবে।

- জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন প্রাতিষ্ঠানিক ও জেন্ডার উভয় প্রকৃতির উন্নয়নের দৃষ্টিকোণে পরিচালিত হবে। ফলে তা একদিকে যেমন সংস্থার কর্মীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করবে, অন্যদিকে তা নারীর ভিন্নতর স্বার্থ ও চাহিদা বিবেচনা করে সামগ্রিকভাবে প্রতিষ্ঠানের ফলপ্রসূ পরিকল্পনা ও সক্ষমতা (Capacity) বৃদ্ধিসহ সংস্থার মধ্যে বিদ্যমান জেন্ডার-ক্ষমতা-সম্পর্কের (Gender Power Relations) কাঙ্ক্ষিত পরিবর্তন আনয়নে সক্ষম হবে।

- নারীর পশ্চাৎপদতার বিষয়টি সামাজিক উন্নয়নের দৃষ্টিকোণে বিবেচনা করে নারী-পুরুষ নির্বিশেষে উন্নয়ন সুবিধার অংশীদারিত্ব নিশ্চিতকরণে উন্নয়নে নারীর অংশগ্রহণের বিষয়টি এখানে বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

- জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নের বিষয়টি সামগ্রিকভাবে সমাজের সকল স্তরের জন্য প্রযোজ্য হলেও দারিদ্র্য বিমোচনের দৃষ্টিকোণে উৎপাদনহীন বা উৎপাদন-বিমুখ এবং প্রান্তিক জনগোষ্ঠী কিভাবে অর্থনীতির দৃষ্টিকোণে বিবেচ্য উৎপাদনমুখী কার্যক্রমে নিজেদেরকে সম্পৃক্ত করতে পারবে এবং অর্জিত উন্নয়ন ও উৎপাদনের অংশিদারিত্ব অর্জনের মাধ্যমে কিভাবে তারা পর্যায়ক্রমে সামাজিক ও অর্থনৈতিক শক্তি-ভিত্তিতে প্রবেশের সুযোগ লাভ করতে পারবে, সে বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করবে।

সামগ্রিকভাবে প্রস্তাবিত পুনঃপ্রকৌশলায়ন পদ্ধতিটি কোন এক-মারী (one-shot) প্রয়াস নয়। বিদ্যমান পেক্ষাপটে প্রাথমিক পর্যায়ের পুনঃপ্রকৌশলায়ন প্রক্রিয়ায় জেন্ডার বৈষম্যের কারণে সৃষ্ট আর্থ-সামাজিক প্রতিক্রিয়া বা পরিণতির আলোকে জেন্ডার সচেতনতা সৃষ্টি, জেন্ডার সংবেদনশীলতা বৃদ্ধি ও জেন্ডার অন্ধত্ব নিরসনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে। সমাজের বিভিন্ন স্তরে যথার্থ জেন্ডার সংবেদনশীলতা অর্জিত হলে পরবর্তী পর্যায়ে জেন্ডার সমতায়ন, মূলস্রোতধারায়ন ও ক্ষমতায়নের ওপর অধিকতর গুরুত্ব দিতে হবে। এক্ষেত্রে সামাজিক পুনঃপ্রকৌশলায়নের নিমিত্তে নক্শায়িত প্রশিক্ষণ কারিকুলামেও পর্যায়ক্রমিকভাবে আঙ্গিক পরিবর্তন আনতে হবে। পরিবর্তন ব্যবস্থাপনার (change management) দৃষ্টিকোণে সামগ্রিক প্রশিক্ষণ চক্রের (training cycle) ব্যবস্থাপনায়ও উপর্যুক্ত পরিবর্তনের ধারা অনুসরণ করতে হবে।

এখন প্রশ্ন হচ্ছে, জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন কিভাবে বিদ্যমান উৎপাদনশীলতাকে বৃদ্ধি করবে এবং কি প্রক্রিয়ায় বিদ্যমান দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত হবে। উৎপাদনশীলতা বৃদ্ধির বিষয়টি নিম্নে বর্ণিত প্রক্রিয়ায় "অনপেক্ষ উৎপাদনশীলতা" (absolute productivity) ও "আপেক্ষিক উৎপাদনশীলতা" (relative productivity) উভয় পদ্ধতিতে সম্পাদিত হতে পারে। আর উৎপাদনশীলতার অংশীদারিত্বের কারণে উৎপাদনশীলতা বৃদ্ধির ফলাফল হিসেবে স্বয়ংক্রিয়ভাবে দারিদ্র্য বিমোচন ঘটবে।

### ২.২.৩ উৎপাদ/কর্মদক্ষতা পদ্ধতিসমূহ

ধারণাগত দিক থেকে অনপেক্ষ উৎপাদনশীলতা হচ্ছে, একজন মানুষ প্রত্যক্ষভাবে অর্থনৈতিক কার্যক্রমে জড়িত থাকার ফলে যে উৎপাদনশীলতা অর্জন করছে তার পরিমাণ। আর আপেক্ষিক উৎপাদনশীলতা হচ্ছে, উৎপাদনশীলতার ব্যাকওয়ার্ড-লিঙ্কেজ প্রদানের মাধ্যমে একজন মানুষ অর্জিত প্রকৃত উৎপাদনশীলতায় যে অবদান রাখছে তার পরিমাণ। উদাহরণত একজন কৃষক তার নিজের জমি চাষ করলে বা নিজের জমিতে কাজ করলে তাকে কোন শ্রমমূল্য দিতে হয় না। কিন্তু তার এই শ্রমের একটি নির্দিষ্ট সম্ভরণ মূল্য রয়েছে, যা অর্থনীতির বিচারে তার উৎপাদন মূল্যে সংযোজিত হয় এবং লাভ-ক্ষতির হিসেবে তা উৎপাদ মূল্যে বিবেচিত হয়। একজন নারীর প্রজনন দায়িত্ব সম্ভরণ, উৎপাদন ও উৎপাদ কোন স্তরেই অর্থনৈতিক মূল্যমানে বিবেচিত হয়না। অথচ নারীর সুষ্ঠু প্রজনন

দায়িত্ব পালনের ওপর অর্থনীতির বিচারে অর্জিত দেশের উৎপাদনশীলতা দারুণভাবে নির্ভরশীল। এক্ষেত্রে উপর্যুক্ত কৃষককে যথার্থ কর্মক্ষম রাখার জন্য তার খাদ্যোৎপাদন, প্রয়োজনীয় পুষ্টির সরবরাহ নিশ্চিত করা, প্রয়োজনীয় অন্যান্য শারীরবৃত্তীয় ও স্বাস্থ্য পরিচর্যা সম্প্রসারণ, উৎপাদনে কৃষকের মনোনিবেশ করার উপযুক্ত পারিবারিক পরিবেশ সৃষ্টি ও পারিবারিক নানাবিধ ঝুট-ঝামেলা স্কন্ধে নেয়া যেমন, সন্তানের লালন-পালন, তাদের দৈনন্দিন চাহিদা পূরণ ইত্যাদি এবং পারিবারিক পর্যায়ের কৃষি উৎপাদন ব্যবস্থাপনা যেমন, মাড়াই, শুকানো, অন্যান্য উপায়ে উৎপাদিত পণ্য প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ইত্যাদি প্রজনন দায়িত্বের অন্তর্ভুক্ত। নারীর এই প্রজনন দায়িত্বেরও একটি অর্থনৈতিক সম্ভরণ মূল্য আছে, যা আপাতত সামাজিক ও অর্থনৈতিকভাবে স্বীকৃত না হলেও কার্যত ক্রিয়াশীল। সুতরাং প্রকৃত অর্থে দেশের উৎপাদনশীলতার পরিমাণ নিরূপণে নারীর প্রজনন দায়িত্বের অবদান অবশ্যই বিবেচ্য। উৎপাদনশীলতার গাণিতিক পরিমাপে নারীর এই প্রজনন দায়িত্বের অবদানের অন্তর্ভুক্তি একদিকে যেমন জেন্ডার-বিভাজিত বিদ্যমান উৎপাদনশীলতার চিত্রকে পাল্টে দেবে, অন্যদিকে তাতে নারীর বিদ্যমান ভূমিকার উৎপাদন-অবদান আর্থ-সামাজিক স্বীকৃতি লাভে সমর্থ হবে, যা জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নকে আরো ত্বরান্বিত করবে এবং অনপেক্ষ উৎপাদনশীলতা অর্জনে নারীর বর্ধিষ্ণু অংশগ্রহণ ও অংশীদারিত্ব নিশ্চিত করবে।

বর্ণিত সামাজিক পুনঃপ্রকৌশলায়ন পদ্ধতি উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতিতে বর্ণিত সম্ভরণ সেবা, সম্পদ ও সুবিধাদিতে নারীর প্রবেশাধিকারকে বর্ধিষ্ণু মাত্রায় সম্প্রসারিত ও উন্মুক্ত করবে। এতে তাদের সক্ষমতা, দক্ষতা-যোগ্যতার উন্নয়ন ও পুনর্বিন্যাস ঘটবে। ফলে সেবা, সম্পদ ও সুবিধাদিতে নারীর বর্ধিষ্ণু প্রবেশাধিকার আরো ত্বরণায়িত হবে, আপন দক্ষতা-যোগ্যতায় নারী সমাজে তার বিদ্যমান অবস্থান ও ভূমিকাকে চ্যালেঞ্জ করার শক্তি অর্জন করবে এবং অনপেক্ষ উৎপাদনশীলতায় নারীর বর্ধিষ্ণু অংশগ্রহণ ও অংশীদারিত্ব নিশ্চিত হবে। নারী-পুরুষ নির্বিশেষে হাতে-হাত, কাধে-কাধ মিলিয়ে কাজ করার সুযোগ সৃষ্টি হবে। ভারাক্রান্ত জনসংখ্যা বর্ধিত জনশক্তিতে রূপান্তরিত হবে এবং দেশের আর্থ-সামাজিক কাঠামোয় একটি ইতিবাচক, বর্ধিষ্ণু ও বৈপ্লবিক পরিবর্তন সূচিত হবে, যা প্রকারান্তরে বর্ধিত উৎপাদনশীলতা অর্জন ও দেশের সামগ্রিক উন্নয়নে একটি অভূতপূর্ব ও অপরিমেয় গতিশীলতার সৃষ্টি করবে। তবে সমস্যা হচ্ছে, উদাহরণে বর্ণিত কৃষি উৎপাদন ব্যবস্থার মত নারীর আপেক্ষিক উৎপাদনশীলতা আপাত দৃশ্যমান নয় বা পরিমাপ করা হয়না। কিন্তু গাণিতিক কৌশল ব্যবহারের মাধ্যমে এ উৎপাদনশীলতা পরিমাপ করা যায়। এক্ষেত্রে একজন নারীর প্রকৃত উৎপাদনশীলতা হচ্ছে :

$$W_{pj} = WA_{pj}P + WR_{pj} + WA_{pj}C \quad \ldots \quad \ldots \quad \ldots \quad \ldots \quad \text{[সূত্র - ১]}$$

এখানে, W = নারী/মহিলা বা woman, $_p$ = উৎপাদনশীলতা বা productivity, A = অনপেক্ষ বা Absolute, P = বর্তমান/বিদ্যমান বা Present, C = সৃষ্ট বা Created,

R = আপেক্ষিক বা Relative এবং '$_j$' = একজন নির্দিষ্ট নারী/মহিলা '$_j$' এর সংশ্লিষ্ট উপাত্তের নির্দেশক হিসেবে প্রতিপাদিত হয়েছে, যেখানে :

$W_{pj}$ = একজন নারী '$_j$' এর নির্ণীত প্রকৃত উৎপাদনশীলতা;

$WA_{pj}P$ = বিদ্যমান পরিসরে উক্ত '$_j$' নারীর অনপেক্ষ উৎপাদনশীলতা;

$WR_{pj}$ = উক্ত '$_j$' নারীর আপেক্ষিক উৎপাদনশীলতা এবং

$WA_{pj}C$ = সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মাধ্যমে সৃষ্ট উক্ত '$_j$' নারীর অনপেক্ষ উৎপাদনশীলতা।

সামগ্রিকভাবে সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মাধ্যমে সৃষ্ট নারীর অনপেক্ষ উৎপাদনশীলতা দু'টি ভিন্ন আঙ্গিকে বৃদ্ধি ঘটবে। প্রথমত অর্থনীতির বিচারে বিবেচিত উৎপাদনশীল কার্যক্রমে উৎপাদন-বিমুখ বা উৎপাদনহীন নারীর অন্তর্ভুক্তি শ্রম-বাজারে বর্ধিত শ্রমিকের সমাবেশ ঘটাবে। ফলে শ্রম-বাজারে বর্ধিত সংখ্যক নারী-শ্রমিকের অন্তর্ভুক্তি নারীর বর্ধিত অনপেক্ষ উৎপাদনশীলতা নিশ্চিত করবে। দ্বিতীয়ত সামাজিক পুনঃপ্রকৌশলায়নের কারণে নারীর কর্মক্ষমতা, কর্ম-দক্ষতা ও উৎপাদন স্থৈতিকতায় ইতিবাচক পরিবর্তন আসবে, অনপেক্ষ উৎপাদনে বর্ধিষ্ণু সংশ্লিষ্টতার কারণে পারিবারিক আয় বৃদ্ধি হবে, পারিবারিক পর্যায়ে সঞ্চয় বৃদ্ধি ঘটবে, উৎপাদনে পুঁজি সঞ্চালনের হার স্বয়ংক্রিয়ভাবে বেড়ে যাবে এবং নতুন নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে। এতে একদিকে যেমন সম্পদ, সেবা ও সুবিধাদিতে উন্মুক্ত প্রবেশাধিকারের কারণে বর্তমানে উৎপাদনশীল কার্যক্রমে নিয়োজিত নারীর কর্ম-দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের অনপেক্ষ উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে, অন্যদিকে শ্রম-বাজারে নতুনভাবে অন্তর্ভুক্ত নারী-শ্রমিক নতুন অবয়বে নতুন প্রজন্মের কর্ম-দক্ষতায় (new generation performance) উদ্ভাসিত হবে, যা তার উৎপাদনশীলতায় একটি নতুন মাত্রার গতিশীলতা সৃষ্টি করবে। এভাবে সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মাধ্যমে সামগ্রিকভাবে সৃষ্ট নারীর অনপেক্ষ উৎপাদনশীলতাকে নিম্নরূপে পরিমাপ করা যাবে :

$$WA_pC = WA_pC_iL + WA_pC_iE \; \ldots \; \ldots \; \ldots \; \ldots \quad [\text{সূত্র - ১/১}]$$

এখানে, $_i$ = বর্ধিত বা increased, L = শ্রমশক্তি বা Labor Force এবং E = কর্ম-দক্ষতা/সক্ষমতা বা Efficiency/Performance হিসেবে প্রতিপাদিত হয়েছে, যেখানে :

$WA_pC$ = সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মাধ্যমে সৃষ্ট নারীর অনপেক্ষ উৎপাদনশীলতা;

$WA_pC_iL$ = সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মাধ্যমে সৃষ্ট উৎপাদন-বিমুখ বা উৎপাদনহীন বর্ধিত নারী-শ্রমিকের অর্জিত অনপেক্ষ উৎপাদনশীলতা;

$WA_pC_iE$ = সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মাধ্যমে সৃষ্ট নতুন প্রজন্মের কর্ম-দক্ষতার কারণে (উৎপাদনশীল কার্যক্রমে বর্তমানে নিয়োজিত + নতুনভাবে আগত) নারীর বর্ধিত অনপেক্ষ উৎপাদনশীলতা;

এভাবে নারীর প্রকৃত উৎপাদনশীলতা পরিমাপের পর নিম্নোক্ত সূত্রের মাধ্যমে তাদের প্রকৃত বর্ধিত উৎপাদনশীলতা নিরূপিত হতে পারে :

$$W_{ip} = W_p - WA_pP \quad \ldots \quad \ldots \quad \ldots \quad \ldots \quad [\text{সূত্র - ২}]$$

এখানে, $W_{ip}$ = নারীর প্রকৃত বর্ধিত উৎপাদনশীলতা;

$W_p$ = নারীর নির্ণীত প্রকৃত উৎপাদনশীলতা; এবং

$WA_pP$ = বিদ্যমান পরিসরে নারীর অনপেক্ষ উৎপাদনশীলতা।

তবে গাণিতিক পরিসরে তাত্ত্বিকভাবে সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মাধ্যমে সৃষ্ট নারীর উৎপাদনশীলতা বৃদ্ধির বিষয়টি যতটা সহজভাবে কার্যকর মনে হচ্ছে, বাস্তব পরিসরে সেটাকে ততটা সহজ-সাধ্য ভাবার অবকাশ নেই। বিদ্যমান অবস্থার প্রেক্ষাপটে বাংলাদেশে বেকারত্ব ও অর্ধ-বেকারত্ব বা ছায়া-বেকারত্বের হার তুলনামূলকভাবে খুবই উচ্চ। শ্রম-বাজারে নতুন আঙ্গিকে ব্যাপক পরিসরে নারী-শ্রমিকের অন্তর্ভুক্তি বেকারত্বের বিদ্যমান পরিস্থিতিকে আরো নাজুক করে তুলতে পারে। উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতিসমূহে সামাজিক পুনঃপ্রকৌশলায়ন পদ্ধতির মিথস্ক্রিয়ার মাধ্যমে সৃষ্ট প্রতিক্রিয়া স্বয়ংক্রিয়ভাবে উদ্ভূত এ পরিস্থিতির অনেকটাই সামাল দিতে সক্ষম হবে। কিন্তু তবুও পুরো পরিস্থিতি নিয়ন্ত্রণে রেখে কাম্য উৎপাদনশীলতা অর্জনের ক্ষেত্রে সামাজিক পুনঃপ্রকৌশলায়ন পদ্ধতি ও উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতিসমূহে স্তরায়িত জনগোষ্ঠীর সংশ্লিষ্ট স্তর-উপযুক্ত কর্ম-সংস্থান সৃষ্টির পৃথক নীতি-পদক্ষেপ নিতে হবে। উদাহরণত সামাজিক পুনঃপ্রকৌশলায়নের সাথে উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতিসমূহের মিথস্ক্রিয়ায় সৃষ্ট প্রতিক্রিয়া সম্ভরণ পদ্ধতি হিসেবে সকল স্তরের জনগোষ্ঠীর জন্য একই হারে কার্যকর হবে না। অন্ধ, বিকলাঙ্গ, শারীরিক প্রতিবন্ধী, বিভিন্ন উপ-জাতিগোষ্ঠী বা বিশেষ ধর্মীয় সম্প্রদায় অথবা অন্য কোন অবহেলিত জনগোষ্ঠীতে এ পদ্ধতির কাম্য কার্যকারিতা পেতে হলে তাদের উপযুক্ত পৃথক নীতি-পদক্ষেপ ও নীতি-প্রয়াস গ্রহণ করতে হবে। সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও সামাজিক নিরাপত্তা সিঁড়ি নিশ্চিতকরণের ক্ষেত্রেও অনুরূপ পদক্ষেপ অনুসরণ করতে হবে।

আবার সামগ্রিকভাবে এ প্রক্রিয়া একদিকে যেমন সম্পদ, সেবা ও সুবিধাদিতে নারীর প্রবেশাধিকারকে পুনর্বিন্যস্ত করবে, অন্যদিকে তা পুরুষের অর্থনৈতিক কার্যক্রমকে পুনর্বিন্যস্ত করবে এবং প্রজনন দায়িত্বে তাদের অংশীদারিত্ব সৃষ্টি করবে। সেক্ষেত্রে নারীর মত পুরুষের উৎপাদনশীলতাও অনপেক্ষ ও আপেক্ষিক উৎপাদনশীলতায় বিভাজিত হবে। সামগ্রিক উৎপাদনশীলতা পরিমাপে নতুন আঙ্গিকে সৃষ্ট পুরুষের এই আপেক্ষিক

উৎপাদনশীলতাও বিবেচনায় আনতে হবে। এভাবে একটি পরিবারের কর্মক্ষম পুরুষ ও নারীর অনপেক্ষ ও আপেক্ষিক উৎপাদনশীলতার যোগফল ঐ পরিবারের মোট উৎপাদনশীলতা এবং জাতীয় পর্যায়ে কর্মক্ষম সকল পুরুষ ও নারীর অনপেক্ষ ও আপেক্ষিক উৎপাদনশীলতার যোগফল মোট জাতীয় উৎপাদনশীলতা হিসেবে গণ্য করা হবে। মোট জাতীয় উৎপাদনশীলতা নিম্নোক্ত গাণিতিক সূত্রের সাহায্যে পরিমাপ করা যাবে :

$$TN_p = \{(MA_pP + MR_p + MA_pE) + (WA_pP + WR_pC + WA_pE)\}$$
... ... ... ... [সূত্র - ৩]

অনুরূপভাবে গাণিতিক সূত্রের সাহায্যে একটি পরিবারের মোট পারিবারিক উৎপাদনশীলতাও নিরূপিত হতে পারে। যাহোক, উপর্যুক্ত সূত্রে T = মোট বা Total, N = জাতীয় বা National, TN = মোট জাতীয় বা Total National এবং M = পুরুষ বা Male হিসেবে প্রতিপাদিত হয়েছে। সুতরাং মোট জাতীয় উৎপাদনশীলতা পরিমাপ করার পর নিম্নোক্ত সূত্রের সাহায্যে বর্ধিত জাতীয় উৎপাদনশীলতা নিরূপিত হতে পারে :

$$N_{ip} = TN_p - (MA_pP + WA_pP)$$ ... ... ... ... [সূত্র - ৪]

এখানে, $N_{ip}$ = বর্ধিত জাতীয় উৎপাদনশীলতা;

$TN_p$ = নির্ণীত মোট জাতীয় উৎপাদনশীলতা;

$MA_pP$ = বিদ্যমান পরিসরে পুরুষের অনপেক্ষ উৎপাদনশীলতা; এবং

$WA_pP$ = বিদ্যমান পরিসরে নারীর অনপেক্ষ উৎপাদনশীলতা।

এভাবে নির্ণীত মোট বর্ধিত জাতীয় উৎপাদনশীলতাকে মোট কর্মক্ষম জনসংখ্যা দ্বারা বিভাজন করে বিভাজিত ফলাফলকে শতাংশে প্রকাশের মাধ্যমে বর্ধিত জাতীয় উৎপাদনশীলতার হার নিরূপিত হতে পারে। সামগ্রিকভাবে জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নের বর্ণিত এ পদ্ধতিটি নারীর বা জাতীয় উৎপাদনশীলতাই শুধু বৃদ্ধি করবে তা নয়। বরং বর্ধিত ও জাতীয় উৎপাদনশীলতায় নারীর অংশীদারিত্ব নিশ্চিত হবে, উৎপাদনশীলতার জেন্ডার-বিভাজিত তথ্য পাওয়া যাবে এবং সমাজে একটি নতুন মাত্রার উৎপাদনশীলতার গতিশীলতা সৃষ্টি হবে। ফলে নারী উন্নয়ন, জেন্ডার-মূলস্রোতধারায়ন, সমতায়ন ও ক্ষমতায়নের ক্ষেত্রে অধিকতর লাগসই পদক্ষেপ গ্রহণ করা সহজ-সাধ্য হয়ে উঠবে এবং সামগ্রিকভাবে তা দেশের কাঙ্ক্ষিত উন্নয়নকে ত্বরান্বিত করবে।

### ২.২.৪ দারিদ্র্য বিমোচন পদ্ধতিসমূহ

স্বাধীনতাত্তোর কাল থেকে বাংলাদেশের পর্যায়ক্রমিক উন্নয়ন পরিকল্পনা দলিলগুলো পর্যালোচনা করলে দেখা যায়, প্রতিটি পরিকল্পনায়ই দারিদ্র্য বিমোচনের বিষয়টি বিশেষ গুরুত্বের সাথে বিবেচিত হয়েছে। দারিদ্র্য বিমোচনে প্রতিটি সরকারই নানামুখী কার্যক্রম

হাতে নিয়েছে। দীর্ঘ তিন দশকেরও অধিক সময় ধরে দারিদ্র্য বিমোচনের এই অব্যাহত প্রয়াসে অনেকটা সফলতাও এসেছে, আগের তুলনায় বাংলাদেশের দারিদ্র্যাবস্থার উন্নতিও ঘটেছে। কিন্তু তারপরও দারিদ্র্য বিমোচনের বিদ্যমান হার প্রত্যাশানুরূপ নয়। দারিদ্র্য বিমোচন কার্যক্রমকে সফল করার জন্য সীমিত ক্ষমতার মধ্যেও সরকার অনেকগুলো "সামাজিক নিরাপত্তা বেষ্টনী" ও "সামাজিক নিরাপত্তা সিঁড়ি" কর্মসূচি নিয়েছে [সংযোজনী-১]। বিভিন্ন এনজিও, সামাজিক সংগঠন এমনকি ব্যক্তি উদ্যোগেও অনেক সময় এ জাতীয় কর্মসূচি গৃহীত বা পরিচালিত হয়ে থাকে। ব্যক্তি উদ্যোগে গৃহীত বা পরিচালিত কর্মসূচির মধ্যে এতিমখানা পরিচালনা দুর্যোগকালীন ত্রাণ বিতরণ, শীতবস্ত্র বিতরণ, যাকাতের শাড়ি-লুঙ্গি বা আর্থিক সহায়তা প্রদান, বয়স্ক শিক্ষা, পেশাজীবী প্রশিক্ষণ, ঝরে পড়া শিশুদের শিক্ষা (education for dropout children) ইত্যাদি অন্যতম। দারিদ্র্য বিমোচনে গৃহীত এ কর্মসূচিগুলোকে বর্তমান সমীক্ষায় "সামাজিক নিরাপত্তা বেষ্টনী" ও "নিরাপত্তা সিঁড়ি" হিসেবে বিভাজন করা হলেও [সংযোজনী-১] প্রকৃতিগত দিক থেকে অনেকগুলো কর্মসূচিতে উল্লিখিত দু'ধরনের বৈশিষ্ট্যই পরিলক্ষিত হয়। উদাহরণত, ক্ষুদ্র-ঋণ কর্মসূচি প্রধানত একটি "সামাজিক নিরাপত্তা সিঁড়ি" কর্মসূচি হলেও এটি সামাজিক নিরাপত্তা বেষ্টনী হিসেবেও কার্যকর। এ কর্মসূচিটি একদিকে যেমন একটি দরিদ্র পরিবারের দারিদ্র্যাবস্থার অবনতির বিপরীতে রক্ষা-কবচ হিসেবে কাজ করে, অন্যদিকে কৌশলগত দিক থেকে তা তাদের দারিদ্র্যাবস্থা উত্তরণের সিঁড়ি হিসেবে ক্রিয়াশীল। কিন্তু VGF বা বয়স্ক ভাতা কর্মসূচি সর্বাংশে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি হিসেবে বিবেচিত। সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও নিরাপত্তা সিঁড়ি হিসেবে দারিদ্র্য বিমোচনে গৃহীত এ সকল কর্মসূচির অবশ্যই ইতিবাচক প্রভাব রয়েছে। তবে কর্মসূচিগুলোর কিছু সহজাত (inherent) দুর্বলতার কারণে দারিদ্র্য বিমোচনে তা প্রত্যাশানুরূপ সফলতা আনয়নে সক্ষম হয়নি। প্রথমত কর্মসূচিগুলো যথার্থ জেন্ডার-সংবেদনশীল নয়। বরং বেশিরভাগ ক্ষেত্রে তা জেন্ডার সমতায়ন, ক্ষমতায়ন ও মূলস্রোতধারায়ন অপেক্ষা মূলত উদ্দিষ্ট জনগোষ্ঠীর উদ্বর্তনের (survival) লক্ষ্যে পরিচালিত হয়। এতে "দারিদ্র্য-বাণিজ্যে" সমাজের এক শ্রেণীর মানুষের ঘরে "লক্ষ্মী" এলেও দারিদ্র্য প্রপীড়িত জনগোষ্ঠীর "কঙ্কালসার বেঁচে থাকা" ছাড়া তাদের কাম্য উন্নতি পরিলক্ষিত হয়না। দ্বিতীয়ত বিভিন্ন এনজিও, সামাজিক সংগঠন ও ব্যক্তি উদ্যোগের বিষয়টি বাদ দিলেও সরকারি পর্যায়েই অসংখ্য সংস্থা, দপ্তর ও মন্ত্রণালয় এ জাতীয় কর্মসূচি গ্রহণ, পরিচালন ও নিয়ন্ত্রণে জড়িত এবং এ সকল কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নে জাতীয় পর্যায়ে সমন্বিত নীতিমালার অভাবে কর্মসূচি সংশ্লিষ্ট সংস্থাসমূহের মধ্যে পারস্পরিক সমন্বয়হীনতা অত্যন্ত প্রকট। ফলে কর্মসূচিগুলো একদিকে যেমন স্থানীয় পর্যায়ে অনেক ক্ষেত্রে প্রাবরিত (overlapped), বাস্তব পরিসরে উদ্দিষ্ট স্তরিক সমাজ-গোষ্ঠীর প্রকৃত ঝুঁকি-চিত্র অননুসৃত, অন্যদিকে কর্মসূচিগুলোর প্রাতিষ্ঠানিকীকরণ (institutionalization) সম্ভব হয়নি বিধায় সরকার পরিবর্তনে এগুলোর প্রকৃতি, পরিসর, বরাদ্দ ও বাস্তবায়ন রূপরেখা পরিবর্তিত হয়। তৃতীয়ত প্রয়োজনের তুলনায় কর্মসূচিগুলোর ব্যাপ্তি খুবই সীমিত, আর্থিক পরিমাণের দিক থেকে খুবই অপর্যাপ্ত এবং বাস্তবত এগুলোর প্রশাসনিক ব্যয় ও লিকেজ বা সিস্টেম-লস্ খুব বেশি (The Government of the People's Republic of Bangladesh, 2005,

pp. 123-124) । চতুর্থত কর্মসূচিগুলো মূলত গ্রামীণ দারিদ্র্য — আরো সুনির্দিষ্টভাবে বলতে গেলে ভূমি-মালিকানা ও আয়-দারিদ্র্য কেন্দ্রিক। কিন্তু উত্তর বঙ্গের মঙ্গা পীড়িত জনগোষ্ঠীর দারিদ্র্যের প্রকৃতি এবং উত্তর ও মধ্যাঞ্চলের নদী-ভাঙ্গনের কবলে নিপতিত জনগোষ্ঠী বা নিম্ন ও মধ্যাঞ্চলের বান-ভাসী মানুষের বা বৈরি প্রকৃতির অশুভ তাণ্ডবে ও পরিবেশ অবক্ষয়ের কারণে উদ্ভূত উত্তর, মধ্য ও নিম্নাঞ্চলের মানুষের দারিদ্র্যের প্রকৃতি এক নয়। আর্সেনিক দূষণ বা দক্ষিণ ও মধ্যাঞ্চলের লবণাক্ততা বৃদ্ধির কারণে সৃষ্ট দারিদ্র্যের প্রকৃতিতে ভিন্নতা দেখা যায়। আবার উপ-জাতি-গোষ্ঠী, সমাজের নির্বান্ধব (outcast) জনগোষ্ঠী যেমন মুচি, মেথর, নাপিত, জেলে, তাঁতী, কুমার ইত্যাদি বা অন্যান্য সামাজিক গোষ্ঠীর মধ্যে বিরাজমান দারিদ্র্যের প্রকৃতি ও কারণসমূহ সামাজিক স্তরভেদে ও ভৌগোলিক পরিসরে সকল ক্ষেত্রে এক নয়। এজন্য সরকার বা অন্যান্য সামাজিক সংগঠন ও এনজিও কর্তৃক গৃহীত একক কোন দারিদ্র্য বিমোচন কর্মসূচি তাদের সকলের জন্য একই হারে কার্যকর নয়। বরং বলা যায়, এ সকল কর্মসূচি তাদের অনেককে স্পর্শ করতে সক্ষম নয়। পঞ্চমত মুদ্রাস্ফীতি বা বৈশ্বিক পরিসরে উন্নয়ন নীতিমালার পরিবর্তন যেমন বিশ্বায়ন, মুক্তবাজার অর্থনীতি ইত্যাদির প্রচলন উপর্যুক্ত জনগোষ্ঠীতে ভিন্ন মাত্রার দারিদ্র্যের জন্ম দেয়। ষষ্ঠত কর্ম-পরিসরে বিদ্যমান নারীর সামাজিক নিরাপত্তাহীনতা, নির্যাতন ও নিবর্তনমূলক পরিবেশ শ্রম-বাজারে অনপেক্ষ উৎপাদনশীলতায় বর্ধিষ্ণু হারে নারীর অন্তর্ভুক্তিকে নিরুৎসাহিত করে। সপ্তমত মানুষের দারিদ্র্য শুধু ভূমি-মালিকানা বা আয়-বৈশিষ্ট্য দ্বারা নিয়ন্ত্রিত নয়। বয়স ও জেন্ডার ভেদে সামাজিক ও মনস্তাত্ত্বিক দারিদ্র্য, স্বাস্থ্য-দারিদ্র্য, খাদ্য/পুষ্টি গ্রহণ, খাদ্য নিরাপত্তা, ভোগ-ব্যয় (consumption expenditure), পুরুষহীন পরিবারে নারীর সামাজিক নিরাপত্তাহীনতা এবং সামগ্রিকভাবে নারীর সামাজিক নিরাপত্তাহীনতা ইত্যাদি বৈশিষ্ট্যাবলী নারী মানব দারিদ্র্যকে দারুণভাবে প্রভাবিত করে। কিন্তু দারিদ্র্য বিমোচনে বিদ্যমান ধারার সাধারণ কৌশলসমূহ এ সকল সমস্যা সম্বোধনে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম নয়। এ কারণে এ সকল সমস্যা উত্তরণে বিকল্প ধারার উপযুক্ত কৌশল অনুসরণ অত্যাবশ্যক। জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন এক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম।

জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মোড়ক প্রস্তাবনাটি সামগ্রিকভাবে উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতি ও তার সম্ভরণ ফ্যাক্টরসমূহ এবং কর্মদক্ষতা পদ্ধতির ওপর কিভাবে কাজ করে এবং এ প্রক্রিয়া উল্লিখিত পদ্ধতিসমূহের ওপর কি ধরনের প্রভাব সৃষ্টি করতে সক্ষম তা ইতোপূর্বে বিদ্ধৃত হয়েছে। সামাজিক পুনঃপ্রকৌশলায়নের দারিদ্র্য বিমোচন পিরামিড (চিত্র-২) জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন প্রক্রিয়ায় সৃষ্ট উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতি, কর্মদক্ষতা পদ্ধতি এবং দারিদ্র্য বিমোচন পদ্ধতির বহুমাত্রিক ও যৌগিক সম্পর্ককে অপেক্ষাকৃত সহজবোধ্যভাবে চিত্রায়িত করে। প্রক্রিয়াগত দিক থেকে জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন দারিদ্র্য বিমোচনে স্বয়ংক্রিয় সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও সামাজিক নিরাপত্তা সিঁড়ি হিসেবে কাজ করে। একই সাথে তা দারিদ্র্য বিমোচন, জেন্ডার সমতায়ন, ক্ষমতায়ন ও মূলস্রোতধারায়নের চেতনাগত চালিকাশক্তি সম্পন্ন সম্ভরণ ফ্যাক্টর হিসেবেও কাজ করে। এ প্রক্রিয়া দারিদ্র্য বিমোচনের

বিদ্যমান সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও নিরাপত্তা সিঁড়ি কর্মসূচিকে অধিকতর গতিশীল করবে এবং স্তরিক জনগোষ্ঠীর সমস্যা-কেন্দ্রিক হওয়ায় এ প্রক্রিয়া সময়ের প্রেক্ষাপটে ও বাস্তব চাহিদার আলোকে স্বয়ংক্রিয়ভাবে স্তরিক দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে উপযুক্ত নতুন মাত্রার সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও নিরাপত্তা সিঁড়ি কর্মসূচি চিহ্নিতকরণ, সৃষ্টি ও উদ্ভাবন এবং উপযুক্ত অবয়বে সেগুলো অবলম্বনের ক্ষমতা যোগাবে। ফলে প্রাথমিক পর্যায়ে তা একাধারে উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতি, কর্মদক্ষতা পদ্ধতি ও দারিদ্র্য বিমোচন পদ্ধতির ওপর পৃথক পৃথকভাবে ত্রিমুখী ইতিবাচক প্রভাব সৃষ্টি করবে।

আবার দ্বিতীয় পর্যায়ে এ প্রক্রিয়া উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতি, কর্মদক্ষতা পদ্ধতি ও দারিদ্র্য বিমোচন পদ্ধতির মধ্যে ভিন্ন মাত্রার যোগসূত্র স্থাপন করবে। এতে একদিকে যেমন উৎপাদনশীলতা বৃদ্ধি ও সংশ্লিষ্ট জনগোষ্ঠীর স্তরিক পরিসরে উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতির সম্ভরণ ফ্যাক্টরসমূহের উন্নয়ন উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতি ও কর্মদক্ষতা পদ্ধতির মধ্যে দ্বিমুখী মিথস্ক্রিয় সম্পর্কের সৃষ্টি করবে, অন্যদিকে সংশ্লিষ্ট স্তরিক জনগোষ্ঠীর বর্ধিত উৎপাদন, উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতির সম্ভরণ ফ্যাক্টরসমূহের উন্নয়ন ও অর্জিত বর্ধিত কর্মদক্ষতা দারিদ্র্য বিমোচন পদ্ধতির ওপর বর্ধিষ্ণু মাত্রায় ইতিবাচকভাবে ক্রিয়াশীল হবে।




চিত্র-২ ঃ সামাজিক পুনঃপ্রকৌশলায়নের দারিদ্র্য বিমোচন পিরামিড

তৃতীয় পর্যায়ে এ প্রক্রিয়া সমাজের বিভিন্ন শক্তি-ভিত্তিতে প্রবেশাধিকার উন্মোচনের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি করবে, তাদের আয়-দারিদ্র্য ও ক্যালোরী-গ্রহণ দারিদ্র্য হ্রাস করবে এবং নিম্ন-দারিদ্র্যরেখা বা চরম দারিদ্র্যরেখা ও উচ্চ-দারিদ্র্যরেখা ক্রমশ নিম্নগামী হবে। অর্থাৎ দারিদ্র প্রপীড়িত জনসংখ্যা ক্রমশ কমতে থাকবে এবং তারা দারিদ্র্যমুক্ত জনগোষ্ঠীতে অন্তর্ভুক্ত হবে। আর তৃণমূল পর্যায় পর্যন্ত গৃহীত নীতি-সহায়তা এ প্রক্রিয়াকে

আরো ত্বরান্বিত করবে। সময়ের ব্যাপ্ত পরিসরে এ প্রক্রিয়ার বর্ণিত প্রভাব পুরুষানুক্রমে সঞ্চালিত হবে এবং কোন নির্দিষ্ট স্তরাভ্যন্তরীণ ও আন্তঃস্তরিক জনগোষ্ঠীতে বিকীরিত (diffused) হবে। প্রাথমিক ও দ্বিতীয় পর্যায়ের এ প্রক্রিয়া পিরামিডীয় পদ্ধতি অনুসরণ করবে। অর্থাৎ কর্মদক্ষতা ও উৎপাদনশীলতা অব্যাহতভাবে বৃদ্ধি পেতে থাকবে। কিন্তু তৃতীয় পর্যায়ে এ প্রক্রিয়া বিপরীতমুখী পিরামিডীয় পদ্ধতি অনুসরণ করবে। অর্থাৎ দারিদ্র্যের পশ্চাদপসরণ ঘটবে এবং জনসংখ্যা প্রবৃদ্ধির মালথুসীয় পদ্ধতির মত লগারিদমিক হারে[১৭] দারিদ্র্য বিমোচন ঘটবে। এভাবে এক সময় চরম দারিদ্র্যরেখার নিচে অবস্থিত দারিদ্র্য প্রপীড়িত জনসংখ্যা প্রায় শূন্যের কোটায় এসে ঠেকবে। তবে উচ্চ দারিদ্র্যরেখার নিচে অবস্থিত দারিদ্র্য প্রপীড়িত জনসংখ্যা কমতে কমতে একটি অগুরুত্বপূর্ণ পরিমাণে (insignificant proportion) স্থির থাকবে[১৮] এবং এভাবে দেশ একটি কল্যাণ-রাষ্ট্রে পরিগণিত হবে।

জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মাধ্যমে সৃষ্ট দারিদ্র্যাবস্থার এ উন্নতিকে গাণিতিকভাবে প্রকাশ করা সম্ভব হবে। বিশ্বব্যাংক অনুসৃত পদ্ধতি (The World Bank and Asian Development Bank, 2003, pp. 92-94) অনুসরণে নিম্ন ও উচ্চ দারিদ্র্যরেখা নিরূপণ করে সামাজিক পুনঃপ্রকৌশলায়নের কারণে সৃষ্ট পরিবর্তিত দারিদ্র্যাবস্থা পরিমাপ করা যাবে। দেশে বিদ্যমান ইতোপূর্বে বর্ণিত অন্যান্য পদ্ধতি ব্যবহারের মাধ্যমেও পরিবার, বিভিন্ন শ্রেণী-গোষ্ঠী ও জাতীয় দারিদ্র্যাবস্থা পরিমাপ করা যাবে। এমনকি বর্ধিত জাতীয় উৎপাদনশীলতায় দরিদ্র জনগোষ্ঠীর অংশীদারিত্ব ও প্রকৃত ভোগাধিকারের পরিমাণও পরিমাপ করা সম্ভব হবে এবং প্রয়োজনে অংশীদারিত্ব ও ভোগাধিকার উন্নয়নের পৃথক পদক্ষেপ নেয়া সম্ভব হবে।

## ৩.০ সুপারিশ, নীতি-পরামর্শসমূহ ও উপসংহার

বর্তমান সমীক্ষায় অবতারিত "জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন তত্ত্ব" মূলত বর্ধিত জাতীয় উৎপাদনশীলতা অর্জন ও দারিদ্র্য বিমোচনে বিকল্প পরিবেশনা পদ্ধতি সম্বলিত একটি বহুমাত্রিক মোড়ক প্রস্তাবনা (multidimensional package proposal), যা জেন্ডার মূল্যবোধের সাথে উৎপাদনশীলতা সম্পর্ক পদ্ধতি ও তার সম্ভরণ উপ-পদ্ধতিসমূহ, কর্মদক্ষতা পদ্ধতি এবং দারিদ্র্য বিমোচন পদ্ধতির গ্রন্থিল যোগসূত্রকে প্রতিপাদন করে। প্রস্তাবনাটি দারিদ্র্য বিমোচনের বিদ্যমান কৌশলসমূহের প্রয়োজনীয়তাকে অস্বীকার করে না বা বিদ্যমান দারিদ্র্য বিমোচন কৌশলসমূহের সাথে প্রস্তাবনাটির কোন

---

[১৭] লগারিদমিক হার বলতে একটি সুনির্দিষ্ট কালিক বিরতিতে প্রদত্ত/উদ্ভূত আনুপাতিক/সমানুপাতিক হারকে নির্দেশ করে। অর্থাৎ ১, ২, ৪, ৮, ১৬ ইত্যাদি হারে এ পরিবর্তন (দারিদ্র্য বিমোচন) সংঘটিত হবে।

[১৮] কল্যাণ রাষ্ট্রের সহজাত সুবিধায় প্রকৃতিগত দিক থেকে সমাজের একটি ক্ষুদ্রাতি ক্ষুদ্রাংশ কর্মবিমুখ জনগোষ্ঠী অলস জীবন-যাপনে অভ্যস্ত থাকবে। কল্যাণ রাষ্ট্রের সুবিধাভোগী হিসেবে তারা কখনোই চরম দারিদ্র্যে নিপতিত হবে না। তবে, সঙ্গত কারণে যেহেতু জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন প্রক্রিয়া তাদের ওপর ক্রিয়াশীল হবে না, সেহেতু তাদের মধ্যে আপেক্ষিক দারিদ্র্য বিরাজ করবে।

দ্বান্দ্বিক সম্পর্ক নেই। তবে প্রস্তাবনাটি জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধি ও দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে একটি অপ্রচলিত ও অনুন্মোচিত পথের সন্ধান দেয়, যা উৎপাদন-বিমুখ বা উৎপাদনহীন বৃহদাংশ জনগোষ্ঠীর অনপেক্ষ উৎপাদনশীলতা বৃদ্ধিতে এবং উদ্দিষ্ট জনগোষ্ঠীর অনপেক্ষ ও আপেক্ষিক দারিদ্র্য বিমোচনে অভূতপূর্ব গতিশীলতা আনয়নে সক্ষম। পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থায় লালিত বিদ্যমান জেন্ডার-দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তনকে এখানে জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধি ও দারিদ্র্য বিমোচনের মূল চালিকাশক্তি হিসেবে বিবেচনা করা হয়েছে।

### ৩.১ সুপারিশ ও নীতি-পরামর্শসমূহ

মানব সভ্যতার ইতিহাস জুড়ে জেন্ডার-দৃষ্টিভঙ্গির উল্লেখযোগ্য পরিবর্তন পর্যবেক্ষিত হয়েছে। উন্নয়নের কাঙ্খিত উৎপাদ (output) ও পরিণতি (outcome) নিশ্চিতকরণের লক্ষ্যে বিদ্যমান জেন্ডার-বৈষম্য দূরীকরণে বৈশ্বিক পরিমণ্ডলে গৃহীত হয়েছে বহুবিধ কর্মসূচি। বাংলাদেশেও এ ক্ষেত্রে বিভিন্ন ধরনের পরিবর্তন সাধিত হয়েছে। কিন্তু এ ক্ষেত্রে বিদ্যমান সমস্যাগুলো এখনো অত্যন্ত গ্রন্থিল এবং  জেন্ডার-বৈষম্য দূরীকরণে আমাদের সমাজকে এখনো অনেকটা দীর্ঘ পথ অতিক্রম করতে হবে।

অভিজ্ঞতায় দেখা গেছে, বৈশ্বিক পরিমণ্ডলে, বিশেষত তৃতীয় বিশ্বের দেশগুলোতে সমাজের পরিবর্তন ব্যবস্থাপনায় সরকারের একটি মুখ্য ভূমিকা থাকে। প্রয়োজনীয় নীতি-সহায়তা প্রদান, ব্যাপক কর্মসূচি গ্রহণ, কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় বিপুল পরিমাণের অর্থ-প্রবাহ নিশ্চিত করা এবং এ কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করার প্রয়াস মূলত সরকারি ব্যবস্থাপনাই সম্পাদিত হয়ে থাকে। আর সরকার এ কাজগুলো মুখ্যত তার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিদের মাধ্যমে সম্পন্ন করে থাকে। এ কারণে সামাজিক পরিবর্তন আনয়নের ক্ষেত্রে বিভিন্ন পর্যয়ের সরকারি কর্মকর্তাদেরকে মূল ঘটক (key agents) হিসেবে বিবেচনা করা হয়। বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তাগণ আবার নীতি প্রণেতা, সিদ্ধান্ত প্রদানকারী ও বাস্তবায়নকারী এ তিনটি স্তরে বিভক্ত। জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নে এ তিনটি স্তরের মধ্যেই উপযুক্ত জেন্ডার সংবেদনশীলতা অপরিহার্য হলেও জেন্ডার সমতায়ন, মূলস্রোতধারায়ন ও ক্ষমতায়নের ক্ষেত্রে তাদের স্ব-স্ব ভূমিকার ভিন্নতা রয়েছে। অনুরূপভাবে বিভিন্ন সামাজিক সংগঠন (যেমন ইউনিয়ন পরিষদ, পাড়া বা মহল্লা, যুব পরিষদ, সমিতি, বিভিন্ন পেশাজীবী সংঘ ও শ্রেণী সংগঠন ইত্যাদি), বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান (যেমন মসজিদ, মন্দির, গীর্জা, মাদ্রাসা, মক্তব, স্কুল-কলেজ বা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান, প্রশিক্ষণালয় ইত্যাদি) ও সংস্থার (যেমন বিভিন্ন এনজিও, বিশেষ বিশেষ কার্যক্রমের নিমিত্তে প্রতিষ্ঠিত বিভিন্ন প্রকৃতির সংস্থা ইত্যাদি) কাঠামো বিশ্লেষণ করলে এগুলোর সংশ্লিষ্ট জনগোষ্ঠীকে নীতি প্রণেতা, সিদ্ধান্ত  প্রদানকারী ও বাস্তবায়নকারী বা অনুসারী এ তিনটি স্তরে বিভক্ত করা যায়। সমাজের পরিবর্তন ব্যবস্থাপনার কর্মাস্ত্র হিসেবে এ সকল সংগঠন, প্রতিষ্ঠান ও সংস্থা "সামাজিক চেইন-অব কমান্ডকে" ব্যাপকভাবে প্রভাবিতকরণে এমনকি অনেক ক্ষেত্রে নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সামগ্রিকভাবে সমাজে বিদ্যমান জেন্ডার-দৃষ্টিভঙ্গি বিশ্লেষণ করে বর্তমান সমীক্ষায় সমস্যা

উত্তরণে তিনটি কৌশলগত প্রণালী দৃষ্টিকোণ (strategic systems approaches) চিহ্নিত করা হয়েছে, যা সরকারি কর্মকর্তাগণ বা সংশ্লিষ্ট জনগোষ্ঠী কর্তৃক সুষ্ঠুভাবে এ ধরনের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের ক্ষেত্রে অনুসৃত হওয়া প্রয়োজন। এগুলো নিম্নরূপ :

(ক) নীতি পর্যায়ের দৃষ্টিকোণ : কিছু কিছু জেন্ডার-সমস্যা নীতি-পর্যায়ে সম্বোধিত হওয়া প্রয়োজন। সরকারি কর্মকর্তা ও বিভিন্ন সামাজিক সংগঠন, প্রতিষ্ঠান ও সংস্থার একটি বিশেষ গোষ্ঠী, বিশেষত জ্যেষ্ঠ পর্যায়ের সরকারি কর্মকর্তাগণ এবং বিভিন্ন সামাজিক সংগঠন, প্রতিষ্ঠান ও সংস্থার সংস্কারকগণ নীতি প্রণয়ন ও বিদ্যমান নীতি সংস্কারকরণ প্রক্রিয়ায় মুখ্য ভূমিকা পালন করে থাকেন। সংশ্লিষ্ট ক্ষেত্রে তাঁদের জেন্ডার-দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তন জেন্ডার-বৈষম্য দূরীকরণে উল্লেখযোগ্য অবদান রাখবে। এজন্য নীতি প্রণয়ন ও সমাজ-সংস্কারকরণের উপযুক্ত দৃষ্টি প্রসারে এবং তাদের মধ্যে বিদ্যমান জেন্ডার-দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তন আনয়নে প্রণীত প্রশিক্ষণ পাঠ্যক্রমে জেন্ডার-ইস্যু সম্পর্কিত উপযুক্ত নীতি-দৃষ্টিকোণ (policy aspects related to gender issues) সন্নিবিষ্ট করা অত্যাবশ্যক।

(খ) বাস্তবায়ন পর্যায়ের দৃষ্টিকোণ : জেন্ডার-সমতায়ন, মূলস্রোতধারায়ন ও নারীর ক্ষমতায়নে সরকার কর্তৃক গৃহীত নীতিমালা, পরিকল্পনা ও বিভিন্ন সংস্কার কর্মসূচি বাস্তবায়নকারী হিসেবে সরকারি কর্মকর্তাবৃন্দ সমাজের মানুষের মধ্যে দৃষ্টিভঙ্গিগত পরিবর্তন সৃষ্টির মাধ্যমে বিদ্যমান জেন্ডার-বৈষম্য দূরীকরণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে পারে। আবার সমাজে বিদ্যমান বিভিন্ন সামাজিক সংগঠন, প্রতিষ্ঠান ও সংস্থার সিদ্ধান্ত প্রদানকারী ও বাস্তবায়নকারীগণও এক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। এ কারণে উদ্দিষ্ট স্তরিক জনগোষ্ঠীর প্রেক্ষাপট বিবেচনায় তাদের জন্য প্রণীত প্রশিক্ষণ পাঠ্যক্রমে সে ধরনের জেন্ডার-ইস্যু সন্নিবিষ্ট হওয়া প্রয়োজন, যা তাঁদের জ্ঞান-ভিত্তিকে (knowledge base) আরো শাণিত করবে এবং তাঁদের মধ্যে উদ্বুদ্ধকরণ, উপদেশনা ও পরামর্শ প্রদান সম্পর্কিত বিশেষায়িত জ্ঞানের (expertise) উন্নয়ন ঘটবে। ফলে একদিকে যেমন তা নিজ জীবনে অনুসরণে আত্মপোলব্ধিতে পরিণত হবে, অন্যদিকে সরকারি নীতিমালা, পরিকল্পনা ও কর্মসূচি বাস্তবায়নে কাঙ্ক্ষিত ফলপ্রসূতা বয়ে আনতে সক্ষম হবে।

(গ) আত্মপোলব্ধি ও অনুসরণ পর্যায়ের দৃষ্টিকোণ : উদ্দিষ্ট উপকারভোগী হিসেবে বিভিন্ন পেশা-শ্রেণীর স্তরিক আম-জনগোষ্ঠীসহ অনেক সরকারি কর্মকর্তা বা বিভিন্ন সংগঠন, প্রতিষ্ঠান ও সংস্থার সংশ্লিষ্ট স্তরিক জনগোষ্ঠীর বিদ্যমান জেন্ডার-দৃষ্টিভঙ্গি জেন্ডার-সমতায়ন, মূলস্রোতধারায়ন ও নারীর ক্ষমতায়নের অনুকূল নয়। একারণে সরকার কর্তৃক গৃহীত নীতিমালা, পরিকল্পনা ও বিভিন্ন সংস্কার কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করা যায় না। ফলে কর্মসূচিগুলোর কাঙ্ক্ষিত ফলপ্রসূতা অর্জিত হয় না। এজন্য তাদের মধ্যে প্রয়োজনীয় দৃষ্টিভঙ্গিগত পরিবর্তন আনায়নে এবং জেন্ডার সংবেদনশীলতা সৃষ্টিতে স্তরিক জনগোষ্ঠীর প্রশিক্ষণ-চাহিদার আলোকে প্রণীত

প্রশিক্ষণ পাঠ্যক্রমে সংশ্লিষ্ট জেন্ডার-ইস্যুসমূহ সন্নিবিষ্ট (incorporate) করা বাঞ্ছনীয়। এতে জীবনের বাস্তব প্রয়োজনে বিষয়টি তাদের আত্মপোলব্ধিতে পরিণত হবে এবং এগুলো অনুসরণে তারা স্ব-উদ্যোগী হবে।

উপর্যুক্ত দৃষ্টিকোণ বিবেচনায় আমাদের দেশে বিদ্যমান স্থূলকায় জেন্ডার-বৈষম্য দূরীকরণে বর্তমান সমীক্ষায় বেশ কিছু সুপারিশ ও নীতি-পদক্ষেপ নির্দেশিত হয়েছে, যা জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নের ক্ষেত্রে বিদ্যমান সমস্যার উত্তরণে অনেক সহায়ক হবে। সুপারিশগুলো সমীক্ষার ফলাফল ও চিহ্নিত কৌশলগত দৃষ্টিকোণের আলোকে নিম্নরূপে প্রদান করা হলো ঃ

**ক. নীতি প্রণয়ন পর্যায় সম্পর্কিত সুপারিশ ও নীতি-পরামর্শসমূহ**

- জীবনের সর্ব পরিসরে জেন্ডার সমতায়ন, জেন্ডার মূলস্রোতধারায়ন, জেন্ডার উন্নয়ন এবং ক্ষমতায়ন তথা বর্ধিত জাতীয় উৎপাদনশীলতা অর্জন, দারিদ্র্য বিমোচন ও কাম্য উন্নয়নে অবতারিত জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নের মোড়ক প্রস্তাবনাটি সর্বাধিক গুরুত্বের সাথে অনুসরণ করতে হবে।
- জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নে "নারীর অগ্রসরায়নে জাতীয় নীতিমালা, "জাতীয় কার্যক্রম পরিকল্পনা" ও জীবনের সর্ব পরিসরে জেন্ডার সমতায়ন, জেন্ডার মূলস্রোতধারায়ন, জেন্ডার উন্নয়ন এবং ক্ষমতায়ন সম্পর্কিত সরকারের নীতি-সিদ্ধান্তসমূহের আলোকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, সংস্থা ও সংগঠনগুলোর আদর্শ ও অনুশীলনে প্রয়োজনীয় সংস্কার আনতে হবে। এজন্য এ সকল প্রতিষ্ঠান, সংস্থা ও সংগঠনগুলোর ওপর প্রভাব সৃষ্টিকারী কেন্দ্রীয় কর্তৃত্বাধিকারী মন্ত্রণালয় বা সংস্থা কর্তৃক অবশ্য পালনীয় সুনির্দিষ্ট দিক্-নির্দেশনা থাকা অত্যাবশ্যক।
- জীবনের সকল পরিসরে নারীর অবদানকে, অর্থনৈতিক, সামাজিক এবং আইনগতভাবে স্বীকৃতি দেয়া বাঞ্ছনীয়। দেশের উৎপাদনশীলতা পরিমাপণে নারী-পুরুষ নির্বিশেষে তাদের অনপেক্ষ ও আপেক্ষিক উৎপাদনশীলতাকে অর্থনৈতিক ও গাণিতিক বিবেচনায় আনতে হবে। জাতীয় হিসাব নিরূপণ পদ্ধতিতে এ ব্যবস্থার প্রবর্তনে প্রয়োজনে উপযুক্ত নীতি-সহায়তা সম্প্রসারণ করতে হবে।
- দারিদ্র্য বিমোচন প্রক্রিয়াকে ত্বরান্বিত করতে হলে যেমন প্রত্যক্ষভাবে নারীর অনপেক্ষ উৎপাদনশীতা বৃদ্ধি করা অত্যাবশ্যক, তেমনি বর্ধিত উৎপাদনশীলতায় তাদের ভোগাধিকার নিশ্চিত করা অপরিহার্য। তার অর্থ হচ্ছে, একদিকে যেমন তাদেরকে উন্নয়নে সম্পৃক্ত করতে হবে, অন্যদিকে উন্নয়নের সুফল যেন তারা ভোগ করতে পারে সেদিকেও দৃষ্টি দিতে হবে। অর্থাৎ উন্নয়নে তাদের সম্পৃক্ততা

যেন সুবিধাভোগীদের শোষণের হাতিয়ার হিসেবে পরিণত না হয় সেদিকে বিশেষ দৃষ্টি দেয়া অত্যাবশ্যক।

- গ্রামীণ কর্মসংস্থানের পরিসর বৃদ্ধি ও কাম্য বৈচিত্র সৃষ্টি, স্তরিক জনগোষ্ঠীর অবস্থা ভেদে উপযুক্ত কর্মসংস্থান সৃষ্টি এবং অনপেক্ষ উৎপাদনশীলতায় নারীর অন্তর্ভুক্তির ক্ষেত্রে বিরাজমান আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় প্রতিবন্ধকতাসমূহের উত্তরণ ঘটিয়ে উৎপাদনহীন বা উৎপাদন-বিমুখ নারীকে উৎপাদনশীল কার্যক্রমে সম্পৃক্ত করতে হলে রাষ্ট্রীয়ভাবে তৃণমূল পর্যায় পর্যন্ত উপযুক্ত নীতি-সহায়তা (policy support) এবং উদ্দিষ্ট জনগোষ্ঠী কেন্দ্রিক পরিকল্পিত কর্মসূচি গ্রহণ ও তার সম্প্রসারণ অপরিহার্য।
- "সামাজিক নিরাপত্তা বেষ্টনী" ও "সামাজিক নিরাপত্তা সিঁড়ি" কর্মসূচি গ্রহণ, পরিচালন ও নিয়ন্ত্রণের সাথে জড়িত সরকারের অসংখ্য সংস্থা, দপ্তর ও মন্ত্রণালয় এবং বিভিন্ন এনজিও, সামাজিক সংগঠন ও ব্যক্তি উদ্যোগের সুষ্ঠু বাস্তবায়নে জাতীয় পর্যায়ে সমন্বিত নীতিমালার প্রণয়নের মাধ্যমে তাদের মধ্যে বিরাজমান পারস্পরিক সমন্বয়হীনতা ও প্রাবরণ দূর করতে হবে এবং বাস্তব পরিসরে উদ্দিষ্ট স্তরিক সমাজ-গোষ্ঠীর প্রকৃত ঝুঁকি-চিত্র অনুসরণসহ কর্মসূচিগুলোর প্রতিষ্ঠানিকীকরণ (institutionalization) নিশ্চিত করতে হবে, যাতে সরকার পরিবর্তনে এগুলোর প্রকৃতি, পরিসর, বরাদ্দ ও বাস্তবায়ন রূপরেখা পরিবর্তিত না হয়।
- সম্ভাব্য ক্ষেত্রে বাস্তবায়নাধীন "সামাজিক নিরাপত্তা বেষ্টনী" ও "সামাজিক নিরাপত্তা সিঁড়ি" কর্মসূচিগুলোর পরিসর বৃদ্ধির প্রয়াস নিতে হবে, এগুলোর প্রশাসনিক ব্যয় কমানোর ব্যবস্থা নিতে হবে এবং লিকেজ বা সিষ্টেম-লস্ দূরীকরণ নিশ্চিত করতে হবে।
- নারী শিক্ষার মত দারিদ্র্য প্রপীড়িত স্তরিক জনগোষ্ঠীর জন্য শিক্ষার বিশেষ প্রণোদনা প্যাকেজ সৃষ্টি করতে হবে। এ জাতীয় প্রণোদনা প্যাকেজ তাদের অভূতপূর্ব নিরপত্তা সিঁড়ি হিসেবে কাজ করবে।
- দেশের আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক উভয় শিক্ষা ব্যবস্থাপনায় পুষ্টি-শিক্ষা অন্তর্ভুক্ত করতে হবে।
- স্বাস্থ্য পরিচর্যা সুবিধা প্রদানের ক্ষেত্রে জেন্ডার-বৈষম্য সৃষ্টি সামাজিক এবং আইনগতভাবে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচনা করা উচিৎ। গর্ভাবস্থা ও দুগ্ধদান মেয়াদে নারীর প্রতি বিনামূল্যে অধিকতর স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে হবে।
- চিকিৎসা, শিক্ষকতা, নার্সিং, ডে-কেয়ার সার্ভিসেস, সাচিবিক কর্ম, তথ্য প্রযুক্তিসহ কম্পিউটার, টেলিফোন অপারেটিং, ব্যাংকিং ইত্যাদির মত বর্তমানে প্রচলিত কিছু সুনির্দিষ্ট ক্ষেত্রে নারীর চাকুরি সুবিধা প্রদানে বিশেষ প্রাধান্য দেয়া উচিৎ। এ সকল ক্ষেত্রে তাদের উন্নয়নের জন্যও পর্যাপ্ত এবং যথার্থ সুবিধা সম্প্রসারণ করা

বাঞ্ছনীয়। এছাড়া অপরাপর ক্ষেত্রে নারীর বর্ধিষ্ণু প্রবেশাধিকার নিশ্চিতকরণে প্রয়োজনীয় পরিবেশ সৃষ্টির প্রয়াস নিতে হবে।

- কর্মজীবী মহিলাদের কর্মস্থলে অধিকতর নিরাপত্তা প্রদানের ব্যবস্থা করতে হবে। যে কোন ধরনের হয়রানি বা উৎপীড়নের বিরুদ্ধে অধিকতর নিরাপত্তামূলক পদক্ষেপ গ্রহণের নিশ্চিয়তা বিধান করতে হবে।
- সমাজে বিদ্যমান দৃষ্টিভঙ্গির ব্যাপক পরিবর্তন আনয়নে এবং উন্নয়ন ও জাতি গঠন কার্যক্রমে নারীর ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতকরণে দেশে একটি কৌশলগত পরিকল্পনা প্রণীত এবং অনুসৃত হওয়া দরকার।
- দেশের বিদ্যমান প্রেক্ষাপটে জাতীয় এবং অন্যান্য পর্যায়ের রাজনীতিতে নারীর অধিকতর অংশগ্রহণ নিশ্চিতকরণে একটি কৌশলগত পরিকল্পনা অনুসৃত হওয়া বাঞ্ছনীয়, যার মাধ্যমে তাদের ইউনিয়ন পরিষদ নির্বাচনে সংস্থানকৃত সংরক্ষিত মহিলা আসনের মত অধিকতর নিরাপদ পদ্ধতিতে প্রতিদ্বন্দ্বিতা করা সম্ভব।
- "নারীর ক্ষমতায়ন"কে জেন্ডার-ইস্যুর একটি বিচ্ছিন্ন বিষয় হিসেবে বিবেচনা করা বাঞ্ছনীয় নয়। এটিকে বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক এবং আইনগত ইস্যুর সাথে সমন্বিত একটি প্যাকেজ-বিষয় হিসেবে বিবেচনা করা উচিৎ।
- জাতীয় কৌশলগত কার্যক্রম পরিকল্পনায় প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত সমস্যাসমূহকে অধিকতর গুরুত্বের সাথে বিবেচনায় নিতে হবে। বিদ্যমান সামাজিক মূল্যবোধ পদ্ধতির পরিবর্তন আনয়নে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক উভয় প্রকার শিক্ষা ব্যবস্থায় উদ্দিষ্ট স্তরিক জনগোষ্ঠীর উপযুক্ত প্রজনন ও যৌন-স্বাস্থ্য সম্পর্কিত পাঠ্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।

**খ. বাস্তবায়ন পর্যায় সম্পর্কিত সুপারিশ ও নীতি-পরামর্শসমূহ**

- সামগ্রিক উন্নয়ন ব্যবস্থাপনায় দারিদ্র্য বিমোচন উদ্দিষ্ট স্তরিক জনগোষ্ঠী কেন্দ্রিক হওয়া অত্যাবশ্যক।
- নারীর আর্থ-সামাজিক অবস্থানের উন্নতি সাধনে শিক্ষাকে তাদের মৌলিক অস্ত্র (basic tool) হিসেবে বিবেচনা করা বাঞ্ছনীয়।
- দেশের অর্থনৈতিক অগ্রগতি, মানব উন্নয়ন ও জাতীয় উন্নয়নে অবদান রাখার ক্ষেত্রে নারী শিক্ষার প্রতিশ্রুতিশীল ভবিষ্যতের জন্য উদ্বুদ্ধকরণ কার্যক্রম, প্রণোদনা ও পরামর্শ প্রদান (counselling) জেন্ডার-বৈষম্য দূরীকরণের মৌলিক কৌশল হিসেবে অনুসৃত হওয়া উচিৎ।
- চিকিৎসা, কম্পিউটার বিজ্ঞান, নার্সিং, গার্হস্থ্য অর্থনীতি, সমাজ বিজ্ঞান বা সমাজ কল্যাণ ইত্যাদি বিষয়ক শিক্ষা ক্ষেত্রে মহিলাদের প্রতি বিশেষ প্রাধান্য সম্প্রসারণ করা বাঞ্ছনীয়।

- কর্ম-পরিবেশে অধিকতর দায়িত্ব গ্রহণে মহিলাদেরকে উৎসাহিত করা উচিৎ। এ ধরনের উৎসাহ প্রদান তাদের সামর্থ্যের বৃদ্ধি ও উন্নয়ন ঘটাবে।
- জেন্ডার প্রশিক্ষণ পরিচালনায় চিহ্নিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে উপযুক্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, বেসরকারি, মাঠ-পর্যায়ে কর্মরত এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠান ইত্যাদি অন্তর্ভুক্ত হতে পারে। তবে সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ কর্তৃক নক্শায়িত প্রশিক্ষণ পাঠক্রম, কারিকুলাম ইত্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা এবং অবস্থা ভেদে সময়ে-সময়ে এগুলোর পরিবর্তন-পরিবর্ধন, সংশোধন ও সময়োপযোগীকরণ ইত্যাদি ক্ষেত্রে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদানে একটি কেন্দ্রীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান চিহ্নিত করতে হবে। চিহ্নিত কেন্দ্রীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান মাঠ-পর্যায়ের ফলাবর্তন-তথ্যের ওপর ভিত্তি করে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ও বাস্তবায়নকারী সংস্থার সাথে পর্যালোচনা করে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান করবে।
- জেন্ডার প্রশিক্ষণের প্রাতিষ্ঠানিকীকরণের নিমিত্তে সরকার কর্তৃক প্রণীত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালায় বর্ণিত প্রশিক্ষণ বাজেট সংশ্লিষ্ট বিধানাবলীর আলোকে নির্ধারিত বরাদ্দ থেকে এ জাতীয় প্রশিক্ষণের ব্যয়-নির্বাহে প্রয়োজনীয় অর্থের যোগান নিশ্চিত করতে হবে।

**গ. আত্মপোলব্ধি ও ব্যক্তিগত পর্যায়ে অনুশীলন/অনুসরণ সম্পর্কিত সুপারিশ ও নীতি-পরামর্শসমূহ**

- সমাজের সকল পর্যায়ে জেন্ডার-সংবেদনশীলতা সৃষ্টি, বিদ্যমান জেন্ডার-বৈষম্যের আর্থ-সামাজিক পরিণতি এবং সমাজ ও জাতির ওপর জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নের বহুমুখী ইতিবাচক প্রভাব উপলব্ধিকরণে স্তরিক জনগোষ্ঠীর আলোকে ব্যাপকভিত্তিক কর্মসূচি গ্রহণ করা অত্যাবশ্যক।
- সচেতন সমাজে পুত্র-সন্তান গ্রহণের ক্ষেত্রে একটি গোপন জেন্ডার-প্রাধান্য (hidden gender preference) এবং সাধারণ্যে প্রবল জেন্ডার-প্রাধান্য বিদ্যমান। এ ধরনের জেন্ডার-প্রাধান্যের পেছনে সামাজিক এবং অর্থনৈতিক কারণসমূহ একটি বিরাট ভূমিকা পালন করে। আমাদের সমাজ ব্যবস্থায় যদি মহিলারা মা-বাবাকে পুরুষের তুলনায় অধিকতর ভাল সামাজিক ও অর্থনৈতিক নিরাপত্তা প্রদানে সক্ষম হ'ত (যদিও ছেলেরা বৃদ্ধ বয়সে মা-বাবার দেখাশুনা করবে এমন কোন নিশ্চয়তা নেই), তাহলে জেন্ডার-প্রাধান্যের বর্তমান দৃশ্যপট সম্পূর্ণ ভিন্ন হয়ে যেত। জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন তথা জেন্ডার-সংবেশদনশীলতা সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়নে নারীর ব্যাপক অংশগ্রহণ, নারীর ক্ষমতায়ন এবং লাগসই আইনগত কাঠামোর (appropriate legal framework) উপস্থিতি বিদ্যমান জেন্ডার-বৈষম্য হ্রাসে অত্যন্ত ফলপ্রসূ হবে।

- জেন্ডার-বৈষম্য সম্পর্কিত ভৌত-পরিবেশ উন্নয়ন অপেক্ষা সমাজে বিদ্যমান মনঃস্তাত্ত্বিক বাধাগুলো অপসারণের ওপর অধিকতর গুরুত্ব প্রদান করা অত্যাবশ্যক।
- উদ্বুদ্ধকরণ, প্রণোদনা ও উপদেশনার মাধ্যমে পুষ্টি-অবস্থান (nutritional status) পুনর্গঠনে একটি গণ-আন্দোলন সৃষ্টি করা অত্যাবশ্যক।
- পারিবারিক ও কর্ম-অবস্থানে নিজস্ব সিদ্ধান্ত গ্রহণে মহিলাদের অধিকতর স্বাধীনতা সম্প্রসারণ করা উচিৎ।
- সরকার বিদ্যমান জনসংখ্যা নীতির পরিবর্তন না আনা পর্যন্ত প্রজননাধিকার সম্পর্কিত বিষয়াদি ব্যক্তিগত ও পারিবারিক পর্যায়ে ব্যবস্থাপিত হওয়া উচিৎ। নিবিড় উদ্বুদ্ধকরণ (motivation), সচেতনতা বৃদ্ধি (conscientization), ওকালতি (advocacy) ও পরামর্শ প্রদান (counselling) এক্ষেত্রে ফলপ্রসূ হিসেবে বিবেচিত হতে পারে।

### ৩.২ উপসংহার

সমাজে বিদ্যমান জেন্ডার-সমস্যার আর্থ-সামাজিক, সাংস্কৃতিক এবং রাজনৈতিক ব্যঞ্জনা বিদ্যমান। একারণে তা সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, আইনগত ও রাজনৈতিকভাবে সম্বোধিত হওয়া বাঞ্ছনীয়। জেন্ডার-সমতা, সহমর্মীতা ও সাম্য নিশ্চিতকরণে এবং জেন্ডার সংবেদনশীলতা সৃষ্টি, নারীর মূলস্রোতধারায়ন ও ক্ষমতায়নে প্রয়োজনীয় সামাজিক পরিবর্তন আনয়নের মুখ্য ঘটক হিসেবে বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তাগণ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। একইভাবে বিভিন্ন সামাজিক সংগঠন, প্রতিষ্ঠান ও সংস্থার সাথে সম্পৃক্ত ইতোপূর্বে বর্ণিত স্তরিক জনগোষ্ঠী তাদের স্ব-স্ব ভূমিকা পালনের মাধ্যমে এক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখতে পারে। তাদের এ ধরনের ভূমিকা পালন নিশ্চিত করতে বিভিন্ন স্তরিক জনগোষ্ঠীর মধ্যে বিদ্যমান জেন্ডার-দৃষ্টিভঙ্গির ব্যাপক পরিবর্তন আনা প্রয়োজন। এক্ষেত্রে নক্‌শায়িত জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন পদ্ধতি কাঠামোর আওতায় ইতোপূর্বে বর্ণিত তিনটি কৌশলগত প্রণালী দৃষ্টিকোণ (strategic systems approaches) অনুসৃত হওয়া অত্যাবশ্যক। প্রথমত নীতি, পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্টদের দৃষ্টিভঙ্গি জেন্ডার-বন্ধুসুলভ হওয়া আবশ্যক। দ্বিতীয়ত প্রণীত নীতি, পরিকল্পনা ও কর্মসূচি বাস্তবায়নের সাথে সংশ্লিষ্টদের নিজস্ব জেন্ডার-দৃষ্টিভঙ্গি - যা তাঁদের জীবন যাপন প্রণালীকে নিয়ন্ত্রণ করে - তার ইতিবাচক পরিবর্তনসহ এক্ষেত্রে তাদের জ্ঞান-ভিত্তিকে আরো শাণিত করা এবং তাদের মধ্যে উদ্বুদ্ধকরণ, উপদেশনা ও পরামর্শ প্রদান সম্পর্কিত বিশেষায়িত জ্ঞানের উন্নয়ন ঘটানো জরুরী। এতে একদিকে যেমন তা তাদের নিজ জীবনে অনুসরণে মাধ্যমে আত্মপোলব্ধিতে পরিণত হবে, অন্যদিকে তারা সরকারি নীতিমালা, পরিকল্পনা ও কর্মসূচির যথার্থ বাস্তবায়ন নিশ্চিতকরণে সক্ষমতা অর্জন করবে। তৃতীয়ত সমস্যাগুলো মূলত তৃণমূল পর্যায়ে ব্যাপকভাবে ব্যাপৃত, যেখানে শিক্ষার অভাব খুবই প্রকট; ধর্মীয় কুসংস্কার যেখানে সমাজের রন্ধ্রে রন্ধ্রে গভীরভাবে গ্রোথিত; সাংস্কৃতিক অন্ধ-বিশ্বাসগুলো যেখানে জীবনের সাথে একাত্ম হয়ে মিশে আছে এবং দারিদ্র্য

যেখানে মানুষের দোর-গোড়ায় কঠোরভাবে হানা দিয়েছে। এ অবস্থার ইতিবাচক পরিবর্তন আনয়নে পরিবার, সম্প্রদায়, সমাজ এবং জাতি সকল পর্যায়ে এ সমস্যাগুলোকে একান্ত নিজস্ব সমস্যা মনে করে সংশ্লিষ্ট পরিসরে ফলপ্রসূ উদ্বুদ্ধকরণ, প্রণোদনা ও আত্মপোলব্ধির জাগরণী কৌশল (conscientization strategies) গ্রহণ অত্যাবশ্যক। জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নে বর্তমান সমীক্ষায় অবতারিত মোড়ক প্রস্তাবনাটি এক্ষেত্রে অত্যন্ত কার্যকর হিসেবে বিবেচিত হবে। এছাড়া সমীক্ষায় প্রস্তাবিত সহায়ক নীতি-পদক্ষেপসমূহ বাস্তবায়িত হলে সামাজিক পুনঃপ্রকৌশলায়ন প্রক্রিয়াটি আরো ত্বরান্বিত হবে। NCWD এগুলো বাস্তবায়নে প্রবর্তকের (pioneer) ভূমিকা পালন করতে পারে।

সামাগ্রিকভাবে জেন্ডার-মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়নের নিমিত্তে অবতারিত মোড়ক প্রস্তাবনাটি অনুসৃত হলে সমাজের উৎপাদনহীন বা উৎপাদন-বিমুখ বৃহদাংশ জনগোষ্ঠী উৎপাদনশীল শ্রমশক্তিতে রূপান্তরিত হবে, উন্নয়নে নারীর বিদ্যমান ভূমিকার ব্যাপক পরিবর্তন আসবে, জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে এবং অনপেক্ষ উৎপাদনশীলতার অংশীদারিত্বের মাধ্যমে নারী সামাজিক ও অর্থনৈতিক শক্তি অর্জন করবে। সমাজের দরিদ্রতম অংশের মধ্যে নারীর এ ধরনের অংশীদারিত্ব ও শক্তি অর্জন প্রকারান্তরে তাদের দারিদ্র্য বিমোচন ঘটাবে। মোড়ক প্রস্তাবনাটি মূলত বাংলাদেশের প্রেক্ষাপটে প্রণীত হলেও সার্কভুক্ত দেশসমূহে বা অনুরূপ আর্থ-সামাজিক-সাংস্কৃতিক বৈশিষ্ট্য সম্বলিত দেশ ও রাষ্ট্রসমূহে বাস্তবায়িত হলে তা একই ধরনের ফলাফল বয়ে আনতে সক্ষম হবে।

## গ্রন্থপঞ্জি

Abu-Habib, Lina. (1998) : "Middle and Near East". In : *Gender Training : The Source Book — Gender, Society and Development*. Royal Tropical Institute, KIT Press and Oxfam GB, Amsterdam, The Netherlands.

Hirschman, Albert O. (1967) . : *Development Projects Observed.* (Wshington D.C. Brooking Institution).

Kasente, H. Deborah. (1998) : "Estern and South Africa". In : *Gender Training : The Source Book — Gender, Society and Development*. Royal Tropical Institute, KIT Press and Oxfam GB, Amsterdam, The Netherlands.

Neaz, Ahmad A. N. (2005). : *Reproductive Health and Gender Training Manual.* Advocacy on Reproductive Health and Gender Issues through the Training Institutes of the Ministry of Establishment Project, BPATC, Savar, Dhaka and UNFPA, Bangladesh.

Royal Tropical Institute (1998) : *Gender Training : The Source Book — Gender, Society and Development*. KIT Press and Oxfam GB, Amsterdam, The Netherlands.

Sen, Gita et. al. Ed. (1994). : *Population Policies Reconsidered : Health, Empowerment and Rights*. Harvard Series on Population and International Health, HCPDS & IWHC, New York.

The Government of the People's Republic of Bangladesh (2005) : *Unlocking the Potential : National Strategy for Accelerated Poverty Reduction.* General Economic Division, Planning Commission, Ministry of Planning, Dhaka.

The World Bank (1994). : *Enhancing Women's Participation in Economic Development.* A World Bank Policy Paper, Washington D. C..

UNDP-FEMNET (2000) : *Training of Trainers in Gender Mainstreaming* : A Workshop for Anglophone African Countries, Kampala, Uganda, December 10-16, 2000.

UNDP (2003). : *Human Development Report 2003*. Oxford University Press.

Web Site (2002).: Strategis.gc.ca,

ইমাম, কাজী হাসান (২০০৩). : *পরিবেশ সংরক্ষণ ও টেকসই উন্নয়ন ঃ বাংলাদেশ পরিপ্রেক্ষিত*. প্যারাগন পাবলিশার্স, এঞ্জেল প্রেস এন্ড পাবলিকেশন, ঢাকা।

ইমাম, কাজী হাসান (২০০৩). : *জেন্ডার মূল্যবোধের সামাজিক পুনঃপ্রকৌশলায়ন ঃ দারিদ্র্য বিমোচন ও বর্ধিত জাতীয় উৎপাদনশীলতার বিকল্প পরিবেশনা পদ্ধতি.* একটি গবেষণা মিমিও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (২০০৫). : *বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৫.* অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

মজুমদার, ড. বদিউল আলম (২০০৩). : কন্যাশিশু ঃ বৈষম্যের অবসান হোক বাল্যকাল থেকেই. প্রথম আলো, ২৯.০৯.২০০৩, ঢাকা।

মজুমদার, ড. বদিউল্ল আলম (২০০৩). : নারী ও শিশু ঃ বৈষম্য ও বঞ্চনার নির্মম পরিণতি. প্রথম আলো, ২৩.০২.২০০৩, ঢাকা।

সংযোজনী-১

## গৃহীত বিদ্যমান সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও নিরাপত্তা সিঁড়ি কর্মসূচি

| সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি | সামাজিক নিরাপত্তা সিঁড়ি কর্মসূচি |
|---|---|
| **(ক) নগদ অর্থ সহায়তা প্রদান কর্মসূচি/কার্যক্রম** | |
| (১) বয়স্ক ভাতা কর্মসূচি,<br>(২) বিধবা ও স্বামী পরিত্যাক্তা দুঃস্থ মহিলা ভাতা কর্মসূচি,<br>(৩) অসচ্ছল মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা কর্মসূচি, এবং<br>(৪) কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি। | (১) এসিডদগ্ধ ও শারীরিক প্রতিবন্ধিদের ক্ষুদ্রঋণ ও পুনর্বাসন কর্মসূচি,<br>(২) শিক্ষার বিনিময়ে অর্থ সহায়তা কর্মসূচি,<br>(৩) প্রাথমিক শিক্ষাবৃত্তি,<br>(৪) মাধ্যমিক ছাত্রীবৃত্তি, এবং<br>(৫) পল্লী রক্ষণাবেক্ষণ কর্মসূচি। |
| **(খ) খাদ্য সাহায্য কর্মসূচি/কার্যক্রম** | |
| (১) কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি। | (১) ভিজিডি,<br>(২) ভিজিএফ,<br>(৩) জিআর, এবং<br>(৪) টেষ্ট-রিলিফ। |
| **(গ) দারিদ্র্য বিমোচন বিশেষ কর্মসূচি/কার্যক্রম** | |
| (১) প্রাকৃতিক দুর্যোগজনিত ঝুঁকি মোকাবেলা,<br>(২) আবাসন,<br>(৩) অর্থনৈতিক ঝুঁকি মোকাবেলা,<br>(৪) তাৎক্ষণিক দুর্যোগ মোকাবেলা, এবং<br>(৫) গৃহহীনদের গৃহঋণ ও অনুদান। | (১) দারিদ্র্য বিমোচন ও ছাগল উন্নয়ন<br>(২) পশুসম্পদ খাতে পুঁজি গঠন, আর্থিক সাহায্য, সহযোগিতা ও উৎসাহ প্রদান,<br>(৩) দারিদ্র্য বিমোচন ও ক্ষুদ্রঋণ বিতরণ (মৎস্য অধিদপ্তরের),<br>(৪) কর্মসংস্থান ব্যাংক (বেকার যুবকদের কর্মসংস্থানের লক্ষ্যে), এবং<br>(৫) সরকারি বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত ক্ষুদ্রঋণ কর্মসূচি/কার্যক্রম। |
| **(ঘ) আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্রঋণ কর্মসূচি/কার্যক্রম** | |
| | (১) সরকারি দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত ক্ষুদ্রঋণ কর্মসূচি/কার্যক্রম,<br>(২) আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে যুব উন্নয়ন,<br>(৩) স্ব-কর্ম সহায়ক ঋণ কার্যক্রম,<br>(৪) মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ,<br>(৫) নগরভিত্তিক মহিলা উন্নয়ন কার্যক্রম,<br>(৬) গ্রামীণ মহিলা উন্নয়ন কেন্দ্র,<br>(৭) মহিলা উদ্যোক্তা উন্নয়ন,<br>(৮) দারিদ্র্য বিমোচনে সমবায় কার্যক্রম, এবং<br>(৯) বিসিক পরিচালিত বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যক্রম। |

## (ঙ) দারিদ্র্য বিমোচনে বিশেষ বিশেষ কর্মসূচি/কার্যক্রম

| | |
|---|---|
| | (১) দারিদ্র্য বিমোচনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি,<br>(২) পল্লী অবকাঠামো উন্নয়ন কর্মসূচি,<br>(৩) স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর কর্তৃক পরিচালিত কার্যক্রম,<br>(৪) নগর দারিদ্র্য বিমোচন কর্মসূচি,<br>(৫) দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়ন,<br>(৬) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন,<br>(৭) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী,<br>(৮) পল্লী উন্নয়ন একাডেমী, এবং<br>(৯) সমাজ সেবা কার্যক্রম। |

## (চ) দারিদ্র্য বিমোচনে এনজিও-দের ক্ষুদ্রঋণ কর্মসূচি/কার্যক্রম

ISSN-1605-2021

লোক-প্রশাসন সাময়িকী
অষ্টবিংশতিতম সংখ্যা
সেপ্টেম্বর ২০০৩/ভাদ্র ১৪১০

# উন্নয়ন প্রকল্পে জন অংশগ্রহণ বৃদ্ধিতে সমাজকর্মের কৌশল প্রয়োগ : বাংলাদেশ পরিপ্রেক্ষিত

মোঃ আবুল হোসেন*

***Abstract:*** *Development through the implementation of various projects is a buzzword in the context of developing world. As a developing country Bangladesh spends a lion share of its development budget for project development, initiation, conception and implementation purpose. But lack of effective participation of the project beneficiaries in the different phases of projects most of the project failed to achieve the intended goal. Social work is a profession originated in the westerm world with some distinct philosophy, vision and mission. In order to materialise its mission social worker practice in a variety of settings. In these diverse practice settings, social workers carry out a series of projects. In order to implement the projects smoothly with proper people's participation social workers adopt various strategies such as collectivization, establishing a dialogical relationship, consciousness-raising, redifining, advocacy etc. In this article attempt has been made to explore the various strategies of social work and their relevance in the contemporary Bangladeshi environment. It is the opinion of the author that in the context of Bangladesh project manager can effectively use the above mentioned strategies to ensure peoples participation and to make the development project a success.*

## জন অংশগ্রহণ কি ?

অংশগ্রহণ ধারণাটি প্রগতি, সমতা ও গণতন্ত্রের একটি কার্যকর কৌশল হিসাবে স্বীকৃত। বর্তমানে বঞ্চিত মানুষের উন্নয়ন এবং ক্ষমতায়নের কথা যারা ভাবছেন, তাদের চিন্তাচেতনায় অংশগ্রহণ একটি আবশ্যিক শর্ত হিসেবে সাধারণ স্বীকৃতি লাভ করেছে। অংশগ্রহণকে তাই অনেকে বলে থাকেন মানুষের মৌলিক অধিকার।[১] উন্নয়ন কর্মকাণ্ডে জনগণের অংশগ্রহণ কথাটি বেশ তাৎপর্য বহন করে। দেশের আপামর জনসাধারণ যখন স্বতঃস্ফূর্তভাবে অথবা কারো দ্বারা অনুপ্রাণিত হয়ে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণ করে তখন তাতে জনগণের অংশগ্রহণ হিসেবে

* সহযোগী অধ্যাপক, সমাজকর্ম বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ও পি, এইচ, ডি গবেষক, ফেকাল্টি অব সোশাল ওয়ার্ক, উইলফ্রিড লরিয়ার ইউনিভার্সিটি, ওয়াটারলু, অন্টারিও, কানাডা।

আখ্যায়িত করা যায়। ইতিহাসের প্রেক্ষাপটে বিশ্লেষণ করলে দেখা যায় যে, স্থানীয় পর্যায়ে প্রায় সব সমাজেই সার্বিক উন্নয়নে জনগণের অংশগ্রহণের ঐতিহ্য বিদ্যমান ছিল। যদ্দুর জানা য়ায়, প্রায় দেড় যুগ আগে ইউ, এস, এইড-এর পৃষ্ঠপোষকতায় মার্কিন যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস কারিগরি ইনষ্টিটিউটে এ সংক্রান্ত প্রথম সেমিনার অনুষ্ঠিত হয়। সত্তরের দশকের শেষ ভাগ থেকে ইউ, এস, এইড এর পল্লী উন্নয়ন কর্মসূচির আওতায় জনগণের অংশগ্রহণ বিষয়টি তৃতীয় বিশ্বের দেশসমূহের অর্থনৈতিক উন্নয়নে একটি কেন্দ্রীয় ইস্যুতে পরিণত হয়। এশিয়ায়, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার দেশসমূহ এই কৌশলের ব্যাপকতা ও গভীরতা উপলব্ধি করে তাদের আর্থ-সামাজিক উন্নয়নের জনগণের অংশগ্রহণের নীতিকে কার্যকরভাবে গ্রহণ করার জন্য পদক্ষেপ গ্রহণ করে। তৃতীয় বিশ্বের একটি দেশ হিসেবে বাংলাদেশও ধারাবাহিকতার অংশীদার।[২]

অংশগ্রহণ বলতে বুঝায় দলীয়ভাবে কার্যকলাপ সমাপনের কিছু পদ্ধতি বা প্রণালীতে লিপ্ত হওয়া। অংশগ্রহণ বুঝাতে বিভিন্ন মাত্রা ও উক্তি ব্যবহার করা হয়ে থাকে, যথা, সমস্যা সনাক্ত করার জন্য অংশগ্রহণ ও গ্রাম পর্যায়ে তথ্য ও খবরাখবর জানার জন্য গবেষণায় অংশগ্রহণ, প্রকল্পের সুবিধা-অসুবিধা চিহ্নিত করার দলীয় আলোচনায় অংশগ্রহণ, সম্পদ সঞ্চালন সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ, মুনাফা ভাগাভাগিতে অংশগ্রহণ, প্রকল্পের পরিধারনও মূল্যায়নের জন্য অংশগ্রহণ ইত্যাদি।[৩]

The UNRISD promotes the concept of people's participation as "the organised efforts to increase control over the resources and regulative institutions in given social situations on the part of groups and movements of those hitherto excluded from such control".[৪]

মূলত যে কোন উন্নয়ন কর্মকাণ্ডে সংশ্লিষ্ট জনগণ যখন সচেতনতা/ স্বতঃস্ফূর্ততা অথবা কারো দ্বারা অনুপ্রাণিত হয়ে দায়িত্ববোধ সহকারে জড়িত হয় তাকে অংশগ্রহণ বলা হয়। এ সম্পর্কে বিশ্ব ব্যাংকের ব্যাখ্যা হল অংশগ্রহণ বলতে সরকারি কর্মসূচিতে জনগণের অংশগ্রহণের পরিবর্তে জনগণের কমসূচিতে সরকারের অন্তর্ভুক্তি বুঝায়।

**উন্নয়ন প্রকল্প কি ?**

দারিদ্র্যের দিক থেকে বিশ্বের শীর্ষস্থানীয় ১৩টি দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম। প্রায় ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার আয়তন বিশিষ্ট দেশটির বর্তমান জনসংখ্যা ১২.৩২ কোটি এবং জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে ৮৩৪ জন।[৫] দেশের সংখ্যাগরিষ্ঠ লোক দরিদ্র, নিরক্ষর, অসংগঠিত এবং আয়ের উৎস ও ক্ষমতার সঙ্গে তাদের যোগাযোগ খুবই কম। বিগত ৩৫ বছরে পনেরো হাজার কোটি টাকা ব্যয় করার পরও জনসংখ্যা বৃদ্ধির গড় হার প্রায় ২ শতাংশ। মোট জনসংখ্যার ৭৬.৬১% গ্রামে ও ২৩.৩৯% শহরে বাস করে।[৬] পল্লী ও নগরে দরিদ্রাবস্থা বিরাজ করলেও চরম কেন্দ্রীকতা পল্লীতে সবচেয়ে বেশি। পল্লী এলাকায় ৫৩.১০ শতাংশ মানুষ যেখানে দারিদ্র্য সীমার নিচে বসবাস করে সেখানে শহরে দারিদ্র্য সীমার নিচে বসবাসকারীর সংখ্যা ৩৬.৬. শতাংশ।[৭] ২০০১ সালে এর মাথা-পিছু

বার্ষিক আয় ৩৯০ মার্কিন ডলার মাত্র (অর্থ মন্ত্রণালয়-২০০১), যেখানে সুইজারল্যান্ডের অধিবাসীদের মাথাপিছু বার্ষিক আয় ৩৪,৬২০ মার্কিন ডলার।[৮] দু'শ বছরের বৃটিশ ঔপনিবেশিক শাসন ও শোষণের ফলশ্রুতিতে এদেশের সনাতন সমাজ ও অর্থনীতি ভেঙ্গে সৃষ্টি হয় এক পশ্চাৎপদ, পরনির্ভর, শ্রেণীবিভক্ত সমাজ ও অর্থনীতি। ঔপনিবেশিক শাসন অবসানের পর পঞ্চাশ দশক থেকে এদেশে শুরু হয়েছে রাষ্ট্রীয় উদ্যোগে উন্নয়ন প্রচেষ্টা। স্বাভাবিকভাবে প্রশ্ন জাগে উন্নয়ন কি? গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ডঃ মুহাম্মদ ইউনুস এর মতে "উন্নয়ন হচ্ছে অর্ধেকাংশ মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন অর্থাৎ যিনি অন্যের তুলনায় যত বেশি নিচে, তিনি তত বেশি অগ্রাধিকার পাবেন।" উন্নয়নের সংজ্ঞা যেভাবেই প্রণীত হোক না কেন সাধারণভাবে উন্নয়ন হচ্ছে একটি চলমান প্রক্রিয়া, যে প্রক্রিয়ার মধ্যে দিয়ে সমাজের পশ্চাৎপদ জনগোষ্ঠীর জীবনে ইতিবাচক পরিবর্তন সূচিত হতে পারে। স্বভাবতই প্রশ্ন জাগে উন্নয়ন প্রকল্প কি? এক্ষেত্রে বলা যায়, আর্থ সামাজিক ইতিবাচক পরিবর্তনের লক্ষ্যে গৃহীত প্রকল্পই উন্নয়ন প্রকল্প। অন্যভাবে বলা যায়, ব্যাপক ভিত্তিক সামাজিক অগ্রগতির লক্ষ্যে দরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়নকে ত্বরান্বিত করার প্রচেষ্টায় গৃহীত পদক্ষেপই হলো উন্নয়ন প্রকল্প।

**সমাজ কর্ম কি এবং সমাজকর্মী কারা?**

সমাজকর্ম একটা পরিশীলিত বিজ্ঞান যা বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন উন্নত ও বিকাশমান দেশসমূহে উন্নয়ন প্রচেষ্টায় অনুশীলন হচ্ছে। সমাজকর্ম সামাজিক মানুষের স্বাভাবিক ও বাঞ্ছিত সামাজিক আচরণ ও ভূমিকা পালন এবং স্বস্তিকর ও সন্তোষজনক জীবনমান অর্জন ও নিশ্চিতকরণে সহায়তাকারী সমাজকল্যাণমূলক প্রচেষ্টা। আধুনিক যান্ত্রিক সভ্যতার যুগে বহুমুখী সামাজিক দায়িত্ব পালনরত এবং বহুমাত্রিক সামাজিক চাপের সম্মুখীন সমাজ সদস্যদের বিভিন্ন স্তরের সমস্যা লাঘবে সমাজকর্ম পেশাগতভাবে সাহায্য করে থাকে। সমাজকর্ম বৈজ্ঞানিক জ্ঞান, মানবহিতৈষী দর্শন এবং পেশাগত দক্ষতা ও নৈপুণ্যভিত্তিক এমন একটি সাহায্যকারী পেশা, যা কতগুলো বিশেষ পদ্ধতি প্রয়োগের মাধ্যমে ব্যক্তিগত, দলগত ও সমষ্টিগত সমস্যা সমাধানে মানুষকে সাহায্য করে।

সমাজকর্ম পেশায় প্রশিক্ষিত হয়ে কোন সংগঠনের আওতায় অথবা ব্যক্তিগতভাবে জনগণকে সেবাদানকারী ব্যক্তি/ব্যক্তিবর্গকে সমাজকর্মী বলা হয়ে থাকে। সমাজকর্মীরা সবসময়ই উন্নয়নের ধ্যানধারণায় বিশ্বাসী। সামগ্রিক দৃষ্টিকোণ থেকে সমাজকর্মীগণ আধুনিক উন্নয়নমুখী প্রক্রিয়ার মাধ্যমে সামগ্রিক জাতীয় উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে থাকে। প্রত্যেক দেশেই সমাজকর্মীরা নিজেদেরকে প্রাতিষ্ঠানিক সংস্কার সাধনকারী এবং পরিবর্তনকারী হিসেবে মনে করে। সামাজিক মানুষের জীবনমান উন্নয়ন, সমস্যা মোকাবেলায় সক্ষম ও আত্মপ্রত্যয়ী করে তোলা এবং সার্বিক কল্যাণ বিধানে সমাজকর্মীরা পেশাগতভাবে প্রতিশ্রুতিবদ্ধ। অন্যান্য পেশার পাশাপাশি সমষ্টি সমাজকর্ম, সমাযোজন ও কর্মসূচি রূপায়ণে তারা দক্ষতার স্বাক্ষর রাখেন ও পথপ্রদর্শক, পরিবর্তনকারী ও সংযোগবিধানকারী হিসেবে কাজ করেন। সমাজকর্মীরা তৃণমূল পর্যায়ে জনগণকে সংগঠিত করে সমষ্টি উন্নয়ন কার্যক্রমে তাদেরকে সংশ্লিষ্ট করে তাদের ভাগ্যোন্নয়নে প্রচেষ্টা চালিয়ে থাকেন।

## গতানুগতিক উন্নয়ন প্রক্রিয়া ও এর সীমাবদ্ধতা

বর্তমান যুগে অর্থনৈতিক উন্নয়নের জন্য এবং বিশেষ করে ব্যষ্টিক ও সামষ্টিক উন্নয়ন নীতির জন্য পরিকল্পনা প্রণয়ন রাষ্ট্রীয় কর্মধারার একটি প্রধান দিক হিসেবে বিবেচিত হচ্ছে। উন্নয়নশীল দেশসমূহ জাতীয় উন্নয়নের লক্ষ্যে অগ্রাধিকারভিত্তিতে সম্পদ বিনিয়োগের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করে থাকে। এ সব দেশের পরিকল্পনা পদ্ধতিতে প্রকল্প ভিত্তিক উন্নয়ন প্রচেষ্টা চালানো হয়। বাংলাদেশের মত উন্নয়নশীল দেশ যেখানে সম্পদ সীমিত এবং উন্নয়নের জন্য পরিকল্পিত অর্থনীতির পথ অনুসরণ করা হচ্ছে, সেখানে প্রকল্প হলো উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের একটি অন্যতম হাতিয়ার।[৯] একথা সত্য যে, একটি উন্নয়নশীল দেশে যদি অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে সাধারণ মানুষের মৌলিক চাহিদা পূরণ ও দারিদ্র বিমোচন করতে হয় তবে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়নের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। বাংলাদেশে সাধারণত মধ্যম মেয়াদী (পঞ্চবার্ষিক পরিকল্পনা) পরিকল্পনার আওতায় উন্নয়ন কর্মকাণ্ড পরিচালিত হয়ে থাকে। এই পরিকল্পনার মূল লক্ষ্য হচ্ছে দারিদ্র্য দূরীকরণ ও বৃহত্তর জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। এই লক্ষ্যে সরকার বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের উন্নয়ন প্রকল্প হাতে নিচ্ছেন এবং বাস্তবায়নের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন কিন্তু এ যাবৎ কোন সাড়া জাগানো (Remarkable) সাফল্য তেমন একটা পরিলক্ষিত হয় না। অনুসৃত উন্নয়ন প্রক্রিয়া কি এর জন্য দায়ী বিষয়টি ব্যাখ্যার অবকাশ রাখে বৈকি।[১০]

গতানুগতিক উন্নয়ন পরিকল্পনা বা প্রকল্পের সঙ্গে সাধারণ মানুষের সংযোগ খুবই সীমিত। তারা এগুলোকে নিজেদের ভাবতে পারে না। জনগোষ্ঠীর যে অংশের জন্য এবং যাদের নামে উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হচ্ছে তারা এর প্রণয়ন ও বাস্তবায়ন প্রক্রিয়ায় আদৌ সম্পৃক্ত নন।[১১] ফলে পরিকল্পনা প্রণয়নের মত বাস্তবায়নও থেকে যাচ্ছে সরকারি কাজ হিসেবে। জনগণ কেবল দূরে থেকে তা দেখে। অংশগ্রহণ তো দূরের কথা অনেক সময় প্রকল্পগুলোর ব্যাপারে সঠিক তথ্য জানতে না পেরে নানা বিভ্রান্তিতে ভোগে, যা তাদের আচরণকে অনেক ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের পথে প্রতিবন্ধক করে তোলে। একথা সত্যি যে, জনগণের অংশগ্রহণ ব্যতীত সামাজিক, রাজনৈতিক, এবং অর্থনৈতিক ক্ষেত্রে পরিবর্তন অর্থহীন।[১২] স্বাস্থ্য, পুষ্টি এবং জনসংখ্যা প্রকল্পের সংগে জড়িত সাতটি সংস্থার উপর একটি সমীক্ষা মূল্যায়নে বলা হয়েছে, "এ সংস্থাগুলো অংশগ্রহণ, পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়নে জনগণের ভূমিকা বিস্তৃত করবার ক্ষেত্রে খুব কমই দৃষ্টি দিয়েছে।"[১৩] এ পর্যন্ত আমাদের দেশে যে, প্রকল্পগুলো নেয়া হয়েছে টার্গেট গ্রুপ এর অংশগ্রহণের অভাবে তার বেশিরভাগই কার্যকর হতে পারে নাই।[১৪] পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতেও (১৯৯৭-২০০২) বিষয়টিকে স্বীকার করে নিয়ে বলা হয়েছে যে, "Successive five year plans of the country, therefore, had emphasized rural development with focus on the poor............but in the implementation of this objective, the success was rather limited mainly due to the existence of a number of special constraints, at the top of which was the lack of participation by the stake holders-the poor themselves".[12]

**সুবিধা ভোগীদের অংশগ্রহণের উন্নয়ন; চলমান কৌশলের ব্যর্থতা এবং সমাজকর্ম কৌশলের প্রায়োগিকতা**

সুতরাং দেখা যাচ্ছে যে, চলমান অনুসৃত উন্নয়ন প্রক্রিয়ার কোথাও না কোথাও ফাঁক রয়ে গেছে। ব্যাপক গণদারিদ্র্য, অশিক্ষা, অপুষ্টি, বেকারত্ব, ধনী-দরিদ্র্যের বৈষম্য রোধের কার্যকর পন্থা হিসেবে এ দেশে প্রয়োজন একটি ব্যাপক সামাজিক আন্দোলন, যার প্রেক্ষিতে একটি ইতিবাচক সামাজিক পরিবর্তন এর ধারা সূচিত করা সম্ভব। প্রকৃত পক্ষে এর জন্য প্রয়োজন সচেতন মানুষ, সচেতন সমাজ, পেশাদার শিক্ষায় শিক্ষিত, সমাজ পরিবর্তনে অঙ্গীকারবদ্ধ দরিদ্র, বঞ্চিত, শোষিত শ্রেণীর মুখপাত্র একদল আন্তরিক কর্মীর। এক-কেন্দ্রীক বিশ্ব ব্যবস্থায়, রাজার অর্থনীতির যাঁতাকলে পিষ্ট, বিশ্বায়নের বিরূপ প্রতিক্রিয়ায় আক্রান্ত জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন, মানবাধিকার সংরক্ষণ, সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্য রক্ষায় বদ্ধপরিকর প্রশিক্ষিত সমাজ কর্মীরাই পারে এ অবস্থা থেকে উত্তরণের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে। কানাডা, আমেরিকা, যুক্তরাজ্যসহ অন্যান্য উন্নত দেশে সমাজ কর্মীরা তাদের পেশাগত দায়িত্ব পালনের মাধ্যমে পেশার সামাজিক স্বীকৃতি এবং গ্রাহকদের গ্রহণযোগ্যতা অর্জনের মধ্য দিয়ে সমাজকর্মকে একটি মানবহিতৈষী আধুনিক পেশায় প্রতিষ্ঠিত করতে পেরেছেন কিন্তু বাংলাদেশে সমাজ কর্মকে একটি সংকীর্ণ দৃষ্টিভঙ্গীতে দেখার কারণে পেশাগত শিক্ষা এবং প্রশিক্ষণ নিয়েও সমাজকর্মীরা উপেক্ষিত। আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে এ পেশার মানুষরা যে অসামান্য অবদান রাখতে পারে এটা নীতি ও পরিকল্পনাবিদদের অনেকের নিকটই অজ্ঞাত।

কল্যাণকামী মানুষের ধর্মীয় প্রেরণা ও মানবিক আন্তরিকতা প্রসূত সাহায্য প্রচেষ্টাতেই উপ্ত হয়েছে আধুনিক সমাজকর্মের বীজ। কালের আবর্তে মানব ও সমাজ জীবনে এসেছে বিভিন্ন পরিবর্তন এবং ঐ সমস্ত পরিবর্তন প্রসূত বিভিন্ন অবস্থার প্রেক্ষিতে পর্যায়ক্রমিকভাবে পরিবর্তিত হয়েছে সমাজকর্মের দৃষ্টিভঙ্গী, দর্শন ও কলাকৌশল। কালের পরিক্রমায় পরিবর্তনের সূত্র ধরে সমাজকর্ম রূপান্তরিত হয়েছে সর্বজনীনভাবে স্বীকৃত একটি মানবহিতৈষী পেশায়। ব্যক্তি, দল ও সমষ্টিকে কার্যকর, অর্থপূর্ণ ও সমৃদ্ধশালী জীবন লাভে সাহায্য করার প্রয়াসে মানবধর্মী দর্শন, বৈজ্ঞানিক জ্ঞান ও পেশাভিত্তিক দক্ষতার ওপর নির্ভরশীল এ পেশা পৃথিবীর বিভিন্ন দেশে আজ সুপ্রতিষ্ঠিত।[১৬] জাতীয় প্রয়োজনের সাথে সংগতি রেখে বাংলাদেশসহ (তদ্রুপ) অন্যান্য উন্নয়নকামী দেশে সমাজকল্যাণে নতুন দৃষ্টিভঙ্গীর প্রসারের ফলে প্রতিকারমূলক সমাজকল্যাণ কর্মসূচির পাশাপাশি প্রতিরোধমূলক ও উন্নয়নমূলক সমাজকল্যাণ কর্মসূচি প্রচলনের মাধ্যমে গোটা সমাজকল্যাণ ক্ষেত্র ব্যাপক বিস্তৃতি লাভ করেছে। এ পর্যায়ে সমাজ ও সমস্যা সম্পর্কে বিশেষত দারিদ্র্য মোকাবেলা ও উন্নয়নে দরিদ্রের অংশগ্রহণ সম্পর্কে সর্বাধুনিক তাত্ত্বিক জ্ঞানের সমৃদ্ধি ঘটেছে সমাজকল্যাণ, সমাজকর্ম প্রশিক্ষণে। পাশাপাশি সমাজ কর্মকৌশলেও আধুনিক অভিজ্ঞতার আলোকে নতুন উপাদানের সংযোজন ঘটেছে।[১৭]

একটি ব্যাপক অংশগ্রহণমূলক সমাজকর্ম প্রক্রিয়ার জন্য আগ্রহ আজ নতুন কোন বিষয় নয় (Beresford & Croft, 1980) [১৮] সেবা পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে ব্যক্তি ও দলীয় অংশগ্রহণের ১৯৬৮ সালের শিবোম রিপোর্ট (Seebohm Report, 1968)[১৯] বিষয়টি

তুলে ধরা হয়েছে। প্রগতিশীল সমাজকর্মীরা সব সময়ই অংশগ্রহণের বিষয়টিতে উচ্চকিত থেকেছেন। Mayer I Timmes, 1970[20] তাঁদের The client Speaks নামক প্রকাশনায় "সাহায্য প্রার্থীদের ইচ্ছাই সর্ব প্রথম বিবেচ্য বিষয় হবে" বলে ব্যাপক প্রচারণা চালান। ১৯৮০ সালের সরকারি বিবৃতিতে যে, প্রতিশ্রুতি ছিল সেখানেও জন অংশগ্রহণ, ভোক্তার ইচ্ছা ও পছন্দ ইত্যাদি বিষয়গুলোর আইনগত স্বীকৃতি প্রদান করা হয়েছে জনগণের এখন সমাজকর্মের উপর সমালোচনা করা, মন্তব্য করা, ত্রুটি বিচ্যুতি ধরিয়ে দিয়ে সমন্বয়ে সহযোগিতা করার অধিকার রয়েছে। নিম্নে এ প্রেক্ষিতে সমাজকর্মের বিভিন্ন কৌশলের প্রায়োগিকতা আলোচনা করা হল।

**উদ্বুদ্ধকরণ**

সামাজিক উন্নয়নের জন্য উদ্বুদ্ধকরণ একটি অতি আবশ্যকীয় উপাদান। সামাজিক কুসংস্কার, কুশিক্ষা ও গোড়ামী দূর করে অশিক্ষিত, দুঃস্থ, গ্রামীণ জনগোষ্ঠীকে উন্নততর স্বপ্ন দেখানোর যে কাজটি তা সুষ্ঠুভাবে পালন করার দায়িত্ব বর্তায় সমাজকর্মীর ওপর। সমাজকর্মী কোন সিদ্ধান্ত ব্যক্তির ওপর চাপিয়ে দিতে চান না তাই তিনি IEM(Information, Education, Motivation) পদ্ধতিতে ব্যক্তির মানসিক অবস্থার পরিবর্তনের প্রয়াস চালান (সারণি-১) যেমন, সমাজকর্মী যদি বুঝাতে পারেন যে, কৃষিক্ষেত্রে গতানুগতিক চাষ পদ্ধতির ত্রুটিপূর্ণ দিক যেমন, অধিক সময়, শ্রম, লোকবল লাগা সত্ত্বেও উৎপাদন কম পক্ষান্তরে, আধুনিক চাষাবাদ পদ্ধতিতে এর তুলনায় তিন গুণ বেশি উৎপাদন সম্ভব এবং প্রদর্শনীর মাধ্যমে দেখাতে পারেন তবে কৃষকদের মধ্যে সচেতনতা আসবে এবং জনগণ পুরাতন সেকেলে চাষ পদ্ধতির পরিবর্তনে প্রয়াসী হবেন। এক্ষেত্রে সমাজকর্মী Social educator এর ভূমিকা পালন করে থাকেন। এভাবে সমাজকর্মী ব্যক্তির understanding level কে উন্নত করে তাঁর perception level কে উন্নত করেন। সমাজকর্মীর ভূমিকা হচ্ছে, গণতান্ত্রিক প্রক্রিয়ায় জনগণের মধ্যে যথার্থ চেতনা ও দৃষ্টিভঙ্গী গড়ে তুলে যোগ্যতা ও দক্ষতা অনুযায়ী তাদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে সমষ্টির সমস্যাবলীর সুষ্ঠু সমাধানের জন্য সমষ্টিকে প্রণোদিত করা। যাতে দুর্বল, অসহায় ও অবহেলিত জনগোষ্ঠী সংগঠনের মাধ্যমে তাদের মধ্যে আত্মসচেনতা সৃষ্টি এবং নিজের অবস্থার পরিবর্তনের জন্য উদ্যোগী হয় আর সাথে সাথে নিজের প্রচেষ্টাকে জোরদার করার জন্য প্রাপ্ত রাষ্ট্রীয় সুযোগ-সুবিধাকে সংগ্রহ ও তার সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে পারে।

**সারণি-১**
**সমষ্টি উদ্বুদ্ধকরণের প্রক্রিয়া**




সূত্র : D. Paul Choudhury (1980) A Hand Book of Social Work.

**সচেতনায়ন**

অদৃষ্টবাদীতার কারণে আমাদের গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠী অনেক সময় উন্নয়ন কর্মসূচিতে অংশগ্রহণ থেকে বিরত থাকে। তারা মনে করে তাদের অবস্থার পরিবর্তন অসম্ভব তাই এ ক্ষেত্রে সমাজকর্মীর প্রধান কাজটি হবে তাকে অদৃষ্টবাদের কবল থেকে উদ্ধার করা অর্থাৎ জীবন ও জগতের প্রতি তার বর্তমান দৃষ্টিভঙ্গী ও মূল্যবোধের স্থলে নতুন দৃষ্টিভঙ্গী, মূল্যবোধে তাকে উজ্জীবিত করা, তার মনে এ বিশ্বাসের জাগরণ ঘটানো যে, তার এ দুর্দশা পীড়িত অবস্থা ঈশ্বর সৃষ্ট নয়, সমাজ সৃষ্ট আর এ জন্যই তা বদলানোও সম্ভব। সুতরাং সবচেয়ে প্রথমেই প্রয়োজন হচ্ছে জনগণকে সার্বিকভাবে সচেতন করে তোলা তাঁদের পারিপার্শ্বিকতা, তাঁদের চাহিদা, তারা প্রত্যেকে ব্যক্তিগতভাবে ও সম্মিলিতভাবে উন্নয়ন প্রক্রিয়ায় কিভাবে অংশগ্রহণ করবে, কারা জনগণকে ঠকাচ্ছে এবং উন্নয়ন কর্মকাণ্ডকে বাধাগ্রস্ত করছে, শোষণের প্রক্রিয়াগুলো কি রকম, কিভাবে শোষকদের মোকাবেলা করা যাবে, ইত্যাদি বিষয় সম্বন্ধে জনগণকে সচেতন করে তোলাই হচ্ছে প্রাথমিক কর্তব্য। নানা রকম বাস্তব প্রয়োজনের জন্যে দরিদ্র শ্রেণী ধনীদের ওপর নির্ভরশীল। চলমান সামাজিক কাঠামো এই নির্ভরতার জন্ম দিয়েছে সুতরাং মানসিক পরনির্ভরতার অবসানার্থে সচেতনতা সৃষ্টি অত্যন্ত প্রয়োজনীয়।

**টার্গেট গ্রুপ ভিত্তিক উন্নয়ন প্রকল্প**

কালের বিবর্তনের প্রেক্ষাপট চিন্তা করলে এটা পরিস্কার যে, উন্নয়ন কৌশলকে কার্যকর করতে এবং উন্নয়নের গতিকে ত্বরান্বিত করতে টার্গেট গ্রুপ বা লক্ষ্য জনগোষ্ঠীর সক্রিয়

অংশগ্রহণ অপরিহার্য। আর তাই, গ্রামীণ দারিদ্র্য মোচন কৌশলকে শাণিত করার জন্য সাম্প্রতিককালে উন্নয়কর্মী, উন্নয়ন তাত্ত্বিক, অর্থনীতিবিদ ও সমাজকর্মীরা অংশগ্রহণ (Participation) সচেতনায়ন, (Consciestization) ক্ষমতায়ন, (Empowerment) প্রভৃতি ধারণা ব্যবহার করে থাকে। এই কৌশলের আওতায় শুধুমাত্র গ্রামীণ দরিদ্রদেরকে যেমন, প্রান্তিক কৃষক, ভূমিহীন, ক্ষেতমজুর, গ্রামীণ কারিগর, দুঃস্থ মহিলা প্রভৃতি জনগোষ্ঠীকে টার্গেট গ্রুপ হিসেবে সংগঠিত করে দারিদ্র্য বিমোচন কার্যক্রম পরিচালনা করা হয়। গবেষণায় দেখা গেছে, গ্রামীণ দরিদ্ররা তাঁদের আর্থ-সামাজিক সমস্যাসমূহ সমাধানের জন্য এই কৌশলের মাধ্যমে সমবেত হচ্ছে এবং নিজেদের জীবনযাত্রার মানোন্নয়নে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করছে যার ফলশ্রুতিতে সমাজে তাদের ব্যাপক ক্ষমতায়নের দ্বার উন্মোচিত হয়েছে। (সারণি-২)

**সারণি-২**
**জন অংশগ্রহণ**




সূত্র : Bill LEE (1980) Pragmatics of social work, McGrew Hill Press, Canada.

সমাজকর্মীর প্রধান উদ্দেশ্য হল প্রত্যক্ষ তত্ত্বধানের মাধ্যমে ভূমিহীন পরিবার, শিক্ষা বহির্ভূত শিশু, স্বামী পরিত্যক্তা, নারী ও বেকার যুবকদের মত অবহেলিত গ্রামবাসীদের স্বনির্ভর করে তোলা এবং গ্রামীণ উন্নয়নে তাদের নিয়োজিত করা যা কিনা তাদেরকে আয়-উপার্জনমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণে উদ্বুদ্ধ করবে। ব্যক্তি মানুষের উন্নয়ন ও মুক্তি নির্ভর করে উন্নয়ন কর্মকাণ্ডে তার অংশগ্রহণের ওপর। ব্যক্তি মানুষকে উন্নয়ন কর্মকাণ্ডে কিভাবে নিয়োজিত করা সম্ভব এ দায়িত্ব বর্তায় সমাজকর্মীর ওপর। উদ্দেশ্য বিত্তহীন জনগোষ্ঠী যাতে স্বাবলম্বী হয়ে নিজেরা তাদের ভাগ্যনিয়ন্তা হতে পারে।

**টেকসই/দীর্ঘ মেয়াদী উন্নয়ন**

সমাজকর্মী সব সময়ই টেকসই উন্নয়নে বিশ্বাসী। যেহেতু জনগণের মাঝেই তার অবস্থান এবং জনগণের সাথেই তিনি কাজ করেন তাই এক্ষেত্রে প্রকল্পের সামাজিক গ্রহণযোগ্যতা (Social Acceptability) এবং স্থায়ীত্ব (Sustainability) বৃদ্ধি পায়। সমাজকর্মীর কাজ হল জনগণের কর্মক্ষমতা ও সৃষ্টিশীলতার ব্যাপ্তি ঘটিয়ে তাদের মাধ্যমে প্রকল্পকে বাস্তবায়িত করা। যাতে সমাজকর্মী প্রকল্প এলাকা হতে সরে গেলেও এলাকাবাসী / উপকারভোগীরা প্রকল্পের দেখাশোনা এবং পরিচালনার ভার নিতে পারে এবং চূড়ান্ত ফলশ্রুতিতে

বাইরের সংস্থার উপর জনসাধারণের নির্ভরশীলতা কমে যেতে থাকে। পরবর্তীতে তারাই স্বউদ্যোগী হয়ে প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নের কাজে হাত দিতে পারে। (সারণি-৩)

**সারণি-৩**
**অংশগ্রহণমূলক ব্যবস্থাপনা প্রক্রিয়া**

| |
|---|
| সমষ্টির জনগণের প্রয়োজন ও চাহিদা বিশ্লেষণ |
| সমষ্টির জনগণের মূল্যবোধ, মনোভাব সম্পর্কে অবগত হওয়া |
| জনগণকে অবহিত করণের লক্ষ্যে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক যোগাযোগ মাধ্যমের সহায়তা গ্রহণ সমর্থন নিয়ে সমাজকল্যাণমূলক প্রকল্প গ্রহণ এবং স্থানীয় ভাবে প্রাপ্ত সম্পদের সদ্ব্যবহারকরণ |
| জনগণের চাহিদা পূরণের লক্ষ্যে তাদের সমর্থন নিয়ে সমাজকল্যাণমূলক প্রকল্প গ্রহণ। |
| স্থানীয়ভাবে প্রাপ্ত দুস্প্রাপ্য সম্পদের (বাহির থেকে) সমাবেশ করণের মাধ্যমে জনগণের আগ্রহকে জাগরিত ও ধরে রাখা |
| জনগণের হাতে পুরো প্রকল্পের দায়িত্ব হস্তান্তর করণের লক্ষ্যে সীমিত সহায়তা (Aided Guidance) প্রত্যাহার |
| উদ্ভূত সমস্যা নিরসনে মাঝে মাঝে খোজ খবর নেয়া |
| সীমিত সহায়তা (Aided Guidance) অব্যাহত রেখে জনগণের হাতে প্রকল্পকে ছেড়ে দেয়া |
| সামষ্টিক ব্যবস্থাপনায় সমাজকল্যাণমূলক প্রকল্পের উদ্ভব |

সূত্র : S. N. Mishra (1975) Participative Management and Rural Development, Sage Publications, India.

ব্যক্তি, দল ও গোষ্ঠী স্বয়ম্ভরতার মাধ্যমে সমষ্টিতে পরিকল্পিত পরিবর্তন আনয়ন সমাজকর্মীর লক্ষ্য। পরনির্ভরশীলতা মানুষের সৃষ্টিশীলতাকে ধ্বংস করে। তাই সমাজকর্মী সমষ্টির জনগণের সৃজনশীলতার বিকাশে সর্বশক্তি প্রয়োগ করে থাকে।

**স্থানীয় নেতৃবৃন্দকে জড়িত করণ**

সমষ্টি উন্নয়নে স্থানীয় নেতৃবৃন্দের ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ। গ্রামাঞ্চলে সরকারী বা বেসরকারি উন্নয়নমূলক কাজকর্মে নেতৃত্বের একটা ভূমিকা রয়েছে। গ্রামের লোক-জনের যেকোন কর্মসূচিতে অংশগ্রহণের পূর্বে এসব নেতৃত্বের সম্মতির প্রয়োজন হয়। এসব নেতৃত্বের অবজ্ঞা করে গ্রাম-বাংলায় কোন কর্মসূচি চালু করা অধিকাংশ ক্ষেত্রেই সম্ভব হয় না। তাই কর্মীকে সমষ্টির নেতৃবৃন্দের সঙ্গে পরিচিত হতে হবে। শুধু যে সব নেতা বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছেন তাদেরকে খুঁজে বের করলেই হবে না, যাদের নেতৃত্ব প্রদান করার মত যোগ্যতা ও সুপ্ত প্রতিভা আছে তাদেরকে খুঁজে বের করে প্রয়োজনবোধে প্রশিক্ষণ প্রদান করে নেতৃত্ব প্রদানের সুযোগ সৃষ্টি করে দিতে হবে। (সারণি-৪) কোন কর্মসূচিতে নেতৃবৃন্দ সহযোহিগতা করার মানসিকতা নিয়ে এগিয়ে আসলে তাদের সমর্থকরাও সে কর্মসূচিতে অংশগ্রহণ করে। নেতৃবৃন্দের আন্তরিক অংশগ্রহণ প্রকল্পের অগ্রগতির সোপান হিসাবে কাজ করে। উদাহরণ স্বরূপ বলা যায় যে, আমাদের দেশে গ্রামাঞ্চলের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য, গ্রামের মাতব্বর, স্কুল শিক্ষক, ধর্মীয় নেতা বা মসজিদের ইমাম, সম্ভ্রান্ত বংশীয় বা বয়োজ্যেষ্ঠ ব্যক্তি, বিভিন্ন সমিতি বা সংগঠনের কর্তা ব্যক্তিগণ জনগণের দৈনন্দিন জীবনের সাথে ওতপ্রোত ভাবে জড়িত এবং তাদের উপর বেশ প্রভাব বিস্তার করতে পারে। সেজন্য সমাজকর্মীরা এই ধরনের নেতাদের সনাক্ত করে তাদের মধ্যে আগ্রহের সৃষ্টি করে এবং প্রয়োজন বোধে তাদের প্রশিক্ষণ দিয়ে তাদের সহযোগিতা ও সমর্থনের সুযোগ গ্রহণ করে থাকেন।[২১]

**মূল্যবোধের দ্বন্দ্ব নিরসন**

যে কোন কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট সমাজের মূল্যবোধ একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়ায়। অনেক সময় সমষ্টি জনগণ তাদের মূল্যবোধের সাথে কর্মসূচির লক্ষ্যের সমন্বয় ঘটাতে পারে না তাই এক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন করা খুব দুরূহ ব্যাপার হয়ে দাঁড়ায়। প্রত্যেক সমাজে যুগ যুগ ধরে যে মূল্যবোধ গড়ে উঠে বাস্তবতার ভিত্তিতে তা কোন না কোন দিক থেকে মূল্যবান এবং ঐতিহ্যগতভাবে তা সংশ্লিষ্ট সমাজের সংস্কৃতির অংশ। সমাজকর্মের উৎপত্তি পাশ্চাত্যে হওয়ায় তাঁদের মূল্যবোধ, ধ্যানধারণা, আচার ঐতিহ্যের প্রভাব থাকাটাই এ পেশায় স্বাভাবিক। প্রাচ্য ও পাশ্চাত্যের সামাজিক আচার, ধর্মীয় ব্যবস্থা এবং কি পারিবারিক ব্যবস্থার মধ্যে রয়েছে বিস্তর ফারাক। ফলশ্রুতিতে সমাজকর্মের মূল্যবোধের সাথে আমাদের দেশীয় সামাজিক ও কৃষ্টিগত মূল্যবোধের দ্বন্দ্ব প্রায়শই পরিলক্ষিত হয়। প্রত্যেকটা দেশের মূল্যবোধই সে দেশের মানুষের নিকট অনুসরণীয়। তাই সমাজকর্মের অনেক মূল্যবোধই রয়েছে যা আমাদের সামাজিক প্রেক্ষাপটে সরাসরি প্রয়োগ করা কষ্টসাধ্য। এক্ষেত্রে বাস্তবতার প্রেক্ষিতে সমাজকর্মীকে অনেক সময়ই নমনীয় দৃষ্টিভঙ্গী গ্রহণ করে প্রকল্প বাস্তবায়নে অগ্রসর হতে হয়।

সমাজকর্মী যখন ব্যক্তির সমস্যায় নেতিবাচক মূল্যবোধের প্রভাব লক্ষ্য করবেন তখন তিনি সমস্যাগ্রস্ত ব্যক্তিকে এই নেতিবাচক মূল্যবোধের প্রভাব থেকে রক্ষা করার জন্য সচেষ্ট হবেন এবং এক্ষেত্রে সমাজকর্মী সমস্যাগ্রস্ত ব্যক্তিকে মূল্যবোধ সম্পর্কে ওয়াকেবহাল করতে পারেন অথবা ব্যক্তির নিজের মূল্যবোধ সম্পর্কে তার অন্তর্দৃষ্টি সৃষ্টি করতে পারে অথবা

সমাজ জীবনে তার অনুসৃত মূল্যবোধের ফলাফল কি হতে পারে সে সম্পর্কেও ওয়াকেবহাল করতে পারেন। এক্ষেত্রে একদিকে যেমন সমস্যাগ্রস্ত ব্যক্তিকে তার নিজের মূল্যবোধ অনুসারে কাজ করার সুযোগ করে দিতে হবে অন্য দিকে তার মূল্যবোধের মধ্যে যে কিছু অসংলগ্নতা রয়েছে সে সম্পর্কে বাস্তব জ্ঞান প্রদান করত তাকে সচেতন করে তা পরিহারে উদ্বুদ্ধ করতে হবে। এ প্রক্রিয়া অবলম্বন করত সমাজের কাঙ্ক্ষিত মূল্যবোধের সঙ্গে ব্যক্তির মূল্যবোধের সামঞ্জস্য বিধানের মাধ্যমে সমস্যা সমাধানের প্রচেষ্টা চালাতে হবে। অবশ্য এক্ষেত্রে সমাজকর্মীকে মূল্যবোধের এক জটিল প্রক্রিয়ার মধ্য দিয়ে কর্ম সম্পাদন করতে হয়। যেমন, সমাজে প্রচলিত মূল্যবোধ, সমস্যাগ্রস্ত ব্যক্তির মূল্যবোধ, সমাজকর্মীর নিজস্ব মূল্যবোধ এবং সর্বোপরি সমাজকর্মের পেশাগত মূল্যবোধ এক্ষেত্রে উল্লেখ্য।[২২] (সারণি-৫)

**সারণি-৫**




সূত্র : Armando Morals and Brandforf W. Sheafor (1980) – Social Work-A profession of Many Faces.

## দেশীয় ধ্যান ধারণায় পুষ্ট লাগসই প্রকল্প

ডঃ ইউনুসের মতে বাংলাদেশ হলো হাজার হাজার অসমাপ্ত, পরিত্যক্ত এবং পরিকল্পিত প্রকল্পের কবর স্থান। এই ব্যর্থতার পিছনে যে, কারণটিকে তিনি দায়ী করেছেন সেটি হল পাশ্চাত্য থেকে আমদানী করা ধ্যান-ধারণাকে সরাসরি আমাদের দেশে বাস্তবায়নের প্রচেষ্টা। আমাদের জনগণের ঐতিহ্য, সংস্কৃতি, মূল্যবোধ, চিন্তাচেতনা, অগ্রাধিকার প্রক্রিয়াকে পাশ কাটিয়ে যাওয়ার ফলেই যে এমনটি ঘটেছে সেটা আর বলার অপেক্ষা রাখে না। আর জনসাধারণ যদি প্রকল্পের কর্মকাণ্ডকে সমর্থন করতে না পারে তাহলে তাদের অংশগ্রহণ নিশ্চিত করা অসম্ভব ব্যাপার হয়ে দাঁড়ায়। ফলে প্রকল্পের গোড়া থেকেই সাধারণ

মানুষের সাথে এগুলোর একটা দূরত্বের সৃষ্টি হয়। পরবর্তীতে এই বিচ্ছিন্নতাবোধ আরো তীব্র আকার ধারণ করে এবং অনেক ক্ষেত্রেই যা সহযোগিতার বদলে সাংঘর্ষিক সম্পর্কের রূপ ধারণ করে। সমাজ কর্মীরা সব সময়ই মানুষের আত্মনিয়ন্ত্রণাধিকারের নীতিতে ও সামাজিক বৈচিত্র্যের নীতিতে বিশ্বাসী।[২৩] তাই প্রকল্প এলাকার কৃষ্টি, সংস্কৃতি, মূল্যবোধের সাথে সাযুজ্যপূর্ণ নয় এমন প্রকল্প গ্রহণ তাদের পক্ষে কোন মতেই সম্ভব নয়।

**অগ্রাধিকার নির্ধারণ**

সমষ্টির লোকের অনেক প্রকারের প্রয়োজন থাকতে পারে। বিভিন্ন সমষ্টিতে বিভিন্ন প্রকারের প্রয়োজন ও সমস্যা থাকে। সকল প্রয়োজন এক সঙ্গে মেটানো বা সকল সমস্যা একসঙ্গে সমাধান করা সম্ভব নয়। সুতরাং কোন কোন কর্মসূচি সর্বাগ্রে বাস্তবায়ন করা প্রয়োজন তা নির্ধারণ করতে হবে। ভারতীয় সমাজকর্মী মিশরা বিষয়টিকে নিম্নোক্তভাবে ব্যাখ্যা করেছেন।[২৪] The identification of the priority needs of the community may be treated as second pre-requisite and the social welfare workers in the area must design the social welfare programmes so as to meet the identified and realistc needs of the community. At the stage of identification of community needs it is desirable that the opinion leaders both formal and informal area involved in such exercise. বিষয়টিকে আরও পরিস্কারভাবে বললে বলা যায় যে, মনে করা যাক একজন সমষ্টি উন্নয়ন কর্মীর নিকট যে পরিমাণ সম্পদ রয়েছে তা দিয়ে নিম্নের যে কোন একটি প্রকল্প বাস্তবায়ন সম্ভব যথা :[২৫]

১। একটি হাসপাতাল নির্মাণ
২। একটি বন্যা নিয়ন্ত্রণ ও সেচ সুবিধার জন্য উপকূলে বাধ নির্মাণ কিংবা
৩। একটি গুরুত্বপূর্ণ নদীর ওপর পুল নির্মাণ।

উপর্যুক্ত তিনটি প্রকল্প থেকে যে কোন একটি প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচন করতে হবে।

এমতাবস্থায়, সমাজকর্মীকে অত্যন্ত ভেবে চিন্তে সর্বাধিক জনসাধারণের উন্নয়নের দিক বিবেচনা করে সিদ্ধান্ত নিতে হবে।

**সমর্থন প্রদান**

এটা সত্য যে বাংলাদেশের মত দেশে যেখানে জনগণ নিরক্ষর, অসচেতন এবং অধিকার বঞ্চিত সেখানে বহু ব্যক্তিকে অংশগ্রহণ করানোর উদ্যোগ নেয়াটাই জটিল। কারণ আমাদের মত সমাজে এ ধরনের জন অংশগ্রহণের শক্তিশালী প্রচলন বা কৃষ্টিগত ধারণা নেই। তাই এক্ষেত্রে জনগণকে সমর্থন প্রদানের মাধ্যমে তাদেরকে অংশগ্রহণের উপযোগী করে তোলার বিষয়টি সবাগ্রে চলে আসে। Croft তাঁর A participatory approach to social work প্রবন্ধে সমর্থনের পক্ষে পাঁচটি প্রয়োজনীয় উপাদানের কথা উল্লেখ করেছেন [২৬] :

ক) ব্যক্তিগত উন্নয়ন : জনগণের প্রত্যাশা, দাবী, ব্যক্তিগত উদ্যম ও বিশ্বাসকে বাড়ানো;

খ) দক্ষতা উন্নয়ন : অংশগ্রহণের জন্য তাদের প্রয়োজনীয় দক্ষতা সৃষ্টি করা এবং নিজস্ব বিকল্প প্রক্রিয়ার উন্নয়ন করা;

গ) বাস্তব সমর্থন : তথ্য, শিশু যত্ন, আলোচনা কেন্দ্র, ওকালতি, যোগাযোগ ইত্যাদিতে অংশগ্রহণে সক্ষম করে তোলা:

ঘ) সম সুযোগের সমর্থন দান : অক্ষম, বোবা, অক্ষর-জ্ঞানহীনদের জন্য মৌলিক সমর্থন ছাড়াও সমসুযোগে সমর্থন দান;

ঙ) মিলেমিশে এবং দলীয় প্রক্রিয়ায় কাজ করার জন্য সমর্থন দান : প্রশাসনিক ব্যয়, কর্মীদের বেতন, প্রশিক্ষণ, উন্নয়ন খরচ ইত্যাদিতে সমর্থন দান।

**স্বার্থ সংশ্লিষ্ট/রাজনৈতিক/ব্যক্তিগত/সামাজিক দ্বন্দ্ব নিরসন**

বাংলাদেশের গ্রামীণ নেতৃত্ব এদেশের রাজনৈতিক নেতৃত্বেরই প্রতিচ্ছবি। এদেশের গ্রামীণ নেতাদের প্রায় সবাই জনসাধারণের কাছে শোষক ও দুর্নীতি পরায়ণ হিসেবে বিবেচিত হয়ে আসছে। আর একারণে বাংলাদেশের অধিকাংশ সামাজিক উন্নয়ন কর্মসূচি গ্রামভিত্তিক হওয়া সত্ত্বেও তা বাস্তবায়নে জনগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার মতো শক্তিশালী গ্রামীণ নেতৃত্ব আজও প্রতিষ্ঠিত হয়নি। এমন কি গ্রাম্য টাউট শ্রেণীর বাইরে অধিকার সচেতন, ন্যায় পরায়ণ, দায়িত্বজ্ঞান সম্পন্ন ও উদ্যমী নেতৃত্ব খুঁজে বের করাও মুশকিল হয়ে দাঁড়িয়েছে।[২৭] কিন্তু গ্রাম বাংলার সামগ্রিক উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য সৎ ও যোগ্য গ্রামীণ নেতৃত্বের প্রয়োজনীয়তা আজ অনস্বীকার্য।[২৮]

প্রত্যেক এলাকা বা সমষ্টিতে বিভিন্ন দল উপদল থাকে। সমষ্টি সংগঠন কর্মীকে সকল দলের সঙ্গে সহযোগিতা বজায় রেখে কাজ করতে হয়। কোন কর্মসূচি পরিচালনার জন্য যে কমিটি গঠন করা হয় সে কমিটির সদস্যদের মধ্যেও দলাদলি থাকতে পারে। একথা সত্যি যে, উদাসীনতা থেকে বিরোধিতা অনেক দিক দিয়ে ভালো। কোন এলাকার লোকেরা যদি কর্মসূচি বা প্রকল্পের কার্যাবলীর ব্যাপারে উদাসীন থাকে তাহলে ধরে নিতে হবে যে, তাঁরা এসব ব্যাপারে খোঁজ খবর রাখে না বা কোন প্রকার সাহায্য সহযোগিতা করে না বা তারা এক্ষেত্রে সচেতন নয়। আবার কোন এলাকায় যদি জনগণ কোন কোন ব্যাপারে বিরোধীতা করে তাহলে বুঝতে হবে যে, তারা প্রকল্পের কার্যাবলী সম্পর্কে খোঁজখবর রাখে। কাজেই তাদেরকেই বুঝিয়ে বলতে পারলে তারা কর্মসূচি পরিচালনার ব্যাপারে সাহায্য সহযোগিতা করতে পারে। তাই সমষ্টি সংগঠন কর্মী সমষ্টি সংগঠনের বিভিন্ন কলাকৌশল প্রয়োগ করে বিরোধী মনোভাবাপন্ন ব্যক্তিবর্গের সাহায্য ও সক্রিয় সহযোগিতার মাধ্যমে কর্মসূচিকে জোরদার করে তুলতে পারেন।[২৯]

গ্রামীণ এলাকায় রাজনৈতিক এবং গোষ্ঠীগত দলাদলি, শ্রেণীগত দ্বন্দ্ব, ক্ষমতার দ্বন্দ্ব ইত্যাদি উন্নয়ন কর্মসূচিতে এমনভাবে প্রভাব বিস্তার করে যে, এক্ষেত্রে সমষ্টি উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন দুরূহ হয়ে পরে। সমষ্টি সংগঠন কর্মীকে এব্যাপারে অনেক ক্ষেত্রে আপোষমূলক মনোভাব গ্রহণ করতে হয়। অনেক সময় বিভিন্ন কমিটির সদস্যবর্গের মধ্যে বিভিন্ন ব্যাপারে

তর্কবির্তক ও বাকবিতণ্ডা হয়ে থাকে। কজেই কর্মীকে দু-পক্ষের মধ্যে বোঝাপড়া করে উভয়ের নিকট গ্রহণযোগ্য সিদ্ধান্তে পৌঁছার প্রচেষ্টা চালাতে হয়। প্রকল্পের বিভিন্ন পর্যায়ে এ সমস্যার উদ্ভব হতে পারে। এসমস্ত সমস্যা যত ক্ষুদ্রই হোক তা কোন সময়ই অবহেলা করা উচিত নয়। কারণ এ ধরনের সমস্যা প্রাথমিক ভাবে ক্ষুদ্র মনে হলেও পরবর্তীতে কর্মসূচিকে ব্যাপকভাবে বাধাগ্রস্ত করে।

**সামাজিক সংগঠন/গণসংগঠন সৃষ্টি**

উন্নয়ন এবং জনতন্ত্রায়নের শর্ত অংশীদারিত্ব, অংশীদারিত্বের শর্ত সচেতনতা, সচেনতার শর্ত সংগঠন। ভূমিহীন, শ্রমজীবী, নির্যাতিত নারীর নেতৃত্বে গড়ে উঠা সংগঠনই জনসংগঠন। গণমানুষের অধিকার আদায়ের লক্ষ্যে তাদের নেতৃত্বে পরিচালিত সংগঠন। এদেশের দরিদ্র জনগোষ্ঠী ক্ষমতাহীন এবং উন্নয়ন পরিকল্পনা, সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা, উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ইত্যাদি ব্যাপারে তাদের কোন বক্তব্য নেই। তাই যত তাড়াতাড়ি সম্ভব নিজস্ব সংগঠনের মাধ্যমে তাদেরকে সংগঠিত করতে হবে, গতানুগতিক ক্ষমতা কাঠামোর প্রতিপক্ষ হিসেবে দাঁড়াতে হবে এবং নিজেদের হিস্যা আদায়ের সংগ্রামে অবতীর্ণ হতে হবে। এ ব্যাপারে সমাজকর্মীগণ সামাজিক কার্যক্রম কৌশলের মাধ্যমে জনমত সংগঠন, কার্যকর সংগঠন প্রতিষ্ঠার ব্যাপারে তৃণমূল পর্যায়ে ব্যাপক ভূমিকা পালন করতে পারে। এক্ষেত্রে তিনটি কৌশলের আশ্রয় নেয়া যেতে পারে:- [৩০]

ক) সংগঠিত জনগণকে চাপ সৃষ্টিকারী (Pressure group) দল হিসেবে সক্রিয় করা;
খ) রাজনৈতিক শক্তি হিসেবে জনগণকে সংগঠিত করা; এবং
গ) সরকার / রাজনৈতিক দলগুলোর সহযোগী হিসেবে কাজ করা।

**স্থানীয় পর্যায়ের পরিকল্পনা গ্রহণ**

পরিকল্পনাবিহিনি কর্মসূচি বাস্তবায়ন করে একদিকে যেমন সমষ্টির সার্বিক কল্যাণ সাধন সম্ভব নয় তেমনি সময় ও সম্পদের অপচয় রোধ করাও সম্ভব নয়। সুষ্ঠু পরিকল্পনা প্রণয়নের ওপর কর্মসূচির সফলতা যেমন অনেকাংশে নির্ভর করে তেমনি পরিকল্পনা প্রণয়নে জনগণের অংশগ্রহণের ওপরও কর্মসূচির সফল বাস্তবায়ন অনেকাংশে নির্ভরশীল। কেননা জনগণের সক্রিয় অংশগ্রহণ কর্মসূচির সফল বাস্তবায়নের পূর্বশর্ত। তাই সমষ্টি পরিকল্পনায় সমষ্টির জনগণ, বিভিন্ন দল ও প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দের সাহায্য ও সহযোগিতা নিশ্চিত করা আবশ্যক। সমষ্টি পরিকল্পনায় সমষ্টির সমস্যা, সম্পদ অন্তর্ভুক্ত থাকবে যাতে জনগণ সঠিক অর্থে আত্মনির্ভরশীলতা অর্জনের পন্থা খুঁজে পায়। সমষ্টির জনগণের অংশগ্রহণের অধিকার, দায়িত্ব এবং স্বার্থ সমষ্টি পরিকল্পনায় নির্ণীত থাকবে। সুতরাং সমষ্টি উন্নয়ন পরিকল্পনা একটি সুসংগঠিত উপায় যার মাধ্যমে সমষ্টির জনগণের অর্থবহ কল্যাণ নিশ্চিত হতে পারে এবং জনগণ তাদের সমস্যা নিজেরাই সমাধানে নিয়োজিত হতে পারে তার ধারাবাহিক পন্থা নির্দেশ করে।

বর্তমানে বাংলাদেশে যে, পরিকল্পনা পদ্ধতি অনুসরণ করা হচ্ছে তা মূলত উপর-নীচ প্রক্রিয়া এ ধরনের পরিকল্পনা হল কেন্দ্রীয়ভাবে পরামর্শমূলক পরিকল্পনা প্রক্রিয়া যা একদিকে যেমন স্থানীয় সমস্যা, সম্পদ ও চাহিদা নিরুপণে ব্যর্থ হয় তেমনি জনগণের বিশেষ করে ভূমিহীন, গরীব, মহিলা, এবং অবহেলিত জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত করতে পারে না। তাই সমাজকর্মী এক্ষেত্রে স্থানীয় পর্যায়ে পরিকল্পনা করে থাকেন। স্থানীয় পর্যায়ে পরিকল্পনা বলতে এমন পরিকল্পনাই বুঝায় যা স্থানীয় সাধারণ মানুষের ইচ্ছা অনুযায়ী প্রণয়ন করা হয়ে থাকে এবং জনগণের বিশেষ করে গরীব জনগোষ্ঠীর প্রত্যক্ষ অংশগহণ নিশ্চিতকরণের মাধ্যমে তা বাস্তাবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়।

**উপসংহার**

বর্তমান বিশ্বে উন্নয়নে সবচেয়ে বড় শ্লোগান হল (Participation and enrich) অর্থাৎ অংশগ্রহণ এবং সমৃদ্ধি। নিজস্ব সম্পদের সর্বোত্তম সদ্ব্যবহারের মাধ্যমে কর্মসূচিকে তার লক্ষ্যে পরিচালিত করার মানসে এবং জনগণকে স্বাবলম্বী করার দৃঢ় প্রত্যয়ে সমাজকর্মী জনসমষ্টির অংশগ্রহণকে সর্বাধিক গুরুত্ব দিয়ে থাকে। সমাজকর্মী বিশ্বাস করেন দয়াদাক্ষিণ্য কারো জীবনে উন্নতি আনতে পারে না। দান খয়রাত কেবল মানুষের উদ্যোগকেই নষ্ট করতে পারে। এটা মানুষের মর্যাদাবোধকে হরণ করে নেয়। সমাজকর্মীরা বিশ্বাস করে কোন একটি দেশের দারিদ্র্যের মূল কারণ সম্পদহীনতা নয় বরং জনগণের অধিকার ও দায়িত্ব সচেতনতা এবং দারিদ্র্য বিমোচনের উদ্যোগ ও প্রচেষ্টার অভাব। জনগণই যে কোন দেশের সর্বশ্রেষ্ঠ সম্পদ। মানুষই প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার করে উন্নয়ন ও সমৃদ্ধির গতিকে ত্বরান্বিত করতে পারে। জনসংখ্যা, বেকারত্ব, অপুষ্টি, অশিক্ষাসহ হাজারো সমস্যায় জর্জরিত আজকের বাংলাদেশ। সমাজকর্মীরা মানুষের ক্ষমতায়, সৃষ্টিশীলতায় বিশ্বাসী তাই আমাদের দৃঢ় বিশ্বাস দেশের সাধারণ মানুষের শ্রম, উৎসাহ ও কর্মোদ্যোগকে কাজে লাগিয়ে দেশের উৎপাদন ও উৎপানশীলতা বৃদ্ধি করে এ দেশকে দারিদ্র্য মুক্ত এবং একটি সমৃদ্ধশালী সমাজ হিসেবে প্রতিষ্ঠিত করা বাস্তবতাবর্জিত, কাল্পনিক কোন ব্যাপার নয়।

**তথ্যপঞ্জি**


হক নাজমুল (১৯৯৫) রাষ্ট্র ও সিভিল সমাজ, উন্নয়ন ভাবনা, ইনষ্টিটিউট অব ডেভেলপমেন্ট এফেয়ার্স, জুন

Harry Blair, "Participatory Rural Development" in Hasnat Abdul Haye (ed.) Decentralisation, local Government institution and Resource Mobilisation, (Comilla, BARD. 1985)

Hamid M. A (1990) Rural Development in Bangladesh, Muhammad Brother, Dhaka.

B. Dillon and M. Stiefe, Making the concept Concrete: United Nations resarch Institute for Social Development paricipation Programme, "In reading Rural development Communicatios, Bulletin 21 (University of Reading), 1987.

হোসেন মনির, বেকারত্ব বেড়েই চলেছে, চাকুরী যেন সোনার হরিণ, দৈনিক যুগান্তর, ২৯ জুলাই, ২০০৩।

বাংলাদেশ পরিসংখ্যান পকেট বুক ২০০১, বাংলাদেশ ব্যুরো অব স্টাটিসটিকস, পরিকল্পনা মন্ত্রণালয়।

সফিকুজ্জমান, কার নির্দেশে চলছে বাংলাদেশের অর্থনীতি, দৈনিক আজকের কাগজ, সেপ্টেম্বর, ২০০৩।

মাহবুবুজ্জামান, আ, ক, ম (২০০১) বাংলাদেশের দারিদ্রের গতিপ্রকৃতি এবং দারিদ্র বিমোচনে গৃহতি সরকারী ও বেসরকারী কাযৃক্রম, লোক প্রশাসন সাময়িকী, লোক প্রশাসন প্রশিক্ষণ একাডেমী, সাভার, ঢাকা।

হোসেন মোঃ আবুল ও হোসেন মোকাম্মেল, (১৯৯৯) উন্নয়ন প্রসংঙ্গ বাংলাদেশ প্রেক্ষিত, গতি ধারা প্রকাশনী, বাংলা বাজার, ঢাকা।

ইসলাম মোঃ আজহারুল, (১৯৯১) স্থানীয় পর্যায়ে পরিকল্পনা ও মৌলিক চাহিদা পূরণ, উন্নয়ন বিতর্ক, ১০ম বর্ষ, তৃতীয় স্যখ্যা।

আলম এম, খোরশেদ (১৯৯৭) বাংলাদেশে উন্নয়ন পরিকল্পনা ঃ প্রাতিষ্ঠানিক কাঠামো, প্রক্রিয়া, পদ্ধতি এবং উন্নয়ন, উন্নযন বিতর্ক, দ্বিতীয় সংখ্যা, জুন।

Josep Lapa Lam bara, "An Over view of Bureaucracy and Political Development in Josep Lapa Lam bara (ed). Bureaucracy and Political Development (1965). Princeton University Press.

আনু মুহাম্মদ (১৯৮৮) বাংলাদেশে উন্নয়ন সংকট এবং এনজিও মডেল, প্রচিন্তা প্রকাশনী, ঢাকা।

Maksudur Rahman, (1991) Rural Development in Bangladesh: Issues and Problem (An Unpublished Research work) Rajshahi University.

Fidfth Five Year Plan (1997-2002) Bangladesh Planning Comission Ministry of finance, June 1997.

তাহের এম, এ, (১৯৯২) বাংলাদেশে সমাজকর্মের উৎপত্তি বিকাশ, স্মরনিকা, সমাজকল্যাণ ও গবেষণা ইনষ্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যলয়।

মিয়া আহমাদুল্লাহ, (১৯৯২) সমাজকল্যাণে নতুন দৃষ্টিভঙ্গী সম্প্রসারিত স্মরনিকা, সমজাকল্যাণ ও গবেষণা ইনষ্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যলয়।

Beresford. P and Croft, S. Community Control of Social Services Development, London: Battersea Community Action.

Seebohm Committee (1968) Report of the Committee on Local Authority and Allied Social Services, Cmnd 3703, London; HMSO.

Mayer, J. E. and Timms, N. (1970) "The Client Speaks", London Routledge & Kegan Paul.

রহমান মোঃ হাবিবুর (১৯৮০) সমষ্টি উন্নয়ন ও সমষ্টি সংগঠন, বাংলা একাডেমী, ঢাকা।

মোমেন মোঃ আব্দুল, (১৯৮৯) পরিবার পরিকল্পনায় জনসমষ্টির অংশগ্রহণ বৃদ্ধিতে সমাজকর্মের কৌশল প্রয়োগ ঃ বাংলাদেশে জনসংখ্যা সমস্যা ও পরিবার পরিকল্পনা ঃ সমাজ উন্নয়ন সমাজকর্মের পরিপ্রেক্ষিত। সমাজকল্যাণ ও গবেষণা ইনষ্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যলয়।

আদনান স্বপন, (১৯৯৪) জনগণের অংশগ্রহণ, ফ্যাপ প্রসঙ্গে এনজিওদের ভূমিকা একটি স্বতন্ত্র মূল্যায়ন, অক্সফাম, ঢাকা।

Mishra, (1975) Participative Management and Rural Development, Sage Publications, India.

আলম খুরশীদ, (১৯৮১) উন্নয়ন মূলক সমাজ বিজ্ঞান, মির্নাভা প্রেস, ঢাকা।

Suzy Croft & Peter Beresford "A participatory Approach to Social Work" in Practising Social Works Edited by Christofer Henvey and Terri Filipot, (1970) State University of New York Press

আকবর মোহাম্মদ আলী, (১৯৮৪) বাংলাদেশের দারিদ্র্য ও দারিদ্র্য মোচনের প্রচেষ্টা, সমাজকর্ম সাময়িকী, সমাজকর্ম সমিতি, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

উদ্দিন মোঃ জালাল ও করিম রবিউল কে, এম, (২০০০) বাংলাদেশের গ্রামীণ নেতৃত্ব ও সমাজকর্মীর ভূমিকা, সামাজিক বিজ্ঞান জার্নাল, ৬ষ্ঠ সংখ্যা, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

রহমান, হাবিবুর (১৯৮০), প্রাগুক্ত।

ইসলাম মোঃ আজহারুর, (১৯৯১) স্থনীয় পর্যায়ে পরিকল্পনা ও মৌলিক চাহিদা পূরণ, উন্নয়ন বিতর্ক, ১০ম বর্ষ, তৃতীয় সংখ্যা, সেপ্টেম্বর।

**লোক-প্রশাসন সাময়িকী** বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অন্যতম নিয়মিত প্রকাশনা, এটি কেন্দ্রের ত্রৈমাসিক জার্নাল। প্রতি ইংরেজি বছরের মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর মাসে এ সাময়িকী প্রকাশিত হয়। লোক-প্রশাসন সাময়িকীতে কেন্দ্রের অনুষদ সদস্য, বাংলাদেশ সিভিল সার্ভিসের সদস্যবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান অনুষদের শিক্ষকবৃন্দ, বিভিন্ন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ কর্তৃক বাংলা বা ইংরেজি ভাষায় লিখিত সমাজ বিজ্ঞান বিষয়ক মৌলিক ও গবেষণাধর্মী প্রবন্ধ প্রকাশিত হয়। তবে লোক-প্রশাসন, উন্নয়ন অর্থনীতি, ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ বিষয়ক প্রবন্ধ অধিক গুরুত্ব সহকারে বিবেচিত হয়।

- প্রবন্ধটি মৌলিক এবং অন্য কোন জার্নাল বা সাময়িকী, সংবাদপত্রে প্রকাশিত হয়নি বা প্রকাশের জন্য প্রেরিত হয়নি-এ মর্মে প্রবন্ধ জমা দেয়া বা প্রেরণের সময় একটি লিখিত বিবৃতি প্রদান করতে হবে।
- লেখা মানসম্পন্ন সাদা কাগজে (রিপোর্ট সাইজ) পর্যাপ্ত মার্জিন রেখে এক পৃষ্ঠায় ১২ ফন্টে ডাবল স্পেসে কম্পিউটারে মুদ্রিত হতে হবে। মূল পাণ্ডুলিপির সঙ্গে অবশ্যই কম্পিউটার ডিস্কেটে অথবা kazihasanimam@yahoo.com e-mail address-এ প্রবন্ধের সফ্ট কপি প্রেরণ করতে হবে। কম্পিউটারে কম্পোজের ক্ষেত্রে নিম্নোক্ত ফন্টের ব্যবহার অনুসরণ করতে হবে ঃ বাংলা কম্পোজ ঃ "বিজয় সুতন্নি" এবং ইংরেজি কম্পোজ ঃ "টাইমস নিউ রোমান" ফন্ট।
- প্রেরিতব্য কম্পিউটার ডিস্কেটের কভারে লেখকের নাম, লিখিত প্রবন্ধের নাম এবং সংশ্লিষ্ট ফাইলের নাম উল্লেখ থাকতে হবে।
- প্রবন্ধে বাংলা একাডেমী অনুমোদিত বানান পদ্ধতি অনুসরণ করতে হবে।
- মূল কপিসহ পাণ্ডুলিপির ২ (দুই) প্রস্ত (পরিচ্ছন্ন কপি) সম্পাদক বরাবরে পাঠাতে হবে। প্রবন্ধের উপর আলাদা কাগজে (কভার পেজে) প্রবন্ধের শিরোনামসহ লেখকের নাম, পদবী ও ঠিকানা উল্লেখ করতে হবে। প্রবন্ধের কোথাও লেখকের নাম উল্লেখ করা যাবে না।
- ভিন্ন কাগজে লেখকের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত প্রবন্ধের সাথে যুক্ত করতে হবে। প্রত্যেক লেখার সাথে অবশ্যই প্রবন্ধের সংক্ষিপ্তসার (Abstract) ইংরেজিতে অনধিক ১৫০ শব্দের মধ্যে প্রেরণ করতে হবে।
- প্রবন্ধের পাদটীকায় ও তথ্যপঞ্জিতে লেখক, গ্রন্থস্থান, প্রকাশক, বছর ও পৃষ্ঠা এবং সাময়িকীর ক্ষেত্রে লেখক, প্রবন্ধের নাম, সাময়িকীর নাম, খণ্ড ও ইস্যু সংখ্যার বছর ও পৃষ্ঠা ইত্যাদি প্রচলিত প্রমিত নিয়ম (Standard) অনুসারে উল্লেখ করতে হবে।
- লেখা প্রকাশিত হলে লেখক সাময়িকী'র ৫ কপি অনুলিপি বিনামূল্যে পাবেন।
- প্রাপ্ত প্রবন্ধটি প্রকাশের ক্ষেত্রে সম্পাদনা পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং অমনোনীত প্রবন্ধ ও ডিস্কেট সাধারণত লেখককে ফেরৎ দেয়া হয় না, তবে বিশেষ প্রয়োজনে ফেরৎ পেতে হলে এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার লেখককে বহন করতে হবে।
- মুদ্রিত প্রবন্ধের ক্ষেত্রে প্রতি মুদ্রিত পৃষ্ঠার (২৫০ থেকে ৩০০ শব্দের পৃষ্ঠা) জন্য লেখককে ২০০ (দুইশত) টাকা হারে সম্মানী প্রদান করা হবে।